# प्रधा-लोला ।

### - CARO

## দ্বিতীয় পরিচ্ছেদ।

বিচ্ছেদেহিন্দিন্ প্রভোরস্তালীলাস্ত্রান্থবর্ণনে। গৌরস্ত কৃষ্ণবিচ্ছেদ-প্রলাপাত্তম্বর্ণ্যতে॥ ১ জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যনন্দ। জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ॥১ শেষ যে রহিল প্রভুর দ্বাদশ বৎসর। কুষ্ণের বিরহ-ক্ষৃত্তি হয় নির্ন্তর ॥ ২ শ্রীরাধিকার চেফা থৈছে উদ্ধব-দর্শনে। এইমত দশা প্রভুর হয় রাত্রি-দিনে॥ ৩ নিরন্তর হয় প্রভুর বিরহ-উন্মাদ। ভ্রমময় চেফা সদা—প্রলাপময় বাদ॥ ৪

### শ্লোকের সংস্কৃত টীকা।

বিচ্ছেদ ইতি। প্রভো গৌরস্ত অমিন্ অস্তালীলা-স্তাবর্ণনে বিচ্ছেদে বিরহোনাদে রুষ্ণবিচ্ছেদে নন্দ্ নন্দ্নোপলক্ষবিরহে প্রলাপাদি অমুবর্ণ্যতে ময়া ইতি শেষঃ। ইতি শ্লোকমালা। ১।

### গোর-কুপা-তর ক্লিণী-টীকা।

শ্রীশ্রীগৌরাঙ্গস্থনরায় নমঃ। শেষ দাদশ বৎসরে ক্লংবিচ্ছেদজনিত প্রলাপাদিতেই মহাপ্রভুর দিনরাত্তি অতিবাহিত হইত। এই পরিচ্ছেদে এইরূপ কয়েকটা প্রলাপ বর্ণিত হইয়াছে। মধ্য-লীলায় অস্তালীলার প্রলাপ-বর্ণনের হেতু পরবর্তী ৭৯-৮০ পয়ারে ক্রষ্টব্য।

শো। ১। অষয়। অস্তলীলাস্ত্রামূর্ণনে (অস্তালীলার স্ত্রামূর্বর্ণনবিশিষ্ট) অমিন্ (এই) বিচ্ছেদে (প্রিচ্ছেদে) প্রভোঃ গোরস্থ (শ্রীগেরাঙ্গপ্র) রুষ্ণবিচ্ছেদ-প্রলাপাদি (শ্রীরৃষ্ণবির্ভ্জনিত প্রলাপাদি) অমুর্ণ্যতে (বর্ণিত হইতেছে)।

তামুবাদ। অস্তালীলার স্ত্রাম্বর্ণনবিশিষ্ট এই দিতীয় পরিচ্ছেদে শ্রীমহাপ্রভুর শ্রীরুফ্বিরহজনিত প্রলাপাদি ব্রণিত হইতেছে। ১।

এই শ্লোকে দ্বিতীয় পরিচেছদের আলোচ্য বিষয়ের উল্লেখ করা হইয়াছে।

- ২। পূর্ব্ব পরিচ্ছেদে সন্মাসের পরবর্তী প্রথম বার বৎসরের লীলার স্ত্রে উল্লিখিত হইয়াছে; অবশিষ্ট বার বৎসরে নিরবচ্ছিন্নভাবে শ্রীকৃষ্ণবিরহ-ক্ষূর্তিতেই প্রভ্র দিনরাত্রি অতিবাহিত হইত।
- ৩। শ্রীরাধিকার (চষ্টা ইত্যাদি—২।১।৭৮ প্যারের টীকা জ্বা এই ফ্রা হাইতে একবার উদ্ধানে ব্রজ পাঠাইয়াছিলেন; তাঁহাকে দেখিয়া ও তাঁহার মুখে শ্রীক্লেরে বার্তা শুনিয়া শ্রীরাধিকার র্ফবিরহ-সমুদ্র উদ্বেলিত হইয়া উঠিয়াছিল; তিনি দিব্যোমাদগ্রস্থ হইয়াছিলেন; (তাঁহার এই উন্মাদ-দশার বর্ণনা শ্রীমদ্ভাগবতে ১০।৪৭ অধ্যায়ে বর্ণিত আছে); শেষ দাদশ বৎসরও প্রভুর তত্ত্রপ উন্মাদ-অবস্থাতেই অতিবাহিত হইয়াছে। (চষ্টা—কায়িক ব্যাপার।
- 8। নিরন্তর—সর্বদা। বিরহ-উন্নাদ—ক্ষণবিরহজনিত উন্নততা; দিব্যোনাদ। জ্ঞানাম ৫৮৪।—
  ল্রান্তিময় আচরণ; নিজেকে অপর, অপরকে নিজ বলিয়া মনে করা; যাহা সাক্ষাতে নাই, তাহা আছে বলিয়া এবং
  যাহা আছে, তাহা সাক্ষাতে নাই বলিয়া মনে করা—ইত্যাদিই ল্রমময় চেষ্টা। প্রলাপ—ব্যর্থ বাক্য; অকারণ

রোমকূপে রক্তোদগম, দন্ত সব হালে।
কাণে অঙ্গ ক্ষাণ হয়, ক্ষণে অঙ্গ ফুলে॥ ৫
গন্তীরা-ভিতরে রাত্রো নাহি নিদ্রা-লব।
ভিত্যে মুখ-শির ঘষে,—ক্ষত হয় সব॥ ৬

তিনদারে কবাট—প্রভু যায়েন বাহিরে।
কভু সিংহদারে পড়ে—কভু সিন্ধুনীরে॥ ৭
চটক-পর্বতি দেখি গোবর্দ্ধনভ্রমে।
ধাঞা চলে আর্ত্তনাদে করিয়া ক্রন্দনে॥ ৮

### গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

কথা বলা। বাদ—বচন, কথা। শ্রীকৃষ্ণ-বিরহে মহাপ্রভুর চিন্ত এতদূর বিভ্রান্ত হইয়াছিল যে, তিনি এক করিতে যাইয়া আর করিয়া বসিতেন, সর্ক্রা অকারণ-বাক্য বলিয়া প্রলাপ করিতেন।

- ে। রোমকূপে রক্তোদ্গম—রোমকৃপ দিয়া রক্ত বাহির হইত। অষ্ঠ্যান্থিক-বিকারের একটী হইল স্থেদ বা ঘর্ম; ইহারই তীব্রতম অবস্থাতেই বোধ হয় স্থেদের সঙ্গে রক্ত নির্গত হইত। হালে—নড়ে। দন্তস্ব হালে—দাতগুলি সমস্ত নজ়িত (বিরহ-ক্ষুর্ত্তি-কালে)। ক্ষণে অঙ্গ ইত্যাদি—দেহ কখনও ছোট হইত, কখনও বা বড় হইত; কখনও রুশ হইত, কখনও বা স্থুল হইত। ছোট হইয়া একবার প্রভু কূর্মাকৃতি হইয়াছিলেন, হস্ত-পদাদি শরীরের মধ্যে প্রবেশ করিয়াছিল (অস্ত্যুলীলা, ১৭শ পরিছেদে)। আর একবার প্রভুর দেহ বড় হইয়া পাঁচ ছয় হাত লম্বা হইয়াছিল—এক এক হস্তপদ প্রায় তিন হাত দীর্ঘ হইয়াছিল, অস্থিত্রন্থিভলি শিথিল হইয়া এক বিঘত পরিমাণ লম্বা হইয়াছিল (অস্ত্যুলীলা, চতুর্দশ পরিছেদে)। এসমস্ত কুফপ্রেমের অভুত-বিকার। ক্ষীণ—রুশ। কুলে—
  ফুলিয়া উঠে; মোটা হয়। পরবর্ত্তী ১১।১২ প্যার দ্রেষ্ট্রয়।
- ৬। গান্তীরা—অভ্যন্তর গৃহ, বাড়ীর ভিতরের নির্জন গৃহকে গান্তীরা কহে। শ্রীমন্ মহাপ্রভু নীলাচলে শ্রীমং কাশীমিশ্রের বাড়ীতে যে গান্তীরায় বাস করিতেন, তাহা অগ্নপি বর্ত্তমান আছে। ঐ স্থানে প্রভুর পাছকা ও ছেঁড়া কাঁথা অগ্নপি স্মত্নে রক্ষিত হইতেছে। নিজালব—নিদ্রার লেশ। গান্তীরার মধ্যে মহাপ্রভু রাত্রে একটু মাত্রও যুমাইতেন না। ভিত্তা—দেওয়ালে; গান্তীরার ভিতরের দেওয়ালে। মহাপ্রভ্ শ্রীরুফ্বরিরহজনিত হুঃখভরে ঘরের দেওয়ালে মুখ ও মাথা ঘবিতেন; তাহাতে মুখে ও মাথায় ক্ষত হইয়া যাইত এবং ঐ ক্ষত স্থান হইতে রক্ত নির্গত হইত। পরবর্ত্তী পয়ারের চীকায় উদ্ধৃত প্রমাণহয়ে প্রাচীর অর্থে ভিত্তিশক ব্যবহৃত হইয়াছে।
- 9। তিনদারে কবাট—কাশীনিশ্রের বাড়ীর যে গজীরা-ঘরে মহাপ্রভু থাকিতেন, দেই গজীরা হইতে বাহির হইয়া তিনটা ফটক পার হইলে তার পরে বাহিরের রাস্তায় আসা যায়। এই তিন ফটকের কোন এক ফটকের দরজা বন্ধ থাকিলেও গজীরা হইতে আর বাহিরের রাস্তায় আসা যায় না। কিন্তু এই তিন ফটকের প্রত্যেক স্থলের কপাট বন্ধ থাকিলেও কোনও কোনও দিন মহাপ্রভু বাহির হইয়া আসিতেন। কিরূপে আসিতেন ? ছাঁদে উঠিবার জন্ম উপরে যে দরজা ছিল, গজীরা হইতে বাহির হইয়া সেই দরজা দিয়া ছাদের উপরে উঠিয়া উচ্চ প্রাচীর লঙ্খন করিয়া মহাপ্রভু লাফাইয়া বাহিরের রাস্তায় পড়িতেন। শ্রীপাদ বিশ্বনাথ চক্রবর্তী লিথিয়াছেন:—

উর্দ্ধারেণ উপরিচত্বরং গত্বা তত্রস্বাযুচ্চভিত্তিযুল্লভ্যা বহির্গত ইতার্থ:।

রঘুনাথ-দাসগোস্বামী ঠাহার "এটিচতছা-স্তবকল্পবৃক্ষে" এইরূপ লিথিয়াছেন:—অন্ত্র্দ্টা দারত্রন্ত্রমুক্ত ভিত্তিত্রয়মহো বিলজ্যোট্ডেঃ কালিঙ্গিকস্তরভিমধ্যে নিপতিতঃ। অর্থাৎ তিন দার উদ্ঘাটন না করিয়া তিনটা উচ্চ প্রাচীর উল্লেখন করিয়া কলিঙ্গদেশজাত গাভীদের মধ্যে নিপতিত হন। সিংহ্বার—প্রীপ্রীজগল্লাথ-দেবের মন্দিরের পূর্ব্ব দিকের সদর-দর্জাকে সিংহ্বার বলে। ভাবাবেশে মহাপ্রভু কোনও কোনও সম্য়ে এই স্থানে পড়িয়া থাকিতেন। সিক্বনীরে—সমুদ্রের জলে।

৮। চটক-পর্বত-পূরীর নিকটবর্তী একটা পর্বতের নাম। গোবর্দ্ধন-জ্রমে—ভ্রমবশতঃ চটকপর্বতকে গোবর্দ্ধন বলিয়া মনে করিয়া। ধাঞা চলে—দৌড়াইয়া যায়েন, শ্রীকৃষ্ণকে সেইস্থানে পাইবার আশায়।

উপবনোস্থান দেখি বুন্দাবনজ্ঞান।
তাহাঁ যাই নাচে গায়, ক্ষণে মূর্চ্ছা যান॥ ৯
কাহাঁ নাহি শুনি যে যে ভাবের বিকার।
সেই ভাব হয় প্রভুর শরীরে প্রচার॥ ১০
হস্ত-পদের সন্ধি যত বিতস্তিপ্রমাণে।

সন্ধি ছাড়ি ভিন্ন হয়ে—চর্ম্ম রহে স্থানে॥ ১১
হস্তপদ শির সব শরীর-ভিতরে।
প্রবিষ্ট হয়—কূর্ম্মরূপ দেখিয়ে প্রভুরে॥ ১২
এইমত অদ্ভুত ভাব শরীরে প্রকাশ।
মনেতে শূক্যতা—বাক্যে হাহা হুতাশ॥ ১৩

### গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

**আর্ত্তনাদে** ইত্যাদি—''বঁধু, তোমার বিরহ্মস্ত্রণা আর সহু করিতে পারি না, দয়া করিয়া একবার দর্শন দাও, দর্শন দিয়া আমার প্রাণ বাঁচাও"—ইত্যাদি রূপে আর্ত্তনাদ করিয়া ক্রন্দন করিতে করিতে।

শ্রীরাধার শ্রীকৃষ্ণবিরহের ভাবে আবিষ্ঠ হইয়া শ্রীমন্ মহাপ্রভূ সর্বাদাই শ্রীকৃষ্ণের বিষয়—তাঁহার লীলা ও লীলাস্থলীর বিষয়ই—চিস্তা করিতেন; অন্ত কোনও চিস্তা তাঁহার মনে স্থান পাইত না, অন্ত কোনও অনুসন্ধান তাঁহার থাকিত না; এসময়ে তিনি যাহা কিছু দেখিতেন বা শুনিতেন, তাহাও তাঁহার চিস্তার রঙ্গে রঞ্জিত হইয়াই তাঁহার নিকটে প্রতিভাত হইত; সমস্ত ঐকাস্থিকী চিস্তাতেই এইরূপ হইয়া থাকে। এরূপ অবস্থায় প্রভূ একদিন অভ্যাস বশতঃ—সমুদ্র স্থানে যাইতেছেন; মনে মনে তথন বোধ হয় গোবর্দ্ধন-পর্কতে শ্রীকৃষ্ণের গো-চরণের কথাই ভাবিতেছিলেন; অকস্মাৎ চটক-পর্বতের দিকে দৃষ্টি পতিত হওয়ায় তিনি মনে করিলেন—তিনি যেন গোবর্দ্ধন-পর্কতকেই দেখিতেছেন; অমনি মনে হইল—শ্রীকৃষ্ণ তো এই স্থানেই ক্রীড়া করিতেছেন; আর অমনি রাধাভাবাবিষ্ঠ প্রভূ শ্রীকৃষ্ণের সহিত মিলিত হওয়ার আশার জ্বতপদে চটক-পর্বতের দিকে দেখিছিতি লাগিলেন।

**৯। উপবনোতান**—উপবন ও উভান। যে বাগানে ফলের গাছই বেশী, তাহাকে বলে উভান; আর যে বাগানে ফুলের গাছই বেশী, তাহাকে বলে উপবন।

ভাবাবিষ্ট অবস্থায় উপবন ও উদ্ভান দেখিলে প্রভুর মনে হইত, তিনি যেন বৃন্ধাবন দেখিতেছেন; তাই তিনি সেস্থানে যাইয়া ভাবাবেশে মূর্চ্ছিত হইয়া পড়িতেন।

১০। কাঁহা—কোণাও। ভাবের বিকার—প্রেম-জনিত ভাবের বিকার। শরীরে প্রচার—শরীরে অভিব্যক্ত।

শাস্ত্রাদিতে বা লোকপরম্পরায় আগত লীলাদির বর্ণনায় যে সমস্ত প্রেমবিকারের কথা শুনা যায় না, ক্ষাবিরহের ভাবে আবিষ্ট প্রভুর দেহে সে সমস্ত বিকারও প্রকটিত হইত। পরবর্ত্তী হই পয়ারে এরপ অভ্ত হুইটী বিকারের উল্লেখ করা হইয়াছে।

- ১)। হস্তপদ-সন্ধি—হাত-পায়ের সন্ধি। সন্ধি—গ্রন্থি, অস্থি-জোড়ার স্থান। বিভস্তি—এক বিঘত। ভাবাবেশে সময় সময় মহাপ্রভুর শরীরের অবস্থা এরূপ হইত, যে, অস্থির জোড়াগুলিতে প্রায় এক বিঘত পরিমাণ ফাঁক হইয়া যাইত, ফাঁক যায়গায় চামড়া ব্যতীত আর কিছুই থাকিত না।
- ১২। কোন কোন সময়ে ভাবাবেশে মহাপ্রভুর হাত, পা ও মাথা শরীরের মধ্যে চুকিয়া যাইত; তথন তাঁহাকে দেখিলে যেন কুর্মের মত মনে হইত। কুর্মা—কচ্ছপ।

ভাষাবেশে প্রভুর অস্থি-গ্রন্থিলতা এবং কুর্মাকৃতি ধারণ সম্বন্ধে ৩।১৪।৬৩ এবং ৩।১৭।১৫ পয়ারের টীকা দ্রষ্টব্য।

১৩। শুব্যুতা—খালি খালি ভাব; "আমার বলিতে যেন কোথায়ও কিছু নাই"—এইরূপ ভাব। বাক্যে—মুখে। কোনও কোনও গ্রন্থে "বাহ্নে" পাঠান্তর দৃষ্ট হয়—অর্থ বাহিরে।

বিরহ-বিহ্বলতা যে প্রভুর দেহ, মন ও বাক্য—সমস্তের উপরেই ক্রিয়া করিয়াছে, তাহাই বলা হইল।

'কাহাঁ করেঁ।, কাহাঁ পাঙ ব্রজেন্দ্রনন্দন। কাহাঁ মোর প্রাণনাথ মুরলীবদন॥ ১৪ কাহারে কহিব, কেবা জানে মোর ছুখ। ব্রজেন্দ্রনন্দন-বিমু ফাটে মোর বুক॥' ১৫ এইমত বিলাপ করে— বিহবল অন্তর। রায়ের নাটক-শ্লোক পঢ়ে নিরন্তর॥ ১৬

তথাহি জগন্নাথবল্লভনাটকে ( ৩৷৯)— প্রেমচ্ছেদকজোহবগচ্ছতিহরিনারংনচ প্রেম বা স্থানাস্থানমবৈতিনাপিমদনোজানাতিলোত্র্বলাঃ অন্যো বেদ নচান্তত্বঃখমখিলং নো জীবনং বাশ্রবং দ্বিত্রাণ্যেব দিনানি যৌবনমিদং হাহা বিধে কাগতিঃ॥২

### শ্লোকের সংস্কৃত চীকা।

প্রেমছেদ ইতি। আয়ং হরিঃ নদনননঃ প্রেমছেদরজঃ বিরহজনিতাঃ পীড়াঃ নাবগছেতি ন জানাতি চ
পুনর্কা ইহ আশ্চর্য্যে। প্রেমা স্থানাস্থানং নাবৈতি উদ্ভয়াধমস্থানং ন জানাতি। মদনোহিপি কন্দর্পোহিপি নোহমান্
দ্বলাঃ রমণহীনাঃ ন জানাতি। অগ্রে জনঃ অন্তর্গুং অন্তেষাং জনানাং হংখং অথলং পীড়াসমূহং ন চ বেদ ন
জানাতি। বা ইতি প্রেমা। জীবনং ন আশ্রবং বিশ্বসনীয়ং ন ভবতি। ইদং যৌবনং দ্বিত্রীণি দিনানি ব্যাপ্য স্থাস্থাতি
ন তুবল্লকালং হাহেতি খেদে। হে বিধে হে বিধাতঃ মম কা গতিভিবিশ্বতি বদ ইত্যর্থঃ। ইতি শ্লোকমালা। ২।

### গৌর-কৃপা-তরঙ্গিণী-টীকা।

১৪। কাহাঁ করে। কি করিব। কাহাঁ পাঙ—কোপায় পাইব।

১৬। বিলাপ—তুঃথস্চক বাক্য। রায়ের নাটক—রায় রামাননের কৃত জগন্নাথবন্নভ-নাটক। নাটক-শ্লোক—জগন্নাথবন্নভ-নাটক হইতে স্বীয় ভাবের অন্তুক্ল শ্লোক।

নিয়ে জগন্নাথবল্লভ-নাটকের একটা শ্লোক উদ্ধৃত করিয়া, যে ভাব ব্যক্ত করিবার উদ্দেশ্তে প্রভূ ইহা পাঠ করিয়াছিলেন, সেই ভাবটী পরবর্তী ত্রিপদীসমূহে প্রভুর প্রলাপ-বাক্যে ব্যক্ত করা হইয়াছে।

ক্ষো। ২। অষয়। অয়ং (এই) হরিঃ (হরি—শ্রীকৃষ্ণ) প্রেমচ্ছেদক্জঃ (প্রেমবিচ্ছেদজাত রোগ) ন অবগচ্ছতি (অবগত নহেন)। চ প্রেম বা (এবং প্রেমও) স্থানাস্থানং (স্থানাস্থান)ন অবৈতি (জানেনা)। মদনোহিপি (মদনও)নঃ (আমাদিগকে) হুর্বলোঃ (হুর্বল বলিয়া)ন জানাতি (জানেনা)। চ অফঃ (এবং অফ্র ব্যক্তি) অক্তর্যুং (অক্সজনের হুঃখ) অধিলং (সমস্ত)ন বেদ (জানেনা)। বা জীবনং (জীবনও) ন আশ্রবং (বিশ্বসনীয় নহে)। ইদং (এই) যৌবনং (যৌবন) দ্বিত্রীণি (হুই তিন) এব দিনানি (দিনই) [ব্যাপ্য স্থাস্থাতি] (পাকিবে)। হা হা বিশ্বে (হে বিধাতঃ) কা গতিঃ (কি গতি হইবে)।

ভারুবাদ। এই প্রীকৃষ্ণ প্রেমবিছেদজাত রোগ অবগত নহেন; প্রেমও আবার স্থানাস্থান কিছুই জানে না। কন্দর্পও আমাদিগকে তুর্বল জানে না। অন্য লোকও অন্যলোকের তুঃথ সমস্ত বুরিতে পারে না। আমার জীবনকেও বিশ্বাস নাই (অর্থাৎ জীবন চঞ্চল, আমার কথার চিরদিন থাকিবে না)। এই যৌবনও তুই তিন দিনই (অল্ল সময়ই) থাকিবে। হে বিধাতঃ! এখন আমার কি গতি হইবে ?। ২।

শ্রীললোচনদাস্ঠাকুর উভ্লেঞ্জাকের এইরূপ অন্থবাদ করিয়াছেনঃ—"স্থিছে কি কহব সে স্ব হুংখ। আমার অন্তর, হয় জর জর, বিদরিয়া যায় বুক ॥ জ ॥ প্রেমের বেদন, না জানে কখন, নিদয় নিঠুর হরি। কুলিশ সমান, তাহার পরাণ, বধিতে অবলা নারী ॥ প্রেম হ্রাচার, না করে বিচার, স্থানাস্থান নাহি জানে। সে শঠ লম্পট, কুটল কপট, নিশিদিশি পড়ে মনে ॥ হাম বুলবতী, নবীনা যুবতী, কাহুর পীরিতি কাল। তাহাতে মদন, হইয়া দারণ, হৃদয়ে হানয়ে শাল ॥ আনের বেদন, নাহি জানে আন, শুনলো পরাণ স্থি। মোর মনোহুঃখ, তুমি নাহি দেখ, আনজনে কাঁছা লখি ॥ কি দোষ তোমার, পরাণ হামার, সেই মোর বশ নয়। কাছু-বিরহেতে বলিতে যাইতে, তথাপি প্রাণ না যায় ॥ নারীর খৌবন, দিন হুই তিন, খেন পদ্মপত্রের জল। বিধি মোরে বাম, না হেরিল শ্রাম, আমার করম-ফল ॥ স্থির সদন, করি বিলপন, স্জল-নয়ন ধনী। হেরিয়া লোচন, আশ্বান-বচন, কহে যুড়ি হুই পাণি॥"

অস্থার্থঃ। যথারাগঃ॥ উপজিল প্রেমাঙ্কুর, ভাঙ্গিল যে তুঃখপুর, কৃষ্ণ তাহা নাহি করে পান।

বাহিরে নাগরাজ, ভিতরে শঠের কাজ, পরনারী-বধে দাবধান॥ ১৭

### গৌরকুপা-তরঙ্গিণী-টীকা।

েপ্রমচ্ছেদরেজ ঃ—প্রেমের ছেন্জনিত রোগ-সমূহ; প্রেমের বন্ধন ছিন্ন হইলে যে বেদনা জ্বনো, তাহা। ম অবগছেজি— জ্বানেন না। প্রেমের বিছেন্জনিত যাতনা কিন্ধপ ছ্র্রিসহ, তাহা প্রীক্কঞ্জানেন না; দি জানিতেন, তাহা হইলে স্বীয় সৌন্দর্য্যদি দ্বারা আমার মন হরণ করিয়া, আমাকে তাঁহার বিনা মূল্যের দাসী করিয়া পরে আমাকে প্রত্যাখ্যানপূর্ব্বক এইরপ নির্দিষ্টলের আমাকে তাঁহার বিরহজনিত ছ্ংথের সমূদ্রে নিম্জ্জিত করিতে পারিতেন না। প্রেম বা ইত্যাদি—প্রেমও আবার স্থানাস্থান—উত্তম বা অথম স্থান—বিচার করে না; পারোপাত্র বিচার না করিয়াই প্রেম অবাধ গতিতে চলিতে থাকে, সকলকেই আলিঙ্গন করিতে থাকে; যদি পার্ত্রাপাত্র বিচারের ক্ষমতা তাহার থাকিত, তাহা হইলে এই নির্চুর প্রীক্তক্ষের সঙ্গোবনা আছে কিনা। তুর্ব্বলাঃ— তুর্ব্বলা; রমণহীনা; প্রীক্তক্ষহীনা। আমাদের রমণ প্রীকৃক্ষ যে আমাদের নিকটে নাই, মদনও তাহা জানেনা; যদি জানিত,—তাহা হইলে রমণহীন অবস্থায় আমাদিগকে তাহার পঞ্চণরে জক্জরিত করিত না। (পরবর্ত্ত্রী প্রার-সমূহে এই শ্লোকের বিশন-ব্যাখ্যা বিবৃত্ত হইয়াছে।) স্বীয় স্থী মদনিকার প্রতি প্রীরাধার উক্তি এই শ্লোক।

শীলীরায়রামানন্দকত জগরাপবল্লভ-নাটক-নামক গ্রন্থ হইতে জানা যায়—একসময়ে স্থিকৃদকে সঙ্গে লইয়া শীরাধা বৃদ্ধাবনে গিয়াছিলেন; শীকৃষ্ণ স্থীয় স্থাগণকে লইয়া বৃদ্ধাবনের অপর এক অংশে অবস্থান করিতেছিলেন। দৈবাৎ দ্র হইতে তাঁহারা পরপ্রকে দর্শন করিয়া পরস্পরের রূপাদিতে মুগ্র হইয়া যায়েন। উভয়েই উভয়ের সহিত মিলিত হইবার নিমিত ব্যাকুল হইয়া পড়িলেন। অবশেষে শীরাধা আর ধৈর্য্য ধারণ করিতে না পারিয়া শশীমুখী-নামী স্থীর যোগে শীকৃষ্ণের নিকটে একখানি প্রেমপত্রী পাঠাইলেন; তাহাতে তিনি শীকৃষ্ণের প্রেমপ্রার্থানা করিয়াছিলেন। শীরাধার সহিত মিলিত হওয়ার নিমিত্ত শীকৃষ্ণ পূর্ব্ব হইতেই ব্যাকুল; একণে শীরাধার সহস্তলিথিত প্রেমপত্রী পাঠ করিয়া তাঁহার ব্যাকুলতা অত্যন্ত বিদ্ধিত হইয়া থাকিলেও তিনি অতি কষ্টে স্থীয় মনোভাব গোপন করিয়া একটু উদাসীছা দেখাইলেন; শশীমুখীর যোগে পতিসেবাও কুলংশ্ব রক্ষার নিমিত্তই শীরাধাকে উপদেশ দিলেন। প্রত্যাথ্যাত হইয়া শশীমুখী শীরাধার নিকটে আসিয়া সমস্ত প্রকাশ করিলে হতাশচিত্তে শীরাধা শিপ্রমত্তেদকৃজ্ণং ইত্যাদি শ্লোকে স্থীয় মনোভাব ব্যক্ত করিয়াছিলেন।

শ্রীরাধার প্রেমের গাঢ়তা পরীক্ষার উদ্দেশ্যেই শ্রীকৃষ্ণ তাঁহার প্রতি বাহ্যিক উপেক্ষা দেখাইলেন। তাহার ফলে মিলনের জন্ম যে উৎকণ্ঠাতিশয্য জনিয়াছে, তাহাই পরবর্তী মিলনের স্থুখকে পরিপুষ্ট করিয়াছে।

শ্রীরাধার এই সময়ের ভাবে আবিষ্ট হইয়াই শ্রীমন্মহাপ্রভু "প্রেমচ্ছেদকজঃ"-শ্লোকটী উচ্চারণ করিয়াছিলেন এবং এই শ্লোক পাঠ-কালে প্রভুর মনে যে ভাব উদিত হইয়াছিল, তাহাই পরবর্তী ত্রিপদী-সমূহে ব্যক্ত হইয়াছে।

শ্রীক্বঞ্চকে দর্শন করিয়া সবেমাত্র শ্রীরাধার মনে শ্রীক্বঞ্জপ্রেম অঙ্কুরিত হইয়াছিল; শ্রীক্ষ্পের প্রত্যাখ্যানে এই সত্যোজাত প্রেমাঙ্কুর হঠাৎ বিনষ্ট হইয়া গেল; তাই তিনি খেদের সহিত বলিয়াছেন—"উপজিল প্রেমাঙ্কুর"-ইত্যাদি।

১৭। উপজিল—উৎপন্ন হইল, জনিল। প্রেমাস্কুর—প্রেমের অন্ধুর, প্রেমের প্রথম বিকাশ। উপজিল প্রেমাস্কুর—এইমাত্র উপজিল, এমন যে প্রেমাস্কুর; যে প্রেমের অন্ধুর এইমাত্র উৎপন্ন হইল।

ভাঙ্গিল—ভাঙ্গিলে, ভগ্ন হইলে, নষ্ট হইলে। তুঃখপুর—ছঃখরাশি। ভাঙ্গিল যে তুঃখপুর—ভগ্ন হইলে যে তুঃখগুর—জান করে পান—অন্তব করে না; অবগত নহে।

সথি হে। না বুঝিয়ে বিধির বিধান।
স্থে লাগি কৈল প্রীত, হৈল ছুঃখ বিপরীত,
এবে যায় না রহে পরাণ।।ধ্রু॥ ১৮
কুটিল প্রেমা অগেয়ান, নাহি জানে স্থানাস্থান,

ভাল-মন্দ নারে বিচারিতে। ক্রে-শঠের গুণভোরে, হাথে-গলে, বান্ধি মোরে রাখিয়াছে, নারি উকাশিতে॥ ১৯

### গোর-কৃপা-তর শ্লিণী টীকা।

উপজিল • পান—প্রেমের অঙ্কুর উৎপন্ন হওয়া মাত্রই যদি নষ্ট হইয়া যায়, তাহা হইলে যে অশেষ হুংখ জন্মে, কৃষ্ণ তাহা অন্তভ্ব করিতে পারেন না। (ইহা মূল শ্লোকের "প্রেমজেদ • হিরিনায়ং" এই অংশের অর্থ)।

নবজাত প্রেমভঙ্গের হুঃথ শ্রীকৃষ্ণ জানিতে পারেন না কেন, তাহা বলিতেছেন। শঠি—যিনি সন্মুখে প্রিয় কার্য্য করেন, অসাক্ষাতে অতিশয় অপ্রিয় কার্য্য করেন, এবং গোপনে অপরাধ করেন, তাহাকে শঠ বলে। প্রিয়ং বক্তি পুরোহন্তত্ত্ব বিপ্রিয়ং কুরুতে ভূশং নিগূঢ়মপরাধ্ঞ শঠোহয়ং কথিতো বুধৈঃ॥—উজ্জ্ল-নীলমণি। নায়ক।২৯॥

প্রনারী-বধে-প্রনারীর প্রাণনাশের ব্যাপারে; প্রনারীর প্রাণবধ করিতে। সাবধান-অতি নিপুণ।

বাহাকি ব্যবহারে শ্রীকৃষ্ণকে নাগর-রাজ বলিয়াই মনে হয়; কিন্তু ভিতরে তিনি শঠের শিরোমণি; পরনারী বধ করিতে তিনি বড়ই নিপুণ। তাঁহার মধুর বাক্য, মধুর ভঙ্গী, মধুর ব্যবহারাদি দারা তিনি পরনারীকে মুগ করিয়া তাহাদের চিত্ত হরণ করেন; কিন্তু পশ্চাতে নিষ্ঠুর ব্যবহার দারা তাহাদিগের প্রাণ বধ করিয়া থাকেন।

এইবাক্যের ধানি এই যে, যিনি প্রেমিক, প্রিয়ব্যক্তির সহিত তিনি শঠতা করিতে পারেন না; যিনি শঠ তিনি কখনও প্রাকৃত প্রেমিক হইতে পারেন না—প্রেমের মার্মাও অবগত হইতে পারেন না; শ্রীকৃষ্ণ শঠ বলিয়া প্রেমের মার্মা—প্রেমচ্ছেদের নির্মাম যাতনা—তিনি অবগত নহেন।

শীক্ষণের রূপনাধুর্য্যে মুগ্ধ হইয়া শীরাধা তাঁহার প্রতি আরপ্ত হইয়াছিলেন এবং মনে করিয়াছিলেন, শীক্ষণও তাঁহার প্রতি আরপ্ত হইয়াছেন; তাই তিনি তাঁহার (শীরাধার) চিতাকর্ষণের নিমিত্ত তাঁহার দৃষ্টিপথের মধ্যে স্বীয় রূপনাধুর্য্য ও মনোমুগ্ধকর হাব-ভাব প্রকাশ করিয়াছেন; তাই বড় আশা করিয়াই শীরাধা শীক্ষণের নিকটে প্রেমপ্রী পাঠাইয়াছিলেন। এক্ষণে প্রত্যাখ্যাত হইয়া তিনি মনে করিলেন—"শীক্ষণ্ণ নিশ্চয়ই শঠ, আমাকে মৃত্যুত্ন্য যাতনা দেওয়াই তাঁহার উদ্দেশ্য ছিল। নচেৎ তিনি প্রথমে আমার সাক্ষাতে তাঁহার রূপনাধুর্য্য প্রকটিত করিলেন কেন পূত্রিয়া আমাকে মুগ্ধ করিলেন কেন পূ

১৮। যদি বল "কৃষ্ণ যে শঠ, পরনারীবরে নিপুণ, তাহা যদি জান, তবে প্রেম করিলে কেন ?" ইহার উত্তরে শ্লোকোক্ত "হা হা বিধে কা গতিঃ" ইহার অর্থ করিয়া বলিতেছেনঃ—বিধাতা কাহার যে কি করেন, বুঝা যায় না। কেন না, আমি তো স্থথের জগুই প্রেম করিলাম; কিন্তু বিধির বিধানে, অদৃষ্ট-দোষে, পাইলাম স্থথের বিপরীত ত্বঃসহ ত্বঃখ। এই ত্বংথে এখন প্রাণ বাহির হইয়া যাইতেছে। বিধি যে কপালে এমন ত্বংথ লিখিয়াছেন তাহা তো পূর্বের বুঝিতে পারি নাই।

১৯। শঠ-চূড়ামণি ক্ষেরে সহিত প্রেম করার আর এক কারণ শ্লোকোন্ত "নচ প্রেম বা স্থানাস্থানমবৈতি" এই অংশের অর্থ করিয়া বলিতেছেন। কুটিল প্রেম— বক্রগতি প্রেম; প্রেমের গতিই কুটিল; বিবিধ বৈচিত্রী-বিধানের নিমিত্ত প্রেম সর্ব্বান সৈজো পথে না চলিয়া অনেক সময় বক্রপথে গমন করে; হঠাৎ গতির পরিবর্ত্তন করিয়া ফেলে। "অহেরিব গতিঃ প্রেম: স্বভাবকুটিলা ভবেৎ।—সর্পের গতির জ্ঞায় প্রেমের গতি স্বভাবতঃই কুটিল। উ. নী. শৃসার-৪২॥" ধ্বনি বোধ হয় এই:—যথন প্রেপনে প্রেমের কাঁদে পতিত হই, তখন তো সকলদিকেই স্থেপর দৃশ্রুই দেখিয়াছিলাম, প্রেম স্থেবর পথেই সোজাসোজি অবিচ্ছিন্ন গতিতে চলিতেছিল; মনে করিয়াছিলাম, চির্মিনই প্রথবে পথেই চলিতে থাকিবে; কিন্তু আমার অদৃষ্টবশতঃ প্রেম হঠাৎ তাহার গতি পরিবর্ত্তিত করিয়া ফেলিল; স্বথের সোজাপথ ছাড়িয়া কুটিলগতিতে জ্থের দিকে অগ্রসর হইল। সাংগ্রান—অজ্ঞান; ভালমন্দ বিচারের

যে মদন তমুহীন, পরক্রোহে পরবীণ, পাঁচ-বাণ সন্ধে অমুক্ষণ। অবলার শরীরে, বিন্ধি করে জরজরে, তুঃখ দেয়, না লয় জীবন॥ ২০

### গৌর-কুপা-তর क्रिगी-চীকা।

শক্তিহীন। স্থানাস্থান—পাত্রাপাত্র; ভালমন্দ। প্রেম অজ্ঞান; সে ভালমন্দ বিচার করিতে পারে না। ফলিতার্থ এই যে, প্রীকৃষ্ণপ্রেমে মৃগ্ন হইয়া আমি (প্রীরাধা) ভালমন্দ বিচার করিতে পারি নাই, পূর্ব্বাপর বিচারের কথা আমার মনেও উঠে নাই; প্রেম যে স্থ-তুঃখ মিপ্রিত, প্রেম যে সকল সময়ে স্থেখর সোজা পথে অগ্রসর হয়না এবং শ্রীকৃষণও যে শঠ, প্রেমে অন্ধ হইয়া তাহা আমি বুঝিতে পারি নাই; তাই প্রীকৃষণের প্রেমে আবদ্ধ হইয়াছি। ক্রুল—নিষ্ঠুর; গুণডোরে—গুণরূপ রজ্জ্ (দড়ি) দিয়া। নারি উকাশিতে—খুলিতে পারি না। যদি বল, আগে না হয় না জানিয়া শঠের সহিত প্রেম করিয়াছিলে; এখন সব বুঝিতে পারিয়াছ; এখন তাহাকে ত্যাগ করনা কেন ? ইহার উত্তরে বলিতেছেন:—এখন আর তাঁহাকে ত্যাগ করার ক্ষমতা আমার নাই। শ্রীকৃষ্ণ নিষ্ঠুর, শঠ, ইহা জানিয়াও এখন আর আমি তাঁহাকে ছাড়িতে পারিতেছি না; কারণ, তাঁহার গুণডোর আমার হাতে গলায় বাঁধা আছে, সেই গুণভোর আমি ছেদন করিতে বা খুলিতে পারি না, কিরপে তাঁহাকে ত্যাগ করিব ?

রজ্ব সাহায্যে কাহারও হাত এবং গলা যদি কোনও খুঁটীর সঙ্গে বাঁধা থাকে, তাহা হইলে সে বাজি যেমন সেই বন্ধন খুলিতেও পারে না, সেই খুঁটী হইতে দূরেও সরিয়া যাইতে পারে না; তদ্ধপ শ্রীকৃষ্ণের গুণরূপ রজ্বারা আমার (শ্রীরাধার) হাত ও গলা (সর্বাঙ্গ) শ্রীকৃষ্ণের সঙ্গে আবন্ধ রহিয়াছে; সেই বন্ধন ছিন্ন করা আমার পক্ষে অসম্ভব বলিয়া আমি তাঁহা হইতে দূরে যাইতে পারিতেছি না। ফলিতার্থ এই:—শ্রীকৃষ্ণের গুণে আমি এতই মুগ্ধ যে, তিনি আমাকে প্রত্যাখ্যান করিয়া অশেষ তৃঃখ দিতেছেন জানিয়াও তাঁহাকে ত্যাগ করিতে পারিতেছি না। তপ্ত-ইক্ষ্-চর্বাণের ছায়ে শ্রীকৃষ্ণপ্রেমে যন্ত্রণাও আছে, আবার আনন্দও আছে। অপরিমিত আনন্দ আছে বলিয়াই যন্ত্রণা থাকা সত্ত্বেও প্রেমচ্ছেদ হয় না। বস্তুতঃ প্রেমের স্বভাবই এই যে—ধ্বংসের কারণ বর্ত্তমান থাকা সত্ত্বেও ইহার ধ্বংস হয় না।

২০। শ্লোকোক্ত 'নাপি মদনো জানাতি নো তুর্বলাঃ':—এই অংশের অর্থ করিতেছেন। "একেত আমি প্রীক্ষেরে বিরহজনিত তুংথে জলিয়া পুড়িয়া মরিতেছি; আবার তাঁহার প্রেমরূপ রজ্জ্ দ্বারা হাতে-গলায় বাঁধা বলিয়া নড়িতে চড়িতেও পারিতেছি না; আমার এই অসহায় অবস্থা না জনিয়াই বােধ হয় আবার কামদেব প্রতি মুহুর্তেই পঞ্চবাণ নিক্ষেপ করিয়া আমার শরীরকে জর্জারিত করিতেছে; বাণ নিক্ষেপ করিয়া যদি প্রাণে নারিয়া ফেলিত, তবেও ভাল হইত; একেবারেই সকল তুংথের অবসান হইত; কিন্তু প্রাণেও মারিতেছে না, কেবল তুংথ দিতেছে নাত্র।" যদি বল, কামদেব যে তােমাকে এত কষ্ট দিতেছে, তুমি তার প্রতিশােধ লও না কেন ? তাহার উত্তরে বলিতেছেন:—"আমি কিন্নপে প্রতিশােধ নিব ? আমি সহজে অবলা, হুর্বলা; তাতে প্রেম-ভারে আমার হাতেগলায় বাঁধা; এই অবস্থা সত্ত্বেও প্রতিশােধ নেওরার জন্ম যথাসাায় চেষ্টা করিতে পারিতাম, যদি কামদেবের শরীর থাকিত; তবে সে যেমন আমার অঙ্গে পাঁচ পাঁচটি বাণ নিক্ষেপ করিতেছে, আমিও কোনও উপারে তাহার অক্ষে আঘাত করিতে পারিতাম; কিন্তু হায়, "মদন বে তমুহীন—কামদেবের যে শরীর নাই, সে অনক্ষ—আমি কিন্নপে তাহার প্রতিশােধ নিব ?"

"কামদেব তোমার প্রতি অত্যাচার করিতেছে কেন ?" উত্তরে বলিতেছেন, "মদন যে পরক্রোহে প্রবীণ"—
কামদেব পরকে পীড়া দিতে অতি নিপুণ—পরের প্রতি অত্যাচার করাই উাহার স্বভাব এবং পরের প্রতি অত্যাচার করার স্থনর কৌশলও তিনি জানেন।"

মদন—কামদেব। তত্মহীন—শ্রীরশৃষ্ঠ ; অনঙ্গ। কথিত আছে, মহাদেবের কোপানলে কামদেবের দেহ ভঙ্গীভূত হইয়াছিল ; তদবধি কামদেব অঙ্গহীন বা অনঙ্গ। পরজোহে—পরকে পীড়া দিতে। পরবীণ— অন্তের যে তুঃখ মনে, অন্ত তাহা নাহি জানে,
সত্য এই শাস্ত্রের বিচারে।
অন্তজন কাহাঁ লিখি, নাহি জানে প্রাণদখী
যাতে কহে ধৈর্য্য করিবারে॥ ২১
কৃষ্ণ কুপা-পারাবার, কভু করিবেন অঙ্গীকার,
সখি! তোর এ বার্থ বচন।

জীবের জীবন চঞ্চল, যেন পদ্মপত্রের জল
ততদিন জীবে কোন্ জন॥ ২২
শতবংসর-পর্য্যন্ত, জীবের জীবন- শত্ত,
এই বাক্য কহনা বিচারি।
নারীর যৌবন ধন, যারে কৃষ্ণ করে মন,
সে যৌবন দিন-পুই-চারি॥ ২৩

### গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

প্রবীণ; নিপূণ। পাঁচবাণ—সম্মোহন, উন্নাদন, শোষণ, তাপন ও স্তম্ভন এই পাঁচটী মদনের বাণ। সংক্ষানকরে, লক্ষ্য করে। অনুক্ষণ—সর্কাদা। না লয় জীবন—একেবারে প্রাণে মারে না, অর্দ্ধমূতের হায় করিয়া হুংখ মাত্র দেয়। অপ্রাক্বত নবীন-মদন শ্রীক্ষেরও পাঁচটী বাণ আছে—তাঁহার রূপ, রস, গন্ধ, স্পর্ণ, শন্ধ এই পাঁচটী বস্তুর অসমোর্দ্ধ-মাধুণ্য আহাদনের বলবতী বাসনারূপ পাঁচটী বাণ (ভূমিকায় "প্রণবের অর্থবিকাশ"-প্রবন্ধে ২৭০ পৃষ্ঠার প্রথমে তাৎপ্র্য জ্প্তির্য)।

২)। যদি বল, তুংথে অধীর হইও না, ধৈর্য্য ধর। ইহার উত্তরে পূর্বোক্ত শ্লোকের "অভাবেদ ন্ চাম্মত্বংথমথিলং" এই অংশের অর্থ করিয়া বলিতেছেন। **অভ্যের যে ইত্যাদি**—একের তুংথ অপরে বুঝানা। এই উক্তিশাস্ত্রসম্মত।

তাল জন কাঁহা লিখি—অপরের কথা আর কি বলিন, তুমি যে আমার প্রাণাপেকাও প্রিয়া স্থী, আমার ত্বংথের ত্বংথিনী, সর্বানা আমার নিকটে থাক, তুমিও আমার মনের ত্বংথ জানিতে পার না। কারণ, যদি জানিতে. তবে আমাকে থৈন্য ধরিবার জন্য উপদেশ দিতে না। যাতে কহে থৈন্য করিবারে— শ্রীরুঞ্ধবিরহে আমার মনে যে ত্বংসহ ত্বংথ জনিয়াছে, তাহা যদি জানিতে, তবে ধৈন্য ধারণ করিবার জন্য আমাকে উপদেশ দিতে না; কারণ, তাহা জানিলে বুঝিতে পারিতে যে, এত ত্বথে ধৈন্য ধারণ করা যায় না। যাতে—যেহেত্ব। কহে—প্রাণস্থী বলে। শ্রীরাধা এইলে স্বীয় স্থী মদনিকাকে লক্ষ্য করিয়া প্রাণস্থী শশক ব্যবহার করিয়াছেন; মদনিকার কথার উত্তরেই শ্রীরাধা প্রেমছেদ"-ইত্যাদি শ্লোকোক্ত বাক্য বলিয়াছিলেন।

- ২২। ক্রপা-পারাবার—দয়ার সাগর। কভু—কথনও, এক সময়ে। যদি বল, প্রীকৃষ্ণ দয়ার সাগর, একদিন না একদিন নিশ্চয়ই তিনি কুপা করিয়া তোমাকে অঙ্গীকার করিবেন। ইহার উত্তরে বলিতেছেন—সখী তোমার এই উক্তি ব্যর্থ। কারণ, জীবের জীবন চঞ্চল, ক্ষণস্থায়ী; কখন আমি মরিয়া যাই ঠিক নাই। ততদিন জীবে কোন্ জন—যতদিনে তিনি কুপা করিবেন, ততদিন পর্যন্ত আমি বাঁচিলে ত ?
- ২৩। যদি বল "মান্থবের আয়ু তো একশত বৎসর; ইহার মধ্যে কি ক্ষেত্রের রূপা হইবে না ? তুমি এত অস্থির হইতেছ কেন ?"—ইহার উত্তরে বলিতেছেন—"মান্থবের আয়ু একশত বৎসর হইতে পারে এবং আমিও হয়তো একশত বৎসর পর্যন্ত বাঁচিতে পারি; এবং এই একশত বৎসরের মধ্যে কোনও সময়ে ক্ষা হয়তো আমাকে ক্লপাও করিতে পারেন; কিন্তু জীবন একশত বৎসর পর্যন্ত থাকিলেও আমার যৌবন তো আর একশত বৎসর থাকিবে না ? যৌবন তো অতি অল্লসময় ব্যাপিয়া থাকে; ক্ষা যথন আমায় ক্লপা করিয়া অঙ্গীকার করিবেন, তথন যদি আমার যৌবন না থাকে, তবে আমি কি দিয়া তাঁহাকে সেবা করিব ? কিরুপে তাঁহাকে স্থী করিব ? নারীর যৌবনই যে শীক্ষের স্থের হেতু। যারে কৃষ্ণ করে মন—নারীর যে যৌবনের প্রতি শ্রীক্ষের মন ধাবিত হয়।

শ্রীরাধিকা কাস্তাভাবে শ্রীরুষ্ণের সেবা করিয়া জাঁহাকে স্থা করিতে ইচ্ছা করেন; কাস্তার যৌবনই কাস্তের স্থানায়ক; এইরূপ ভাবিয়াই শ্রীরাধা বলিয়াছেন—"নারীর যৌবন ধন" ইত্যাদি।

স্বরূপত: এরাধা এরুঞ্রে নিত্যকান্তা; তিনি শুদ্ধসত্ত্ব-বিগ্রহ; তিনি মানবী নহেন; নরলীলাসিদ্ধির উদ্দেশ্যে

অগ্নি থৈছে নিজধাম দেখাইয়া অভিনাম প্রত্যেরে আকর্ষিয়া মারে।
কৃষ্ণ প্রছে নিজগুণ দেখাইয়া হরে মন,
পাছে তৃঃখ-সমুদ্রেতে ডারে॥ ২৪

এতেক বিলাপ করি, বিষাদে শ্রীগোরহরি উঘাড়িয়া হুংখের কপাট। ভাবের তরঙ্গবলে, নানারূপে মন চলে, আর এক শ্লোক কৈল পাঠ॥ ২৫

তথাহি গোস্বামিপাদোক্তঃ শ্লোকঃ— শ্রীক্লফরপাদি-নিষেবণং বিনা ব্যর্থানি মেহহান্তথিলেক্রিয়াণ্যলম্। পাষাণ-শুদেন্ধন-ভারকাণ্যহো বিভর্মি বা তানি কথং হতত্রপঃ॥ ৩॥

### শ্লোকের সংস্কৃত টীকা।

রূপাদীতি। রূপশন্ধগন্ধরসম্পর্শান্তেযাং রূপাদীনাং নিষেবণং বিনা। অহানি দিনানি। অথিলেজিয়াণি চক্ষুংকর্ণনাসাজিহ্বাস্থ্যঃ। পাষাণশুক্ষেশ্বনে পাষাণ-শুক্ষকাষ্ঠে ভারয়তীতি তথা ততুল্যানীতি যাবং। বিভশ্মি ধারয়ামি তানি দিনানি কথং ক্ষিপামি ইন্দ্রিয়াণি বা কথং ধারয়ামীত্যর্থঃ। চক্রবর্তী। ৩।

### গৌর-কুপা-তরক্সিণী টীকা।

যোগমায়ার প্রভাবে জাঁহার স্বরূপজ্ঞান প্রচন্ধ হইয়া আছে; তিনি নিজের পরিচয়—নিজের স্বরূপতত্ত্ব—প্রকট-লীলায় জানেন না; নরভাবের আবেশে তিনি নিজেকে মানবী—জীব—বলিয়াই মনে করেন। তাই তিনি নিজের প্রতি লক্ষ্য করিয়া বলিয়াছেন—"শত বৎসর পর্যান্ত" ইত্যাদি।

২৪। নিজ ধাম—নিজের জ্যোতি। অভিরাম—মনোরম; স্থলর। আকর্ষিয়া—আকর্ষণ করিয়া; প্রলুক্ক করিয়া। মারে—মারিয়া ফেলে। অগ্নির জ্যোতিতে আরুষ্ট হইয়া শেষে আগুনে প্র্যা মরিয়া যায়। পাছে—প\*চাতে; শেষে। ডারে—নিক্ষেপ করে; ফেলিয়া দেয়।

খীয় রূপ-গুণ প্রকৃতি করিয়া প্রীকৃষ্ণ শ্রীরাধার চিন্তকে আরুষ্ট করিয়াছিলেন এবং পরে তাঁহাকে প্রত্যাখ্যান করিয়া (পূর্বেলিক্ত শ্লোকব্যাখ্যা প্রষ্ঠব্য) হৃংখের সমুদ্রে নিক্ষেপ করিয়াছেন; তাই শ্রীরাধা বলিতেছেন—"অগ্নিযেনন স্থীয় জ্যোতি দেখাইয়া পতঙ্গকে প্রন্থুক করিয়া নিকটে লইয়া যায়; কিন্তু শেষকালে অগ্নির তেজেই পত্সকে পুড়িয়া মরিতে হয়; তদ্রপ শ্রীকৃষ্ণও স্থীয় রূপ-গুণাদি দ্বারা আমার চিন্তকে প্রন্থুক করিয়া তাঁহার প্রতি আরুষ্ট করিলেন; কিন্তু পরে তিনিই আবার প্রত্যাখ্যান করিয়া আমাকে অপার ত্বংখ-সমুদ্রে নিক্ষেপ করিলেন।"

২৫। এক্ষণে শ্রীমন্মহাপ্রভুর শ্রীমুখোচ্চারিত আর একটা শ্লোকবর্ণনার উপক্রম করিতেছেন;

এতেক—পূর্ব্বোক্তরূপে। বিষাদ—ইষ্টবস্তর অপ্রাপ্তি, প্রারন্ধকার্য্যের অসিন্ধি, বিপত্তি এবং অপরাধাদি হইতে যে অমৃতাপ জন্মে, তাহার নাম বিষাদ। বিষাদে উপায় ও সহায়ের অমুসন্ধান, চিস্তা, রোদন, বিলাপ, শ্বাস, বৈবর্ণা ও মূথ-শোষাদি লক্ষণ প্রকাশ পায়। "ইষ্টানবাপ্তি-প্রারন্ধকার্য্যাসিন্ধি-বিপত্তিতঃ। অপরাধিতোহপি আদমুতাপো বিষয়তা ॥ অত্যোপায়সহায়ামুসন্ধিশ্চিস্তা চ রোদনম্। বিলাপাশ্বসবৈবর্ণ্যমুখশোষাদয়োহপি চ ॥ ভ, র, সি, ২।৪।৮॥" উঘাড়িয়া—খুলিয়া। ত্রুংখের কবাট— হুঃখভাঙারের কবাট।

শ্রীক্কঞ্চের অপ্রাপ্তিজনিত বিশাদে শ্রীরাধাভাবাবিষ্ট মহাপ্রভুর ছংখ-সমূদ্র উপলিয়া উঠিল; সেই ছংখ উদ্গীরণ করিতে করিতে তিনি "রুষ্ণ-রূপাদি" ইত্যাদি শ্লোক পাঠ করিতে লাগিলেন।

ভাবের তরঙ্গবলে ইত্যাদি—প্রেম সমুদ্র-স্বরূপ, ভাব-সমূহ সেই সমুদ্রের তরঙ্গ-স্বরূপ। সমুদ্রের তরঙ্গ দ্বারা যেমন তৃণথণ্ড প্রবাহিত হইয়া যায়, বিষাদাদি সঞ্চারি-ভাবের তরঙ্গেও প্রীমন্মহাপ্রভুর মন প্রেমসমুদ্রে তদ্ধপ প্রবাহিত হইয়া যাইতেছিল।

( সঞ্চারিভাবের বিবরণ ২।৮।১৩৫ পয়ারের টীকায় দ্রপ্টব্য )।

স্থো। ৩। অষয়। শ্রীকৃষ্ণরূপাদি-নিষেবণং (শ্রীকৃষ্ণের রূপাদির সেবন) বিনা (ব্যতীত) মে (আমার) অহানি (দিন সকল) অথিলেন্ডিয়াণি (এবং সমস্ত ইন্ডিয়) অলং ব্যর্থানি (সম্যক্রপে ব্যর্থ)। হতত্রপঃ (নির্লজ্জ)

### গ্রোর-কূপা-তরঙ্গিণী চীকা।

[ সন্ ] ( হইয়া-) পাষাণ শুক্ষেনভারকাণি ( পাষাণ ও শুক্ষেনের ভারতুল্য ) তানি ( তাহাদিগকে—সেই সমস্ত দিন এবং ইন্দ্রিয়বর্গকে ) অহো ( আহা ) কথং বা ( কিরুপেই বা ) ধারয়ামি ( ধারণ করি ) ?

তামুবাদ। শ্রীকৃষ্ণের রূপাদি সেবন ব্যতীত আমার (চক্ষু: আদি) সমস্ত ইন্তিয়ই নিতান্ত ব্যর্থ। অহো! পাষাণ ও শুক্ষকাষ্ঠের ভারতুল্য ইন্তিয়বর্গকেই বা আমি নির্লজ্ঞ হইয়া কিরুপে বহন করি, আর দিনগুলিকেই বা কিরুপে যাপন করি। ৩।

**্রীকৃষ্ণরূপাদিনিষেবণং** বিনা—শ্রীকৃষ্ণের রূপাদির সেবা ব্যতীত। রূপাদি বলিতে রূপ, রুস, গন্ধ, স্পর্শ ও শব্দকে বুঝায়। রূপ—গ্রীভক্ষের রূপ; চক্ষুংখারা সেবনীয়; শ্রীঅঙ্গের রূপ দর্শনেই—চক্ষুর সার্থকতা; ইহাই রূপের নিষেবণ। রস—অধরামৃত রস এবং কৃষ্ণকথারস ; ইহা জিহ্বাদ্বারা সেবনীয় ; শ্রীকুষ্ণের চর্বিত-তামূলাদি কিম্বা তাঁহার ভুক্তাবশেষাদির আস্বাদন এবং তাঁহার রূপ-গুণ-চরিতাদির বর্ণনেই জিহ্বার সার্থকতা; ইহাই রুসের নিষেবণ। গন্ধ শ্রীক্লফের অঙ্গাদির স্থগন্ধ; নাসিকাছারা সেবনীয়; শ্রীক্লফের অঙ্গগন্ধাদির আস্বাদন-গ্রহণেই নাসিকার সার্থকতা; ইহাই গন্ধের নিষেবণ। স্পর্শ—শ্রীক্ষের শ্রীঅঙ্গের স্পর্শ; ইহা ত্রগিন্দ্রিরের দারা সেবনীয়; শ্রীক্ষেরে অঙ্গপর্শেই ত্রগিন্ত্রিরের সার্থকতা; ইহাই স্পর্শের নিষেবণ। শন্দ—শ্রীক্তঞ্চের বংশীর শন্দ ও কণ্ঠস্বর; কর্ণহারা সেবনীয়; প্রীরুষ্ণের বংশীধ্বনি এবং কণ্ঠস্বরের প্রবণেই কর্ণের সার্থকতা; ইহাই শব্দের নিষেবণ। চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্-এই পঞ্চেন্ত্রের দারা যথাক্রমে শ্রীক্লফের রূপদর্শন, বংশীধ্বনি ও কণ্ঠস্বরশ্রবণ, অঙ্গগন্ধ-গ্রহণ, অধরামৃতাদির আস্বাদন ও শ্রীঅঙ্গের স্পর্শ লাভ করিতে না পারিলে ইন্দ্রিয়বর্গের কোনও সার্থকতাই থাকেনা, সমস্ত ইন্দ্রিয়ই বৃথা হইয়া দাঁড়ায়। তাহানি—দিনসকল; জীবন; আয়ুষ্কাল। শ্রীক্ষক্তরপাদির সেবা ব্যতীত জীবনই ব্যর্থ হইয়া যায়। অখিলেন্দ্রিয়াণি—সমস্ত ইন্দ্রিয়, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্লা ও ত্বক্—এই সমস্ত ইন্দ্রিয়ই। হতত্রপঃ—হত হইয়াছে ত্রপা বা লজা যাহার, তাহাকে হতত্রপ বলে; নির্লজ্ঞ। যে ব্যক্তি স্বীয় কর্ত্তব্য কার্য্য করিতে পারেনা, তাহার তজ্জ্য লজ্জিত হওয়াই উচিত; যিনি ইন্দ্রিয়বর্গ পাইয়াছেন, তিনি যদি ইন্দ্রিয়বর্গের সদ্ব্যবহারদারা তাহাদের সফলতা সম্পাদন করিতে না পারেন, তাহা হইলে তাঁহার লজ্জিত হওয়াই উচিত। মহাপ্রভু শ্রীক্লঞ্জাপাদির স্বোদারা ইন্দ্রিয়বর্ণের সফলতা সাধন করিতে পারিতেছেন না বলিয়া নিজেকে নির্লহ্জ বলিয়া অভিহিত করিতেছেন; "ইন্দ্রিয়বর্গকেও রহন করিয়া চলিতেছেন; আয়ুষ্কালও যাপন করিয়া যাইতেছেন—অথচ ইন্দ্রিয়বর্গের, কি আয়ুষ্কালের সদ্যবহার করিতে পারিতেছেন না—ইহা অপেক্ষা লজ্জার কথা আর কি আছে ?' ইহাই তাৎপর্য্য। অসার্থক ইন্দ্রিয়বর্গ ও অসার্থক আয়ুষ্কাল কিরূপ ? পা**ষাণ-শুষ্কেজনভারকাণি—**পাষাণের ও শুষ্ক ইন্ধনের ( কার্চ্ছের) ভারের তুল্য। যে পাষাণ বা যে শুষ্ক কাৰ্চ কোনও প্ৰয়োজন-সাধনেই ব্যবহৃত হয় না, তাহার ভার বহন করিতে যেমন কেবল অনর্থক পরিশ্রমই সার হয়; তজ্ঞপ যাহা শ্রীকৃষ্ণসম্বন্ধীয় কোনও কাজেই লাগে না, এইরূপ ইন্দ্রিয়বর্গকে বহন করা এবং এরূপ জীবন যাপন করাও কেবল বিজ্ञ্বনামাত্র; ইহাই তাৎপর্য্য।

পূর্ববর্তী "প্রেমচ্ছেদরুজঃ"—ইত্যাদি শ্লোকোক্তির সহিত "শ্রীকৃষ্ণরূপাদিনিষেবণং"—ইত্যাদি শ্লোকের বেশ একটী সামঞ্জ্য আছে। শ্রীরাধা শ্রীকৃষ্ণসঙ্গ চাহিয়াছিলেন—স্বীয় পঞ্চেন্দ্রিছারা শ্রীকৃষ্ণরূপাদির সেবা করিয়া কৃতার্থ হইতে; কিন্তু শ্রীকৃষ্ণকর্ত্ত্ব প্রত্যাধ্যাত হইয়া "প্রেমচ্ছেদরুজঃ"—ইত্যাদি শ্লোকে স্বীয় আক্ষেপ ব্যক্ত করিয়াছেন এবং শ্রীকৃষ্ণবেশার সৌভাগ্য লাভ করিতে না পারিয়া তাঁছার সমস্ত ইন্দ্রিয় এমনকি তাঁছার জীবন পর্যন্তও—যে ব্যর্থ হইয়া যাইতেছে, তাহাই শ্রীকৃষ্ণরূপাদি-নিষেবণং" শ্লোকে ব্যক্ত করিলেন।

শীরুষ্ণ-বিরহ-ফূর্তিতে শীমন্মহাপ্রভূ এই শ্লোকদারা বলিতেছেন যে, যদি আমার অঙ্গ-প্রত্যঙ্গ ও ইন্দ্রিয়াদি দারা শীরুষ্ণ-সেবাই করিতে না পারিলাম, তবে এই সমস্ত ইন্দ্রিয়াদির প্রয়োজন কি ? নিমোদ্ধত ত্রিপদী সমূহে এই শ্লোকের মর্ম ব্যক্ত হইয়াছে। শ্রীমন্মহাপ্রভূ বিষাদ-নামক ভাবে আবিষ্ট হইয়া এই শ্লোক বলিয়াছেন।

অস্থার্থঃ। যথারাগ।
বংশীগানামৃতধাম, লাবণ্যামৃত-জন্মস্থান,
যে না দেখে সে চাঁদ-বদন।
দে নয়নে কিবা কাজ পড়ু তার মাথে বাজ,

সে নয়ন রহে কি-কারণ॥ ২৬
সথি হে! শুন মোর হতবিধি বল।
মোর বপু চিত্ত মন, সকল ইন্দ্রিগণ
কুফা-বিনু সকল বিফল॥ গ্রা॥ ২৭

### গৌর-কূপা-তরক্সিণী টীকা।

২৬। একিকারপাদির নিষেবণব্যতীত চকু-কর্ণাদি ইন্দ্রিয়বর্গ যে নির্থক হইয়া পড়ে, তাহা বির্ত করিতে উত্তত হইয়া প্রথমতঃ চকুর ব্যর্থতা প্রতিপন্ন করিতেছেন, ২৬ ত্রিপদীতে।

বংশীগানামৃতধান—বংশীগানরপ অমৃতের বাসস্থান। প্রীকৃষ্ণের বংশীর ধ্বনিকে অমৃতস্বরূপ বলা হইয়াছে; মুখচনদ্র হইতেই বংশীধ্বনি নিঃস্ত হইয়া থাকে; এজগুই মুখচন্দ্রকে বংশীগানরূপ অমৃতের বাসস্থান বলা হইয়াছে। প্রীকৃষ্ণের মুখচন্দ্র হইতে কণা কণা অমৃত নিঃস্ত হইয়া যেন বংশীর ছিদ্রিপণে চতুর্দিকে প্রবাহিত হইতেছে।

লাবণ্যামৃত জন্মস্থান— সৌন্দর্য্যরপ অমৃতের জনস্থান। জগতে যত কিছু সৌন্দর্য্য আছে তাহা শ্রীকৃষ্ণের মুখচন্দ্রের সৌন্দর্য্যুচ্ছেটার সামান্ত আভাস-মাত্র; শ্রীকৃষ্ণের মুখচন্দ্রের সৌন্দর্য্যেই জগতের সৌন্দর্য্য—শ্রীকৃষ্ণের মুখচন্দ্র ভিন্ন অন্তত্ত্র স্বাংশিদ্ধ কোনও সৌন্দর্য্য নাই; এজন্মই মুখচন্দ্রকে লাবণ্যামৃত-জন্মস্থান বলা হইল। চাঁদবদন—মুখচন্দ্র; মুখরাপচন্দ্র। চন্দ্রে অমৃত জন্ম। শ্রীকৃষ্ণের বংশীধ্বনি এবং লাবণ্য এতক্ত্রই অমৃতের তুল্য মধুর ও আস্থান্য; তাই বংশীধ্বনিকে এবং লাবণ্যকে অমৃত বলা হইয়াছে; শ্রীকৃষ্ণের মুখ হইতেই এই বংশীধ্বনি ও লাবণ্যক্রপ অমৃত জন্মগাভ করে বলিয়া চন্দের সহিত মুখের উপনা দিয়া মুখচন্দ্র বা চাঁদবদন বলা হইয়াছে।

লাবণ্য—রূপের চাকচিক্য। পাড়ু—পড়ুক; পতিত হউক। মাথে—মাথার। বাজ—বজ্ঞ। সে নয়ন রহে কি কারণ—স্থানর বস্তু দর্শনেই নয়নের সার্থকতা; সমগ্র সোন্দর্য্যের আধার ও অমৃতের আধার স্থারপ হইল শ্রীক্ষেরে চন্দ্রনদন; স্থতরাং শ্রীক্ষেরে চন্দ্রনদন (শ্রীক্ষেরে রূপ) দর্শনেই নয়নের পূর্ণতম সার্থকতা। যে নয়ন তাহা দর্শন করে না, সে নয়ন থাকা না থাকা সমান।

এই ত্রিপদীতে, শ্রীকৃষ্ণরপদর্শনব্যতীত নয়নের ব্যর্থতা প্রকাশিত হইল।

২৭। কেবল যে আমার নম্মই ব্যর্থ হইয়াছে, তাহা নহে; পরস্ত আমার সমস্ত ইন্দ্রিয়, আমার চিত্ত, মন, দেহ—এই সমস্তই এবং আমার জীবনও—শ্রীরুঞ্জাবো ব্যতীত ব্যর্থ হইয়া গিয়াছে।

সখিছে— শ্রীক্ষাবিরহাতুরা শ্রীরাধা তাঁহার অন্তরক্ষা কোনও স্থীর নিকটেই স্থীর ইঞ্রিয়দির ব্যর্থতার কথা ব্যক্ত করিয়াছিলেন; তাঁহার ত্ৎকালীনভাবে আবিষ্ট শ্রীনন্ মহাপ্রভুও তাঁহার স্থীস্থানীয় কাহাকেও লক্ষ্য করিয়া এই উক্তি প্রকাশ করিয়াছেন। হতবিধিবল— হুক্রেব বল; হুরদ্ষ্টের শক্তি। স্থি! আ্যার হুক্রেরের কত শক্তি, তাহা একবার দেখ; এই হুক্রেরের প্রভাবেই আ্যার— হু'-একটী ইন্তিয় নয়— সমস্ত ইন্তিয়ই, আ্যার দেহ, মন, চিছ— আ্যার সমস্ত জীবন—ব্যর্থ হইয়া গিয়াছে। আমি শত চেষ্টা করিয়াও আ্যার হু'-একটী ইন্তিয়কেও—জীবনের একটা মুহুর্তকেও— শার্থক করিতে পারিলাম না; হুক্রেব একে কে আ্যার সমস্ত চেষ্টাকে ব্যর্থ করিয়া দিয়াছে; এত শক্তি তার! ক্রেবর্গাদিকা তথ্যা বলং শক্তিরিত্যর্থ:।— বিধি অর্থ রুতি, করণ; দেহাদি; ইন্তিয়বর্গ। বিধিবল—ইন্তিয়বর্গের বল বা শক্তি; তৎসমস্ত হত বা ব্যর্থ ইইয়াছে। স্থি! আ্যার সমস্ত বিধিবল— আ্যার ইন্তিয়বর্গের শক্তি—যে হত (বা ব্যর্থ) ইইয়াছে, তাহা বিবৃত করিয়া বলিতেছি, শুন। কিরূপে বিবৃত করা ইইতেছে গুমার ব্যর্থ চিন্তা বাক্রের প্রিকর্তা পারিতেছে। তাহা দিরকা করিয়া বলিতেছি, শুন। কিরূপে পারিতেছে না, ইহাতেই তাহাদের শক্তির ব্যর্থতা প্রকাশ পাইতেছে।

বপু—দেহ, শরীর। **চিত্ত**—অন্নসন্ধানাত্মিকা অন্তঃকরণগৃতিকে, মনের যে বৃত্তি দারা লোক অন্নসন্ধানাদি

কৃষ্ণের মধুরবাণী, অমৃতের তরঙ্গিণী, তার প্রবেশ নাহি যে শ্রবণে।

কাণাকড়ি ছিদ্র সম, জানহ সেই শ্রবণ, তার জন্ম হৈল অকারণে॥ ২৮

### গৌর-কূপা-তর্ম্মণী চীকা।

করে তাহাকে চিত্ত বলে। অন্নুসন্ধানের বস্তু পাওয়া গেলেই—যাহাকে মন সর্বদা খুঁজিয়া বেড়ায়, তাহাকে পাইলেই — অহুসন্ধান (খোঁজা) সার্থক হয়। শ্রীক্লঞ্প্রাপ্তির নিমিত্ত গাঁহার বলবতী উৎকণ্ঠা, তাঁহার অন্ত কোনও বিষয়ে অনুসন্ধানই থাকে না; তাঁহার অনুসন্ধানের একমাত্র বিষয়ই হয় শ্রীকৃষ্ণ; সেই শ্রীকৃষ্ণকেও যদি পাওয়া না যায়, তাহা হইলে তাঁহার অনুসন্ধান—স্বতরাং তাঁহার চিত—সমাক্রপেই ব্যর্থ হইয়া যায়। মন—অন্তঃকরণ ; মনের বৃত্তি চারিটী; মন, বুদ্ধি, অহন্ধার ও চিত্ত; সংশয়, নিশ্চয়, গর্ব্ব ও স্মরণ—যথাক্রমে এই চারিটী হইল উক্ত চারিটী বৃত্তির বিষয়। অন্তঃকরণের সংশয়াত্মিকা বৃত্তির দাম মন, নিশ্চয়াত্মিকা-বৃত্তির নাম বৃদ্ধি, অভিমানাত্মিকা-বৃত্তির নাম অহঞ্চার এবং অনুসন্ধানাত্মিকা বৃত্তির নাম চিত। সংশয়, নিশ্চয়, অভিমান এবং অনুসন্ধান এই চারিটী যে মনের কাজ, সেই মন হইল আবার-বুদ্ধী ক্রিয়াণাং ব্রাং প্রধানম্ (শব্দক্ষজ্ম)-মন, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্-এই ছয়টী জ্ঞানেন্দ্রির মধ্যে শ্রেষ্ঠ, সমস্ত ইন্দ্রিরের রাজা। (মনঃ কর্ণে) তথা নেত্রে রসনা ত্বক্ চ নাসিকে। বুদ্ধীন্দ্রিমিতি প্রাহঃ শব্দকোষবিচক্ষণাঃ। ইতি শব্দরত্নাবলী।) আমার অন্তসন্ধানের একমাত্র বিষয় শ্রীরুষ্ককে না পাইয়া কেবল যে আসার অনুসন্ধানাত্মিকা-অন্তঃকরণবৃত্তি চিত্তই ব্যর্থ হইয়াছে, তাহা নহে, পরন্ত আমার যাবতীয় ইন্দ্রিয়বর্দের রাজা যে মন, তাহাও ব্যর্থ হইয়াছে; কারণ, আমার মনের সমস্ত বৃত্তির বিষয়ই ছিল শ্রীক্লঞ্চ; মেই প্রীক্লঞ্চকে না পাওয়াতে মনের সমস্ত বৃত্তিই ব্যর্থ হইয়াছে, এসতরাং মনও ব্যর্থই হইয়াছে। আবার মন ব্যর্থ হওয়াতে ইন্দ্রিয়বর্গও ব্যর্থ হইয়াছে; কারণ, ইন্দ্রিয়বর্গের রাজাই হইল মন, ইন্দ্রিয়বর্গ মনের অহুচরমাত্র; রাজার অস্তিত্বের সার্থকতা না থাকিলে অমুচরবর্গের অন্তিত্বের সার্থকতাও থাকিতে পারে না। মন ও ইন্দ্রিয়বর্গের ব্যর্থতায়, দেহও ব্যর্থ হইয়া গিয়াছে; কারণ, দেহই ইন্দ্রিয়বর্গকে বহন করিয়া থাকে; স্কুতরাং ইন্দ্রিয়বর্গের সার্থকতায় দেহের সার্থকতা, ইন্দ্রিয়বর্গের ব্যর্থতায় দেহের ব্যর্থতা।

"বপু চিত্তমন" স্থলে "বপু বাক্য মন" পাঠান্তরও দৃষ্ট হয়; অর্থ—দেহ, বাক্য ও মন—সমস্তই ব্যর্থ হইল।

২৮। এক্ষণে কর্ণেজিয়ের ব্যর্থতার কথা বলিতেছেন। বাণী—কথা। তর্নিজ্ঞা—নদী। প্রীক্ষের কথা অমৃতের নদীস্কাপ। নদীতে যেমন সর্কাদা জলধারা প্রবাহিত হয়, নদী যেমন সর্কাদাই জলে পূর্ব থাকে, সেই জলের স্পর্শে যেমন সকলেরই দেহ শীতল হয়, সেই জল পানে যেমন সকলেরই ভূফা দূরীভূত হয়; তজ্ঞপ প্রীক্ষের বাক্যেও সর্কাদা অমৃতধারা প্রবাহিত হইতেছে, তাহা সর্কাদা এবং সর্কাবস্থাতেই অমৃতের ভূল্য স্বাত্ব, এবং তাহার প্রবণমাত্রেই মন-প্রাণ শীতল হইয়া যায়, প্রীক্ষণে বার বাসনা ব্যতীত অছ্য সমস্ত বাসনা দূরীভূত হয়। প্রাবেশ—কানে। তার প্রেশে ইত্যাদি—যে কানে সেই মধুর বাক্য প্রবেশ করে না। কাণাকড়ি—যে কড়িছে ছিদ্র থাকে, তাহাকে কাণাকড়ি বলে। পূর্বের এ দেশের প্রায় সর্বাহেই পয়সা, সিকি, ছ্য়ানী প্রভৃতি মুদ্রার ছ্যায় ক্রয়-বিক্রয়ে কড়ির প্রচলন ছিল; কড়ির একটা মূল্য ছিল; কিন্তু অচল-টাকার ছ্যায় কাণাকড়ির কোনও মূল্য ছিল না; ক্রয়-বিক্রয়ে কাণাকড়ি কেহ প্রহণ করিত না। এইক্রপে কাণাকড়ির অভিত্ব ব্যর্থ হইয়া যাইত।

কাণা কড়ি ছিদ্র সম—কাণাকড়ির ছিদ্রের তুল্য। কাণাকড়ির ছিদ্রই ইইল তাহার ব্যর্থতার হেতু; ছিদ্র থাকাতেই কড়ি কাণা হয়—স্থতরাং অচল ও নিরর্থক হইয়া যায়। কাণাকড়ির ছিদ্র যেমন তাহার ব্যর্থতা-সম্পাদক, তদ্ধপ যে কর্ণের ছিদ্রে ক্ষের মধুর বাণী প্রবেশ করে না, সে কর্ণের ছিদ্রও কর্ণের ব্যর্থতা-সম্পাদক; তদ্ধপ-ছিদ্রহুক্ত কর্ণের থাকা না থাকা সমান।

মধুর-শব্দ-শ্রবণেই কর্ণের সার্থকতা; শ্রীরুষ্কের কণ্ঠত্বরের তুল্য মধুর শ্ব্দ আর কোথায়ও নাই; ত্রতরাং কুফ্-কণ্ঠস্বরের শ্রবণেই কর্ণের পরিপূর্ণ সার্থকতা; যে কর্ণের ভাগ্যে তাহা মন্তব হয় না, তাহার থাকা না থাকা সমান। স্গমদ নীলোৎপল, মিশনে যে পরিমল, যেই হরে তার গর্বব মান। হেন-কৃষ্ণ-অঙ্গ-গন্ধ, যার নাহি সে-সম্বন্ধ, সেই নাশা ভস্তার সমান॥ ২৯

কৃষ্ণের অধরামৃত, কৃষ্ণগুণ-চরিত,
স্থাসার-স্বাদ-বিনিন্দন।
তার স্বাত্ন যে না জানে, জন্মিয়া না মৈল কেনে,
সে-রসনা ভেকজিহবা সম॥ ৩০

### গোর-কুণা-তরঙ্গিণী টীকা।

২৯। একণে নাসিকার ব্যর্থতার কথা বলিতেছেন। স্থগন্ধ গ্রহণেই নাসিকার সার্থকতা, যাবতীয় স্থান্ধ দ্বোর মধ্যে শ্রীকৃষ্ণের অঙ্গগন্ধই শ্রেষ্ঠ; স্তরাং শ্রীকৃষ্ণের অঙ্গগন্ধ গ্রহণেই নাসিকার পরিপূর্ণ সার্থকতা; যে নাসার ভাগ্যে তাহা ঘটে না, তাহা নির্থক।

মৃগমদ—মৃগনাভি; কস্তরী। নীলোৎপল—নীলপায়। মিলনে—মিলিত হইলে। পরিমল—গন্ধ। বৈই হরে তার গর্বমান—যে শ্রীক্ষের অঙ্গান্ধ সেই পরিমলের গর্ব্ব ও মান হরণ করে। ভক্তা—কর্মকারগণ চর্মনির্মিত যে যন্ত্র দ্বারা বাতাস করিয়া লোহা পোড়াইবার জন্ম কয়লার আগুন ধরায়, তাহাকে ভন্তা বলে। কামারের জাতা।

মুগদাভি ও নীলপদা একতা মিশ্রিত করিলে যে স্থগদ্ধ জন্মে, শ্রীক্তফের অঙ্গদ্ধের নিকটে তাহাও অতি 
তুচ্ছ। যে নাদিকা এমন অঙ্গদ্ধ গ্রহণে অসমর্থ, সে নাদিকা নাদিকা নহে, ভস্তামাত্র।

নাসাকে ভস্তা বলার তাৎপর্য্য এই যে, নাসায় যেমন তুইটা ছিদ্র আছে, ভস্তায়ও তেমনি তুইটা ছিদ্র আছে; নাসার ছিদ্র দিয়া যেমন বাতাস আসা-যাওয়া করিতে পারে, ভস্তার ছিদ্র দিয়াও-তেমনি বাতাস আসা-যাওয়া করিতে পারে। কিন্ত ভস্তার ছিদ্রদ্বয় কোনও স্থান্ধ গ্রহণ করিতে পারে না, কেবল ভস্মমিশ্রিত বায়ুই গ্রহণ করে, আর আগুনে জলিয়া পুড়িয়া মরে। যে নাসা শ্রীক্ষের অঙ্গগন্ধ গ্রহণ করিতে পারে না, কেবল প্রাক্ত বিষয়ের পুতিগন্ধ গ্রহণ করে, আর ত্রিতাপ-জালায় জলিয়া পুড়িয়া মরে, তাহা বাস্তবিকই ভস্তার সমান।

৩০। এক্ষণে জিহ্বার ব্যর্থতার কথা বলিতেছেন। স্বাত্ন জব্যের আস্বাদনেই জিহ্বার সার্থকতা; শ্রীক্ষের অধরামৃত ও তাঁহার রূপ-গুণ-লীলাকথাদির তুল্য স্বাত্ন আর কোথায়ও কিছু নাই; শ্রীকৃষ্ণের অধরামৃত ও তদীয় রূপ-গুণ-লীলাকথাদির আস্বাদনেই জিহ্বার প্রম-সার্থকতা; যে জিহ্বার ভাগ্যে তাহা ঘটে না, তাহা নির্থক।

অধরামৃত—অধর-সংলগ্ন অমৃত, যাহা তৎকর্ত্বক ভুক্ত দ্রব্যাদির সহিত যুক্ত হইয়া তাহাদের স্বাহ্তা বিদ্ধিত করে; চর্বিত-তামূলাদি; ভুক্তাবশেষ। কৃষ্ণগুণচরিত—শ্রীক্তফের প্রেমবগুতাদিগুণ ও তাঁহার লীলা। স্থাসার-স্বাদবিনিন্দন—স্থাসারের স্বাদ পর্যাস্ত যাহা দ্বারা বিনিন্দিত হইয়া পাকে। শ্রীক্তফের অধরামৃত, গুণ ও চরিত-ক্থার স্বাদ অপ্তের স্বাদ অপেক্ষাও মধুর। যে পর্যাস্ত শ্রীক্তফের অধরামৃত, গুণ ও চরিত-ক্থার স্বাদ না পাওয়া যায়, লোক সেই পর্যাস্তই স্থাসার বা অমৃতের স্বাদকে প্রশংসা করে; কিন্তু যথন কৃষ্ণের অধরামৃতাদির স্বাদ পাওয়া যায়, তথন স্থাও হেয় বলিয়া মনে হয়।

রসনা—জিহ্বা। ভেক-জিহ্বা—ভেকের জিহ্বা আছে সত্য, কিন্তু সেই জিহ্বা ধারা ভেক কোনও বসই আস্বাদন করিতে পারে না। স্থতরাং তাহার জিহ্বা যেসন থাকা না থাকা সমান, তদ্ধপ যে জিহ্বা শ্রীক্ষের অধরামৃত গ্রহণ করিতে অসমর্থ, যে জিহ্বা শ্রীকৃষ্ণের গুণ-লীলা-কীর্ত্তন করিতে পারে না, সেই জিহ্বা থাকা না থাকা সমান।

ভেকের জিহ্বার সহিত তুলনা দেওয়ার আরও তাৎপর্য্য আছে। জিহ্বা দারা জীব রস আস্বাদন করে, আর শক্ষ উচ্চারণ করিয়া থাকে। ভেক কর্দমে থাকে, কর্দমাদিই আস্বাদন করে, কোনও ভাল রস আস্বাদন করিতে পারে না। আর বর্ষাকালে তীত্র শক্ষ করিয়া স্বীয় যমস্বরূপ সর্পকে আহ্বান করিয়া মৃত্যুমুথে পতিত হয় মাত্র। এইরপি যে জিহ্বা শ্রীরুষ্টের অধরামৃত গ্রহণ করিতে পারে না, শ্রীরুষ্টের গুণলীলা-কীর্ত্তন করিতে পারে না, তাহা

কৃষ্ণ কর-পদ্তল, কোটিচন্দ্র স্থানিতল,
তার স্পার্শ যেন স্পার্শনি।
তার স্পার্শ নাহি যার, সে যাউক ছারখার,
সেই বপু লোহসম জানি॥ ৩১
করি এত বিলপন, প্রভু শচীনন্দন,
উঘাড়িয়া হৃদয়ের শোক।

দৈশ্য-নির্বেদ-বিষাদে, হৃদয়ের অবসাদে,
পুনরপি পঢ়ে এক শ্লোক॥ ৩২
তথাহি শ্রীজগন্নাথবল্লভনাটকে (৩:১১)—
যদা যাতো দৈবান্মধূরিপুরসো লোচনপথং
তদাস্মাকং চেতো মদনহতকেনাহৃতমভূৎ॥
পুন্ধস্মিনেয় ক্ষণমপি দুশোরেতি পদবীং
বিধাস্থামস্তব্দিরখিলঘটিকা রত্নথিচিতাঃ॥ ৪

### শ্লোকের সংস্কৃত চীকা।

যদেতি। অসৌ মধুরিপু: নদত হলঃ যদা কালে দৈবাৎ ছঠাৎ লোচনপথং অক্মন্ননগোচরং যাতঃ প্রাপ্তঃ ভবেৎ। তদা তিক্ষন্ সময়ে সদনছতকেন হুইক দর্পেণ অক্ষাকং গোপরমণীনাং চেতঃ মানসং আহত মভূৎ। এয়া নদত হুজঃ পুনর্বারং যিক্ষন্ ক্ষণে দৃশোঃ পদবীং অক্ষন্নন্মমীপং এতি আগচ্ছতি তিক্ষন্ সময়ে অথিলঘটিকাঃ দণ্ডায়মানকালাঃ রত্ত্বিতিঃ রত্ত্বৈঃ মাল্যচন্দনা দিযুক্তিরাভরণৈঃ সংজড়িতাঃ বিধাস্থামঃ। ইতি শ্লোকমালা।

যদেতি। চেতোহরণেন লোচনপথমাগতস্থাপি অমুভবাভাব ইতি ভাবঃ। মদয়তি হর্ষাতি ইতি মদনঃ এতেন আনন্দো ব্যঞ্জিতঃ। অতএবাস্থা ব্যাখ্যা 'আনন্দ আর মদন' ইতি। যশ্মিন্ স্থলকালে। এতি বর্ত্তমানসামীপ্যে ভবিশ্যতি লট্। বিধাস্থামঃ অত্র ভাবিক্লফদর্শনসম্ভাবনয়াত্মনো বহুমননাৎ গৌরবেণ বহুবচনম্। চক্রবর্তী। ৪।

### গোর-কূপা-তরঞ্চিনী চীকা।

কেবল প্রাক্তি বিষয়ের বিষাক্ত রস মাত্র আস্থাদন করিয়া দেহকে বিষয়-বিষে জর্জ্জরিত করে, আর প্রাক্তি বিষয়-কথা আলাপ করিয়া ত্রিতাপ-জালায় জলিয়া পুড়িয়া মরে।

৩১। এক্ষণে প্রণিজিয়ের ব্যর্থতার কথা বলিতেছেন। ক্রম্ণ-কর-পদতল—ক্রম্বের করতল ও পদতল, অর্থাৎ হাত ও পায়ের তলা। কোটিচন্দ্র-স্থূশীতল—কোটিচন্দ্রের মত শীতল। তার স্পর্শ—ক্রেরের করতল ও পদতলের স্পর্শ। স্পর্শমণি—স্পর্শমণির স্পর্শে যেমন লোহাও সোণা হইয়া যায়, তদ্রপ প্রীক্রমেরে করতল ও পদতলের স্পর্শেও প্রাকৃত বস্তু অপ্রাকৃত হইয়া যায়, জড়বস্তু চিনায় হইয়া যায়, কুৎসিৎ বস্তু স্থূলের হইয়া যায়, বিতাপজ্ঞালায় তাপিত চিত্ত স্থূশীতল হয়।

শ্রীরাধার উক্তির তাৎপর্য্য এই যে, "যদি শ্রীক্নঞ্চের অঙ্গম্পর্শাদি লাভ করিতে পারিত, তাহা হইলে আমার এই অসার্থক দেহেন্দ্রিয়াদিও সার্থকতা লাভ করিতে পারিত।"

সে যাউক ছারখার—সে ধ্বংস হইয়া যাউক। বপু—দেহ; শ্রীর। লোহসম—লোহার তুল্য। কঠিন লোহ যেমন কর্মকারের আগুনে পুড়িয়া হাতুড়ীদারা আঘাতই প্রাপ্ত হয়, তদ্ধপ যে দেহ ক্ষেত্র করতল ও পদতলের স্পর্শ হইতে বঞ্চিত, তাহাও সর্বাদা ত্রিতাপ-জালায় দগ্ধ হইতে থাকে এবং কাম-ক্রোধাদির পদাঘাত প্রাপ্ত হইতে থাকে।

৩২। বিলপন—বিলাপ। উঘাড়িয়া—খুলিয়া। দৈশ্য—ছু:খ, ভয় ও অপরাধাদি-বশতঃ আপনাকে নিরুষ্ট জ্ঞান করাকে দৈশ্য বলে। নির্কেদ—ভীষণ আদ্তি, ঈর্যা, নিচ্ছেদ ও সন্ধিবেকাদি দ্বারা নিজের প্রতি অবসাননাকে নির্কেদ বলে; চিন্তা, অশ্রু, বৈবর্ণ্য, দীর্ঘনিঃশ্বাসাদি ইহার লক্ষণ। অবসাদ—অবসরতা।

"শ্রীরুষ্ণরাপাদিনিবেবণং" ইত্যাদি শ্লোক পড়িতে পড়িতে নিজের সমস্ত ইন্দ্রিয়ের ব্যর্থতা অমুভব করিয়া প্রভূ দৈছ্য-নির্বেদাদি ভাবে আবিষ্ট হইলেন এবং তদবস্থায় পরবর্তী "যদা যাতো" ইত্যাদি শ্লোক পাঠ করিলেন। গ্রন্থকার এই ত্রিপদীতে পরবর্তী শ্লেকোচ্চারণের স্কুচনা করিতেছেন।

শো। ৪। অবয়। অসে (সেই) মুধুরিপু: (মধুরিপু শ্রীরুষ্ণ) দৈবাৎ (আমার শুভাদৃষ্টবশতঃ) যদা
্(অথন) লোচনপ্থং ( নয়নপ্রে ) যাতঃ (আগত হইলেন), তদা (তথন) মদন্হতকেন (তুই-মদন্দারা) অস্থাকং

### গোর-কুপা-তরঞ্চিণী টীকা।

(আমাদের) চেতঃ (মন) আহৃতং (অপহৃত) অভূং (হইরাছিল)। পুনঃ (আবার) য**িমন্ (যে সম**য়ে) এমঃ (এই শ্রীকৃষ্ণ) ক্ষণমপি (ক্ষণমাত্রও) দৃশোঃ (নয়নের) পদবীং (প্রথ) এতি (আমেন), তিমান্ (সেই সময়ে) অথিল-ঘটিকাঃ (সমস্ত ঘটিকাকে) রত্নপ্রতিতাঃ (রত্নারা থ্রিত) বিধাস্তামঃ (করিব)।

অসুবাদ। আমার শুভাদৃষ্ঠবশতঃ সেই মধুরিপু শ্রীক্ষা যথন আমার নয়নপথে উপস্থিত হইয়াছিলেন, তথন ছুষ্ট-মদন আমার মনকে অপহরণ করিয়াছিল; পুনরায় যে মময়ে ক্ষণকালের জন্মও তিনি দৃষ্টিপথের বিষয়ীভূত হইবেন, তথন সেই সময়ের সমস্ত ঘটিকাকেই আমি বিবিধ-রত্নাদি দারা পচিত করিয়া রাখিব। ৪।

মধুরিপু— শীক্ষ ; মধুনামক দৈতাকে বৰ করিয়াছেন বলিয়া শ্রীক্ষণকে মধুরিপু বলে। দৈবাৎ— দৈববশৃতঃ ; পূর্ব-জন্মাজ্জিত কর্মকে দৈব বা অদৃষ্ট বলে। লোচনপথং যাতঃ—নয়ন-পণে আগত ইইলেন ; আমি দেবিলাম। মদনহতকেন—ভূষ্ট মদনকর্ত্বক ; পোড়ামদনকর্ত্বক । মদয়তি হর্ময়তীতি মদনঃ ; যে হর্ম বা আনন্দ দান করে, তাহাকে মদন বলে। মদনহতকেন—মদন ও আনন্দাধিক্যবশতঃ। চেতঃ আহ্বতং ইত্যাদি—যপন পৌভাগ্যবশতঃ কুফকে দেখিতে পাইলাম, তথন মদন ও আনন্দাধিক্যবশতঃ আমাদের চেতনা লোপ পাইল ; তাই তথন তিনি দৃষ্টিপথের মধ্যে পাকিলেও তাঁহার রূপমাধুর্য্য আম্বানন করিতে পারি নাই ; এইরূপে সেই দর্শনের মন্মটার্বথাই নিই ইইয়া গেল ; আমি তাহার সদ্ব্যবহার করিতে—মর্যাদা রক্ষা করিতে পারি নাই । আবার যদি কথনও শ্রীকৃষ্ণ আমার দৃষ্টিপণের পথিক হয়েন, তাহা হইলে সেই সময়ের একটী ক্ষুত্র অংশকেও বুগা নই হইতে দিব না, সেই সময়ের অথিল—ঘটিকাঃ— সমস্ত ঘটকাগুলিকে, প্রত্যেক ঘটকাকে, সময়ের অতি ক্ষুত্র অংশকেও বঙ্গমাচিতাঃ— মণিরত্ন দান সাক্ষত্র বিধাস্থামঃ—করিব, সম্যক্রপে সদ্ব্যবহার করিব। আনন্দাধিক্যে হতচেতন না হইয়া সেই সময়ের প্রতি ক্ষুত্র অংশেও প্রাণ ভরিয়া শ্রীকৃষ্ণেরে মুগ্রুলে দর্শনাদি করিয়া সেই সময়কে সার্থক করিব। কোনও একটী বস্তুকে মণিরত্নাদি দ্বারা স্থাজ্জিত করিলে তাহা যেমন ওজ্জলে চক্চক্ করিতে থাকে, তজ্প আবার শ্রীকৃষ্ণকে দেশিন-সময়ের প্রতি ক্ষুত্র অংশেও তাহার রূপাদির সেবায় আমার পঞ্চেঞ্জিমকে এমনভাবে নিয়োজিত করিব, যেন সেই দর্শন-সময়ের প্রতি ক্ষুত্র অংশেও তাহার রূপাদির সেবায় আমার পঞ্চেঞ্জিমকে এমনভাবে নিয়োজিত করিব, যেন সেই দর্শন-সময়ের সমুজ্জল চিত্রটী আমার সমস্ত জীবন ব্যাপিয়া স্থাতিপটে দেশীপ্যানান থাকে।

পূর্ব্বাক্ত "প্রেমছেন্ত্রণ" ইত্যাদি বাক্য বলার পরে শ্রীরাধার প্রিয়সণী মদনিকা যথন তাঁহাকে বলিলেন—"সথি রাধে! তুনি এত উতালা হইতেছ কেন ? নবনিকনিত কেতকী-কুস্থমের সৌরতে আরুষ্ট হইয়া ভ্রমরী তাহার নিকটে যায় বটে; কিন্তু যথন দেখে যে কেতকীর পন্ধ পাকিলেও মধুনাই, তথন কি ভ্রমরী তাহাকে ত্যাপ করে না পূ তুমিও রুক্ষের রূপ দেখিয়া মুগ্ধ হইয়াছিলে; এখন বুরিতে পারিতেছ যে, তাঁহাতে প্রেম নাই—প্রেম পাকিলে তিনি তোমার প্রেমপত্রীর অমর্য্যালা করিতেন না—এরূপ অবস্থায় তুমি কি রুক্ষকে ত্যাপ করিতে পার না ?" শুনিয়া শ্রীরাধা ধৈগ্যাবলম্বনপূর্বকে বলিলেন—"তবে ত্যাপই করিলাম।" ইচা বলিয়া তীতচিত্তে কাঁপিতে কাঁপিতে গাল্গদ্বরে "যদা যাতো" ইত্যাদি বাক্য কহিলেন। তাৎপগ্য এই—"হাঁ, স্পি! তোমার উপদেশে তাঁহাকে ত্যাপ করিলাম; কিন্তু সাথ! তাঁহার শ্বতিকে ত্যাপ করিতে পারিতেছি না; তাঁহার রূপের শ্বতি এপনও মনের কোণে উক্রিক্তামার কিন্তুকি মারিতেছে; তাঁহাকে দেখিয়াছি বটে; কিন্তু সথি! আমার দর্শনের সাধ মিটে নাই; প্রাণ ভরিয়া তাঁহাকে দেখিতে পারি নাই; প্রেরায় যদি আমার সৌভাগ্যনশতঃ তাঁহাকে কথনও দেখিতে পাই, তাহা হইলে প্রাণ ভরিয়া দেখিয়া লইব—যেন তাঁহার প্রতি অক্ষের চিত্তা সমুজ্জলগ্রপে আমার শ্বতিপটে আমার সমস্ত জীবন ব্যাপিয়া অঞ্চিত থাকে।"

নিমের ত্রিপদীসমূহে এই শ্লোকের মর্ম্ম বিরৃত হইয়াছে।

অস্থার্থঃ। বথারাগঃ॥
বেকালে বা স্থপনে, দেখিনু বংশীবদনে,
সেইকালে আইলা তুই বৈরী।
আনন্দ আর মদন, হরি নিল মোর মন,
দেখিতে না পাইনু নেত্র ভরি॥ ৩৩
পুন যদি কোনক্ষণ, করায় কুফ্ল-দর্মন,
তবে সেই ঘটা ক্ষণ পল।

দিয়া মাল্য-চন্দন, নানা রত্ন-আভরণ,
অলঙ্কত করিমু সকল॥ ৩৪
কণে বাহ্য হৈল মন, আগে দেখে তুইজন,
তারে পুছে—আমি না চৈতন্ম ?।
স্বপ্রপ্রায় কি দেখিমু, কিবা আমি প্রলাপিন্য,
তোমারা কিছু শুনিয়াছ দৈন্ম ?॥ ৩৫

গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

৩৩। পূর্ব্বোক্ত শ্লোকের প্রথম ছুই চরণের অর্থ করিতেছেন। **যে কালে বা স্বপনে**—যে সময়ে দৈবাৎ, বা স্বপ্নে। হঠাৎ যখন একিঞের দর্শন পাইলাম, তখন আনন্দ ও মদুন আমার চেতনা হরণ করায় আমি ভালরপে উ। ছাকে দর্শন করিতে পারি নাই; তাই সেই দর্শন যেন স্বপ্নদর্শনবৎ বলিয়া মনে হইতেছে, তাহার চিত্র মনে উজ্জ্বল হইয়া জাগিতেছেনা। ইহাই "বা স্বপনে" বাক্যের তাৎপর্য্য। বংশীবদনে—শ্রীক্লফকে। তুই বৈরী—ছুইজন শত্রু ; এক শক্ত আনন্দ, আর শক্ত মদন ; শ্রীরক্ষদর্শনের বাধা জন্মায় বলিয়া ইহাদিগকে শক্ত বলা হইয়াছে। রুক্ষসেবার বাধক হইলে প্রেমানন্দকেও ভক্ত শত্রু বলিয়া মনে করেন। "নিজপ্রেমানন্দে কৃষ্ণসেবানন্দ বাধে। সে আনন্দের প্রতি ভক্তের হয় মহা ক্রোধে।। ১।৪।১৭১॥" **আনন্দ** —অকস্মাৎ শ্রীকৃষ্ণদর্শনজনিত আনন্দ ব্য চিত্তের উন্মাদ-জনক হ্**র্য। মদন**— কাম, কন্দর্প ; শ্রীক্নমেংর সহিত সিলনের নিমিত্ত বলবতী লালসা, যাহার প্রভাবে চিত্তের মৃত্ততা জন্মিতে পারে। সদন অর্থ এস্থলে প্রাকৃত কাম নহে; ব্রজগোপীদের প্রেমকেই কাম বলা হয় (২।১।৫০ প্রারের টীকা দ্রষ্টব্য)। মদন—অপ্রাকৃত কন্দর্প। **হরি নিল** মোর মন—আনন্দ ও মদন আমার মনকে হরণ করিল; আমার চেতনা লোপ পাইল; আমার মনঃসংযোগের ক্ষমতা লুপ্ত হইল; তাই শ্রীকৃঞ্জের দিকে চাহিয়া থাকিলেও তাঁহাকে দেখিতে পাই নাই; কারণ, মনের যোগব্যতীত কোনও ইন্দ্রিয়ই স্বীয় কার্য্য সাধন করিতে পারে না। **দেখিতে না** পাইস্থ নেত্রভরি—নয়ন ভরিয়া ( সাধ মিটাইয়া) দেখিতে পারিলামনা। গৌভাগ্যবশতঃ যুখন শ্রীক্লফদর্শন ঘটিল, তখন প্রেমের উচ্ছাসে হৃদয়ে এতই আনন্দের উদয় হইল যে, আমি একেবারে মোহিত হইয়া গিয়াছিলাম; আর শ্রীক্লফের সহিত মিলিত হইয়া নিজাঙ্গদারা তাঁহার সেবা করার নিমিত্ত এতই বলবতী লালসা জিমিল যে, আমি দিগ্বিদিগ্ জ্ঞানশূলা হইয়া গেলাম; আমার মন আর আমার বশে রহিল না ; তাই আমি সাধ মিটাইয়া শ্রীক্তঞের চন্দ্রবদন দর্শন করিতে পারিলাম না।

৩৪। শ্লোকের পরবর্তী তুই চরণের অর্থ করিতেছেন।

পুনঃ যদি কোনক্ষণ—আবার যদি কখনও। ঘটী—দও। ক্ষণ—আঠার নিমেষে এক কাঠা; ত্রিশ কাঠায় এক কলা, ত্রিশ কলায় এক ক্ষণ সময় হয়। পাল—একদণ্ডের যাট্ ভাগের এক ভাগ সময়।

সোভাগ্যবশতঃ যদি আবার কথনও শ্রীক্ষের দর্শন পাই, তবে তথন আর আনন্দ ও সদনকে স্থান দিব না, তাহাদিগকে দূরে তাড়াইয়া দিয়া মনের সাধ পূরাইয়া শ্রীকৃষ্ণ দর্শন করিব, অতি অল্পনাত্র সময়টুকুকেও শ্রীকৃষ্ণদর্শন ব্যতীত অম্ব কার্যে ব্যয় করিব না।

দিয়া মাল্য ইত্যাদি—যে সময়ে শ্রীক্ষানে দর্শন পাইব, সেই সময়ের প্রতি দণ্ড, প্রতি ক্ষণ, এমনকি প্রতি পলকেও নাল্য-চন্দন ও নানা রত্বালক্ষার দিয়া স্থসজ্জিত করিব—অর্থাৎ শ্রীক্ষান্ত-দর্শনরূপ নাল্যচন্দনাদিতে অলস্কৃত করিব। তাৎপর্য্য এই যে সেই সময়ের অতি অল্পনাত্র সময়কেও অহ্য কার্য্যে নিযুক্ত করিব না। (পূর্ব্ববর্ত্তী শ্লোকব্যাখ্যা দ্রষ্ট্রা)।

৩৫। ক্ষণে বাহ্য হৈল মন—অন্ন সময়ের জন্ম প্রভুৱ মন বাহাবস্থা প্রাপ্ত হইল; তাঁহার অন্তর্মনা ভাব ছুটিয়া গেল। আগে—সন্মুখে, সাক্ষাতে। তুইজন—একজন রায়-রামানন্দ, আর একজন স্বরূপ-দামোদর গোস্বামী। তারে পুছে—সেই তুইজনকে জিজ্ঞাসা করেন। আমি না চৈত্যা—অমি কি সচেতন নই ? আমার কি চেতনা লোপ পাইয়াছিল ? অথবা, আমি কি চৈত্যা প্রতুজণ পর্যস্ত রাধাভাবে আবিষ্ট থাকায়, তিনি যে

শুন মোর প্রাণের বান্ধব!
নাহি কৃষ্ণপ্রেমধন, দরিদ্র মোর জীবন,
দেহেন্দ্রিয় র্থা মোর সব॥ ৩৬
পুন কহে হায় হায়, শুন স্বরূপ রামরায়!,
এই মোর হৃদ্য-নিশ্চয়।
শুনি করহ বিচার, হয় নয় ক্হ সার,
এত বলি শোক উচ্চারয়॥ ৩৭

তথাহি শ্রীমন্ত্রাগবতে দশমস্কল্পকৈ বিংশা-ধ্যায়স্ত প্রথমান্ধরত "জয়তি তেহধিকম্" ইত্যস্ত তোষণীধৃত্যায়ঃ—

কই অব রহিঅং পেন্ধং ণহি হোই মাণুসে লোএ জই হোই কম্স বিরহো বিরহে হোস্তন্মি কো জীঅই॥ ৫॥

### শ্লোকের সংস্কৃত টীকা।

কৈতবরহিতং প্রেম নহি ভবতি মান্ব্যে লোকে। যদি ভবতি কশু বিরহো বিরহে ভবতি কো জীবতি। ইতি সংস্কৃতম্। হে স্থি মন্ব্যুলোকে কৈতবরহিতং কপ্টরহিতং প্রেম ক্ষুপ্রেম ন ভবতি। যদি বা কদাচিৎ

### গৌর-কুপা-তর্ঞ্চিণী টীকা।

শ্রীচৈতম্য—একথাই প্রভু ভুলিয়া গিয়াছিলেন; একণে কিঞ্জিৎ বাহ্বদশা লাভ করায় পূর্ব্বেথা যেন কিছু কিছু মনে পড়িতেছিল; তাই সন্দেহাস্বভাবে জিজ্ঞানা করিলেন—"আমি কি শ্রীচৈতন্ত নই ?" উদ্যুধানামক উন্মাদাবহায় এইরপ আত্মবিশ্বতি জন্মে। স্বপ্নপ্রায় কি দেখিছ—আমি স্বপ্নের মত কি দেখিলাম। জগন্নাথবল্লভ-নাটকোন্ত শ্রীরাধার ভাবে আবিষ্ট হইয়া প্রভু মনে করিয়াছিলেন—তিনি শ্রীরাধা, তিনি শ্রীক্ষেক্ষর সহিত মিলনের নিমন্ত উৎকণ্ঠায়িতা হইয়া শর্মীমুখীর যোগে প্রেমপত্রী পাঠাইয়াছিলেন, প্রেমপত্রী-প্রত্যাখ্যানের সংবাদ পাইয়া প্রিয়্মশী মদনিকার সহিত কথোপকথনজ্লে স্থীয় মনের তীর বেদনা প্রকাশ করিতেছিলেন। এমন সম্ম বাহ্বদশা প্রাপ্ত হইয়া দেখিলেন—রুক্ষাবন্ত নাই, শর্মীমুখীও নাই, মদনিকাও নাই; সন্মুখে আছে—রায়-রামানন্দ, আর স্বর্গণ-দামোদর; আর তাঁহারা আছেন শ্রীক্ষেত্রে। তাই তিনি নানে করিলেন—তিনি বুঝি স্বপ্ন দেখিয়াছিলেন। আর, তিনি মে মদনিকার সঙ্গে কথাবার্ত্তা বলিয়াছিলেন, তাহা মনে পড়ায় প্রভু মনে করিলেন, তিনি বোধ হয় স্বপ্নে কিছু প্রলাপ বকিয়াছেন এবং প্রলাপছলে কিছু দৈন্ত প্রকাশ করিয়াছেন; তাই তিনি রায়-রামানন্দ ও স্বর্গপ-দামোদরকে জিজ্ঞাসা করিলেন, কিবা আমি প্রলাপিকু—আমি কি প্রলাপ বকিলাম। তোমরা কিছু ইত্যাদি—তোমরা কি আমার দৈন্তপ্রচক প্রলাপাত্তি শুনিয়াছ?

৩৬। স্বরূপ-দানোদর ও রায়-রামানদকে সম্বোধন করিয়া প্রভু বলিলেন—"আমার প্রাণের বায়ন ! আমার প্রাণের কথা শুন তোমরা। আমি রক্ষপ্রেমধনে বঞ্চিত; স্কৃতরাং আমি নিতান্ত দরিদ্র; দরিদ্র যেনন ধনাভাবে পরিবারবর্ণের ভরণ-পোষণ করিতে পারে না, তাহাদিগের কার্য্যের সামর্য্য দান করিতে পারে না, আমিও তদ্ধপ প্রেমের অভাবে আমার দেহের ও অঙ্গ-প্রত্যান্ধের—আমার ইন্দ্রিয়বর্ণের ভরণ-পোষণ করিতে পারিতেছি না, তাহাদিগকে শ্রীকৃষ্ণ-সেবার যোগ্যতা দিতে পারিতেছি না (কারণ, প্রেমব্যতীত কেবল ইন্দ্রিয়াদিদ্বারা শ্রীকৃষ্ণসেবা হয় না); কাজেই আমার দেহেন্দ্রিয়াদি সমস্তই বুপা হইয়া পড়িল।

৩৭। পুন কহে—প্রভু পুনরায় বলিলেন। হায় হায়—আক্দেপস্চক বাক্য। স্বরূপরামরায়—
স্বরূপ-দামোদর ও রায়-রামানন। এই মোর হৃদয়-নিশ্চয়—ইহাই আমার হৃদয়ে নিশ্চিত বিষয়; আমার হৃদয়ে
ইহাই আমি নিশ্চিতরূপে জানিতে পারিয়াছি যে, প্রেমাভাবে আমার দেহেন্দ্রিয়াদি সমস্তই ব্যর্থ হইয়া গিয়াছে।
শুনি করহ বিচার—আমি বলি, তোমরা শুন; শুনিয়া বিচার করিয়া দেখ। হয় নয় কহ সার—হাঁ কি না,
সারক্থা বল। আমি যাহা বলিলাম, তাহা মত্য কি না, বিচার করিয়া তোমরা বল। শ্লোক উচ্চারয়—নিমোদ্ধত
"কই অব রহিঅং" ইত্যাদি শ্লোক উচ্চারণ করিলেন।

**্লো। ৫। অবয়**। মান্নবে লোএ (মান্নবে লোকে—মন্নয়লোকে) কই অব বৃহ্জিং (কৈতব-বৃহ্তিং-

## অস্থার্থঃ। যথারাগঃ॥ অকৈতব কৃষ্ণপ্রেম যেন জান্মুনদ হেম, সেই প্রেমা নৃলোকে না হয়।

যদি হয় তার যোগ, - না হয় তার বিয়োগ, বিয়োগ হৈলে কেহো না জীয়য়।। ৩৮

### শ্লোকের সংস্কৃত টীকা।

প্ৰেমযোগো ভৰতি কস্তচিজ্ঞনস্থ বিয়োগো ন ভৰতি। যদি বিরহে ভৰতি সতি তদা কোজীৰতি ন কোহপীত্যৰ্থঃ। ইতি শ্লোকমালা। ৫।

### গৌর-কুপা-তরঞ্জিণী টীকা।

কৈতবহীন, নিম্কপট) পেন্ধং (প্রেম) নহি হোই (ন ভবতি—হয় না)। জই হোই (যদি ভবতি—যদি হয়), কস্ত (কাহার) বিরহঃ (বিরহ) ? বিরহে হোস্তশ্মি (বিরহে ভবতি—বিরহ হইলে) কঃ (কে) জীঅই (জীবতি— জীবিত থাকে ?)

অসুবাদ। মন্ব্যালোকে অকপট রুঞ্চপ্রেম হয় না, যদিবা তাহা হয়, তাহা হইলে কাহারও বিরহ হয় না; যদি বিরহ হয়, তাহা হইলে কেহ জীবিত থাকে না। ৫।

শ্রীমদ্ভাগবতের ২০।৩২।২ শ্লোকের বৃহদ্বৈষ্ণবতোষণীটীকায় শ্রীপাদ সনাতন-গোস্বামী এই "কই অব রহিঅং" শ্লোকটী উদ্ধৃত করিয়া লিখিরাছেন "ইত্যাদিনা যেন দয়িতস্ত বিরহে দয়িতা ন জীবেয়ূর্নাম সত্যং ত্বন্ত এব ন মিরস্ত ইত্যাহু:—ত্বিয় নিমিত্তে গতাসবং ত্বংপ্রাপ্ত্যাশয়া জীবন্তীত্যর্থঃ। যহা ত্বিয় বিষয়ে ত্বনাস্তব্ধেন প্রাণান নশ্রন্তীত্যর্থঃ।— এই নিয়মাম্পারে দয়িতের বিরহে দয়িতাসকল জীবিত থাকিতে পারে না সত্য। কিন্তু তোমার জন্তই তাহারা মরিতে পারিতেছেনা, ইহাই কহিতেছেন—তোমার নিমিত্ত ইত্যাদি"। এই উক্তি হইতে বুঝা যায়, শ্লোকস্থ "কস্ত বিরহ:—কাহার বিরহ ? অর্থাৎ কাহারও বিরহ হয় না"—এই বাক্যো—"প্রেমবান্ দয়িতের সহিত প্রেমবতী দয়িতার বিরহ হয় না"—ইহাই স্টিত হইতেছে এবং বিরহে তবতি কঃ জীবিত থাকিতে পারে না"—ইহাই স্টিত হইতেছে। এই বাক্যো—"প্রেমবান্ নালে কালে স্থিয়ের বিরহে প্রেয়া এবং প্রিয়ার বিরহে প্রিয় জীবিত থাকিতে পারে না"—ইহাই স্টিত হইতেছে।

নিমোদ্ধত ৩৮ পরারে এই শ্লোকের ব্যাখ্যা করা হইয়াছে।

ত৮। অকৈতব কলতে বলতে কপটতা ব্ৰায়। যাহা বাহিরে একরকম, ভিতরে আর একরকম, তাহাই কপটতা। যাহাতে কৈতব (বা কপটতা) নাই, তাহাই অকৈতব, কৈতবশৃন্ত, কপটতাহীন। বাক্য এবং বাহিরের আচরণরারা যদি আমি লোককে জানাইতে চাহি যে, শ্রীরুক্তের স্থব্যতীত আমি আর কিছু চাইনা, অথচ যদি আমার মনে নিজের স্থ্থের বাসনা লুকায়িত থাকে, তাহা হইলে আমার এই রুষ্ণপ্রীতি হইবে কপটতাময়। আর যদি আমার মনে স্বস্থ্থবাসনার ছায়ামাত্রও না থাকে, কায়মনোবাক্যে যদি আমি কেবল শ্রীরুক্তের স্থের জন্তই চেষ্টা করি, অন্ত কোনও কামনাই যদি আমার না থাকে, তাহা হইলে আমার রুষ্ণপ্রেম হইবে কপটতাহীন—অকৈতব । অকৈতব কৃষ্ণপ্রেম—স্বস্থ্থবাসনাশৃত্য একমাত্র রুষ্ণস্থিকতাৎপর্য্যয় প্রেম। জাসুন্দ হেম—বিশুদ্ধ স্থানীপা পৃথিবীর জম্বীপে একটা নদ (বা নদী) আছে, যাহা জম্ব (জাম্বরা)-ফলের রুসে পরিপূর্ণ; ইহার নাম জম্বন। ইহার উভয় তীরে বিশুদ্ধ স্থাপ জনো; এই স্বর্ণকে জাম্বন হেম (স্বর্ণ) বলে (শ্রীভাঃ লেচজাঃ-২০)। এই স্বর্ণে কিঞ্চিন্যাত্রও খাদ বা মালিত্র নাই। সেই প্রেম—অকৈতব প্রেম; কামগন্ধহীন প্রেম। নৃলোকে—মন্বন্ধলাকে। জগতে মান্থ্যে-মান্থ্যে যে প্রেম হয়, তাহা স্বার্থময়; স্বামিন্ত্রীর প্রেমে স্বস্থ্যবাসনার সম্বন্ধ আছে, সমপ্রাণ-স্থার প্রণয়েও আলান্থসন্ধান আছে, এমন কি সন্তানবাৎসল্যেও স্বন্থ-বাসনার সম্বন্ধ আছে; স্বতরাং জগতে মান্থ্যে-মান্থ্যে যে প্রেম, তাহা অকৈতব—স্বার্থান্থসন্ধন্মণ্ড—হইতে পারে না; কিন্তু এই বিপদীতে বলা হইরাছে—ক্রন্তপ্রেমের কথা; শ্রীক্রক্ষের প্রতি মান্থযের প্রেমের কথা। লোক সাধারণতঃ শ্রীক্রক্ষের

গৌর-কূপা-তরঙ্গিণী টীক।।

প্রতি প্রীতি দেখায়—প্রীক্ষণের পূজার্চনাদি করে—কোনও স্বার্থ দিন্ধির উদ্দেশ্যে; বড় জোর মোক্ষ-প্রাথির উদ্দেশ্যে—ইহাও স্বার্থ; কারণ, মোক্ষবাসনায়ও দৃষ্টি পাকে নিজের দিকে—নিজের সংসার-নির্ভির দিকে; শ্রীক্ষণ্ণীতি বা শ্রীক্ষণেবার বাসনা তাহাতে মুখ্যুত্ব বা ঐকান্তিকত্ব লাভ করে না। স্থতরাং মস্ম্যালোকে সাধারণতঃ যে ক্ষণ্ণের দেখা যায়, তাহা অকৈতব—বিশুদ্ধ—স্ম্প্রথাসনাশ্যু বা স্বর্থংশনির্ভির বাসনাশ্যু—নহে। তাই বলা হইয়াছে—অকৈতব ক্ষণ্ণের মুলাকে হয় না। কিন্তু পরবর্তী "ধদি হয় তার যোগ"—বাক্য হইতে বুরা যার, মন্ম্যালোকে যে অকৈতব-ক্ষণ্ণেরের অত্যন্তাভাব—অকৈতব-ক্ষণ্ণেরের যে মন্ম্যালোকে কোনও কালেই কিছুতেই হইতে পারে না,—তাহা নহে; তাহা হইতে পারে, কিন্তু ক্লাহিৎ—অতি অল্লোকের মধ্যে; নতুবা "জাতপ্রেমভক্ত"-শক্ষ বুণা হইত। শ্রবণ-কীর্ন্তনাদি ভক্তাঙ্গ-যাজনের প্রভাবে ভগবৎক্রপার চিন্ত বিশুদ্ধ হইলে চিন্তে শুদ্ধান্ত্রের আবিত্তিব হয়; ক্রমণঃ সমস্ত অনর্থ সমাক্রেপে তিরোহিত হইলে সেই শুদ্ধান্ত্রই ক্ষণ্ণপ্রমান্তর পরিণতিই ক্ষণ্ণপ্রমান করে। কিন্তু ক্ষণ্ণভক্তির স্বর্গনা না যে, কিছুতেই ক্ষণ্ণভক্তি পাওয়া যায় না—বরং ইহাই বুনায় যে—তাহা সহজ্বে পাওয়া যায় না, যে পর্যান্ত ভুক্তি-মুক্তি-বাসনা পাকে, সে পর্যান্ত পাওয়া যায় না—স্বতরাং অতি অল্লাকের মধ্যেই ইহা চৃষ্ট হয়। ক্ষণ্ণপ্রেমসম্বন্ধেও তাহাই—অতি অল্লালেকের মধ্যেই অকৈতব প্রেম চৃষ্ট হয়।

ইহার হেতৃও আছে। ক্ষপ্রেম হইল স্কল্পান্তির বৃত্তিবিশেষ। তাই ইহার গতি পাকে প্রাক্তিশের দিকে; বিহেতৃ স্বাতিবিশবে প্রিক্ষের প্রতিবিধানই স্কল্পান্তির একমান্ত কর্ত্তর। কিন্তু জীবস্বরূপে স্বরূপণান্তি নাই (১৪৯-শোকের টীকা জ্বইষ্)); স্ত্তরাং স্বরূপণান্তির বৃত্তিবিশেষরূপ ক্ষপ্রেমও জীবের মধ্যে স্তাবতঃ থাকিতে পারে না; তাই বলা হইয়াছে—হেন প্রেমা নৃলোকে না হয়। মহন্য লোকের জীব স্বরূপ-শান্তির কুপা হইতে পঞ্চিত বিলয় মাল্লান্তিদারা কবলিত (ভূমিকাল্ল জীবতত্ব প্রবন্ধ কুইব্য); মাল্লান্তি স্বরূপনাই জীবের কিবল্লেই স্ক্রেমা রাবিতে—চাহে; তাই মাল্লাবদ্ধ জীবের সমস্ত চেষ্টাতেই স্ক্রেমান্ত্রান্ত্র করিলা রাবিতে—চাহে; তাই মাল্লাবদ্ধ জীবের সমস্ত চেষ্টাতেই স্ক্রেমান্ত্রান্তর করিলে বিলয় তাহার গতি পাকে জীবের নিজের দিকে, স্বীয় ইন্দ্রিয়-তৃত্তির দিকে; তাই ইহা অকৈতব নয়। যাহা হউক, জীবচিত্তে স্বাভাবিকরূপে ক্রমপ্রেম না থাকিলেও ক্রমপ্রেমের আবির্ভাব হইতে পারে—লোহে স্বভাবতঃ দাহিকা শান্তিনা পাকিলেও অগ্নির সংযোগে তাহাতে ঘেমন দাহিকা শান্তির সঞ্চার হয়, তজ্ঞপ। কিঞ্চ জীবচিত্তে কিল্লপে প্রেমের সঞ্চার হইতে পারে দ্বিতিসক্তে ও অন্তর্জেদ হইতে জানা যায়—শ্রীক্রম্ব সর্ব্বনিহি স্বর্গদিকে তাহার স্কর্গশন্তির বৃত্তিবিশেষকে নিশিপ্ত করিতেছেন। প্রবণকীর্ত্তনাদি সাধনাক্ষের অন্তর্ভাবে জীবের চিত্ত যথন বিশুদ্ধ হয়, তখন উক্তরূপে নিশিপ্ত স্বরূপণান্তির বৃত্তিবিশেষ তাহার বিশুদ্ধ চিত্তে গৃহীত হইরা চিত্তকে নিজের সহিত তাদাল্য প্রাপ্ত করাইলা নিজে ভক্তিও প্রেম্বের উদ্বিত্ত কর্বরে উদ্বা। প্রক্রাই জীবচিত্তে ক্রম্বপ্রেমের আবির্তান হইতে পারে।

উল্লিখিত প্রকারে যদি হয়ে তার যোগ—যদি চিত্তের গঙ্গে তার (কুফ্পেএনের) যোগ (সংযোগ) হয়, প্রীকৃষ্কৃরপায় যদি চিত্তে কৃষ্পেপ্রেনের আবির্ভাব হয়, তাহা হইলে না হয় তার বিয়োগ—তার (আবির্ভূত প্রেনের আর চিত্তের সঙ্গে) বিয়োগ হয় না, চিত্ত হইতে সেই প্রেম তিরোহিত হয় না। কেহ মনে করিতে পারেন, প্রেমবস্তুটী যথন জীবচিত্তের স্বাভাবিক সম্পত্তি নহে, কৃষ্কৃরপায় প্রাপ্ত আগস্থক বস্তুমাত্র, তথন ইহা স্থামী না হইতেও পারে; অয়ি-তাদাল্যপ্রাপ্ত লোহের দাহিকা শক্তির হায় সময়ে অন্তর্হিত হইয়াও আইতেও পারে। এই আশক্ষার উত্রেই যেন বলিতেছেন—না, তা নয়, চিত্তে কেবার প্রেমের উদয় হইলে তাহা আর অন্তর্হিত হয় না। জলন্ত অয়ির সহিত লোহের সংযোগ নয় হইলেই অয়ি হইতে প্রাপ্ত লোহের দাহিকা শক্তি জমনঃ অন্তর্হিত হইয়া যায়। তদ্ধপ চিত্তের সহিত আগভ্ক-ম্রপ্রশ্তির সংযোগ নয় হইলেই প্রেমও জ্বননঃ অত্ত্রিত

### গৌর-কূপা-তরক্ষিণী-টীকা।

হইয়া যাইতে পারে। কিন্তু স্বরূপশক্তির সংযোগ নষ্ট হয় না, স্বরূপশক্তি জীবচিত্তকে একবার রূপা করিলে সেই কপা হইতে তাহাকে আর বঞ্চিত করেনা। ইহার হেতুও আছে। স্বরূপ-শক্তির একমাত্র কুতাই হইল একিঞ্চের সেবা, শ্রীক্তম্পের প্রীতিসম্পাদন! ভজের প্রেমরস-নির্যাস আস্বাদনেই তাঁহার সর্বাতিশায়িনী প্রীতি; স্কুতরাং এই আস্বাদনের আতুক্ল্য বিধানই স্বরূপশক্তির স্বধর্ম। এই আতুক্ল্য বিধানেই স্বরূপশক্তি সর্বাদা তৎপরা, তাই স্বরূপ-শক্তি একফের লীলাধামরূপে, নিত্যসিদ্ধ পরিকররূপে, পরিকর-চিত্তে প্রেমরসরূপে, নিত্যসিদ্ধ এবং সাধনসিদ্ধ জীবহৃদয়েও প্রেমরসরূপে বিরাজিত। সেবাবাসনার একটা স্বাভাবিক ধর্ম এই যে, নিত্য নিরবচ্ছিন্ন ভাবে সেব্যের প্রীতিবিধানেও ইহার সেবোৎকণ্ঠা প্রশমিত হয় না, বরং উত্তরোত্তর বর্দ্ধিতই হয়। স্বরূপশক্তির কৃষ্ণদেবার উৎকণ্ঠাও উত্তরোত্তর বর্দ্ধনশীলা, তাই পরিকরভুক্ত ভক্তদের চিত্তের প্রেমর্য শ্রীকৃষ্ণকে নিত্য নিরবচ্ছিন্ন ভাবে আস্বাদন করাইয়াও তাহার যেন বলবতী বাসনা জাগে—কিসে প্রেমরস-নির্য্যাসের পাত্র-সংখ্যা ব্রিষ্ঠিত করা যায়। এক বিরাট অনাবাদিত ক্ষেত্র আছে প্রাকৃত ব্রহ্মাণ্ডে মায়াবদ্ধ জীবের অসংখ্য চিত্ত। তাই সেই দিকেই স্বরূপ-শক্তির লক্ষ্য। সর্কাদাই সুযোগ সন্ধান করা হইতেছে। জীবচিত যখন মলিন থাকে, তথন সেই স্থাগে ঘটেনা, শ্রীকৃষ্ণকর্তৃক নিক্ষিপ্ত স্বরূপ-শক্তির বৃত্তিবিশেষ যেন মলিন চিত্ত হইতে ছিট্কাইয়া দূরে অপসারিত হইয়া যায়। যথন চিত্ত শুদ্ধ হয়, তখনই স্বন্ধপ-শক্তির স্থাগে উপস্থিত হয়, তখনই স্বন্ধপ-শক্তি ঐ চিভাকে রূপা করে, সেই চিত্তে প্রেমরূপে পরিণত হইয়া চিত্তকে প্রেমরূসের ভাণ্ডায়ে পরিণত করিয়া এরিক্ষের সাক্ষাতে উপস্থিত করে। জীবকে এই ভাবে রূপা করাই যথন স্বরূপ-শক্তির স্বধর্ম, তথন ইহা সহজেই বুঝা যায় যে, যে চিত্ত একবার স্বরূপ-শক্তির রূপা লাভ করে, সেই চিত্ত আর সেই রূপা হইতে বঞ্চিত হয় না, যে চিত্তে একবার প্রেম আবিভূতি হয়, সেই চিত্ত হইতে প্রেম আর অন্তহিত হয় না—অন্তহিত হওয়া প্রেমরসলোলুপ শ্রীক্লফেরও অভিপ্রেত নয়, রুষ্ণস্থাবিক-তাৎপর্য্যময়ী সেবার জন্ম উৎক্ষিতা স্বরূপ-শক্তিরও অভিপ্রেত নয় । এই অবস্থায় কে প্রেমকে অপ্সারিত করিতে পারে ? যাহা হউক, প্রেমের শীক্ষাক্ষিণী শক্তি আছে; যে চিতে প্রেম আছে, সেই চিত্তে শ্রীকৃষণও আছেন—"প্রণায়-রশনয়া ধৃতাজ্যি পদা" হইয়া, সাধুভক্তদারা "গ্রন্তার্দায়" হইয়া থাকেন। যতক্ষণ প্রেম থাকিবে, ততক্ষণ প্রেমরসলোলুপ শ্রীকৃষ্ণ সেই চিত্ত ত্যাগ করেন না। ভক্তচিত্তে প্রেম যথন সর্ব্বদাই থাকে, তথন তাহাতে শ্রীক্ষণ্ড সর্ব্যাই থাকেন, কখন্ড শ্রীক্ষাের সহিত সেই চিত্তের বিয়োগ (বিরহ) হয়না (পূর্ববর্তী শ্লোকের টীকা দ্রষ্টব্য )। এই নিরবচ্ছির মিলনের আনন্দ ক্লেঞ্চর পক্ষে যেমন আস্বান্ত, ভক্তের পক্ষেও তেমনি আস্বাত্ম। তবে উৎকণ্ঠা বাড়াইয়া রস-আস্বাদনের নবায়মান চমৎকারিত্ব বিধানের নিমিত্ত শ্রীকৃষ্ণ ভত্তের নিকট হইতে কৌতুক্বশতঃ সময়ে সময়ে একটু দূরে অবস্থান করেন; তখন শ্রীকৃষ্ণের সহিত ভক্তের সাময়িক বিরই (বিয়োগ) হইতে পারে; তথন ভক্ত মনে করেন—"আমার চিত্তে প্রেম নাই, ন প্রেমগন্ধোহন্তি দরাপি মে হরে । বিদ প্রেম থাকিত, তাহা হইলে কি. প্রীরুষ্ণ আমার নিকট হইতে দূরে চলিয়া যাইতেন ?" তখন শ্রীকৃষ্ণবিরহ্বশতঃ "বাহে বিষজালা হয়" বটে কিন্তু "ভিতরে আনন্দময়"। যেহেতু, এই প্রেমার আস্বাদন, "তপ্ত ইক্ষু-চর্ব্বণ, মুখ জলে না যায় ত্যজন। সেই প্রেমা যার মনে, তার বিক্রমসেই জানে, বিষায়তে একত্রে মিলন ॥২।২।৪৫॥" যাহা হউক, শ্রীরুষ্ণ-বিরহে "ভিতরে আনন্দময়" হইলেও রুষ্ণ্যেবা হইতে বঞ্চিত ইওয়ার ছুংখের অসহ জালা "বাহ্য বিষজালাকে" এমন এক তীব্রতা দান করে, যাহাতে ভক্ত প্রাণত্যাগ করিতে পর্য্যস্ত রুতসঙ্কল হন। তাই বলা হইয়াছে, বিয়োগ হৈলে কেছো না জীয়য়—বিরহ হইলে কেছই জীবিত থাকেনা, থাকিতে পারেনা। (ইহা শ্লোকস্থ "বিরহে হোত্তমি কঃ জীঅই" অংশের অর্থ)। কিন্ত বাস্তবিক মরাও হয় না (পূর্ববর্তী শ্লোকের টীকা দ্ৰপ্তব্য )।

পূর্ব্ববর্ত্তী ৩৬।৩৭ ত্রিপদী হইতে বুঝা যায়, প্রভুর চিত্তে যে ক্লফপ্রেম নাই, তাহার প্রমাণ রূপেই তিনি "কই অব রহিঅং" শ্লোকটী বলিয়াছেন। তাঁহার যুক্তি এইরূপ—"মন্ত্র্যালোকে সাধারণতঃ অকৈতব-ক্লুপ্রেম কাহারও এত ক**হি শচী**স্ত্ৰত, শ্লোক পঢ়ে অদ্ভুত, শুনে দোঁহে একমন হৈয়া। আপন হৃদয়কাজ, কহিতে বাসিয়ে লাজ, তবু কহি লাজবীজ খাইয়া॥ ৩৯ তথাহি মহাপ্রভূপাদোক্তঃ শ্লোকঃ—
ন প্রেমগন্ধোহস্তি দরাপি মে হরো
ক্রেনামি মোভাগ্যভরং প্রকাশিতুম্।
বংশীবিলাস্তাননলোকনং বিনা
বিভাগ্যি মহ প্রাণপতঙ্গকান রুগা॥ ৬॥

### ধ্যোকের সংস্কৃত দীকা।

ন প্রেমেতি। হরে। শ্রীনন্দনন্দনে মে মম প্রেমগন্ধঃ প্রেমাভাসঃ দরাপি স্বল্লোহপি নাস্তি। সৌভাগ্যভরং নিজসৌভাগ্যাতিশয়ং প্রকাশিতৃং ক্রন্দামি রোদনং করোমীত্যর্থঃ। বংশীবিলাসী নন্দনন্দনস্তস্থাননলোকনং মুখারবিন্দ-দর্শনং বিনা যৎ যত্মাৎ প্রাণপতঙ্গকান্ বিভর্মি ধার্য়ামি। ইতি শ্লোকমালা। ৬।

### গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

হয় না; আমার তাহা পাকিবে কিরাণে? কদাচিৎ ত্'এক জনের ভাগ্যে অকৈতব-প্রেমলাভ ঘটে বটে; কিন্তু আমার সেই সৌভাগ্য হয় নাই—যদি হইত, তাহা হইলে রুক্ষের সহিত আমার মিলন হইত এবং কথনও বিরহ হইত না, বিরহ হইলেও আমি আর বাচিতাম না; কিন্তু তোমরা দেখিতেছ—রুক্ষের সহিত আমার মিলন হয় নাই—তথাপি আমি এখনও জীবিত আছি; ইহা হইতেই বুঝা যায় যে, আমার ক্ষণপ্রেম নাই।"

এস্থলে যে যুক্তির কথা বলা হইল, ঠিক এইরূপ যুক্তি-অনুসারেই প্রবর্তী "ন প্রেমগদ্ধেহেন্তি" ইত্যাদি শোকেও প্রভু সপ্রমাণ করিতে চেষ্টা করিয়াছেন যে, অকৈতব-প্রেমতো দূরের কথা, কপ্টপ্রেমও তাঁহাতে নাই। বলা বহুল্য, এ সমস্তই প্রভুর দৈন্তোক্তি। বস্তুতঃ, কুষ্পপ্রেমের স্বভাবই এই যে, যাহার এই প্রেমধন আছে, তিনিই মনে করেন, প্রেমের লেশ্যাত্রও তাঁহাতে নাই।

তবু কহি লাজবীজ খাইয়া॥"-বাক্যকে বুঝাইতেছে; যদি পূর্ব্বর্তী "আকৈতব ক্ষংপ্রেম" ইত্যাদি বাক্যকে বুঝাইত, তাহা হইলে "আপন হৃদয় কাজ" ইত্যাদি বাক্যের কোনও সঙ্গতি থাকিত না। শ্লোক পঢ়ে—পরবর্তী "ন প্রেমগনেইন্ত" ইত্যাদি শ্লোক পড়িলেন। দোঁহে—রায়-রামানন ও স্বরূপ-দামোদর। আপন হৃদয়-কাজ—
নিজের হৃদয়ের কার্যা; ক্ষণপ্রেম না থাকা সত্ত্বেও আমার হৃদয় ক্ষণপ্রাপ্তির বাসনা করে, এবং ক্ষণকে না পাইয়া জন্দন করে—তাহা। বাসিয়ে লাজ—লজ্জা হয়। লাজবীজ খাইয়া—লাজের মাথা খাইয়া, লজ্জা ত্যাগ করিয়া, নির্লজ্জ হইয়া।

শো। ৬। তাষা । হরে (হরিতে—শ্রীকৃষ্ণে) দরাপি (স্বর্ল্যাত্রও) প্রেশগন্ধঃ (প্রেশের পদ্ধ) মে (আশার) নাস্তি (নাই)। সোভাগ্যভরং (সৌভাগ্যাতিশর) প্রকাশিভূং (প্রকাশ করিতেই) ক্রন্দামি (ক্রন্দন করি)। যৎ (যেহেছু) বংশীবিলাস্থাননলোকনং বিনা (বংশীবিলাগী শ্রীকৃষ্ণের মুখদর্শন ব্যতীতও) প্রাণপতঙ্গকান্ (প্রাণপতঙ্গকে) বুথা বিভর্মি (বুথা ধারণ করিতেছি)।

তার্বাদ। শ্রীক্ষাং আমার স্বল্লমাত্র প্রেমগন্ধও নাই; কেবল নিজের সৌভাগ্যাতিশন (আমি নিজে যে অত্যস্ত সৌভাগ্যশালী, তাহা) প্রকাশ করিবার নিনিত্তই ক্রন্দন করিতেছি। কেন না (আমাতে যে প্রেমের লেশমাত্রও নাই, তাহার প্রমাণ এই যে, ) বংশীবিলাসী শ্রীক্ষাংকর মুখদর্শন ব্যতীতও আমি প্রাণপতঙ্গকে বুগা ধারণ করিতেছি। ৬।

পরবর্ত্তী ত্রিপদী-সমুহে এই শ্লোকের তাৎপর্য্য বিবৃত হইরাছে।

অস্তার্থঃ। বথারাগঃ॥
দূরে শুদ্ধপ্রেম-গদ্ধ, কপট প্রেমের বন্ধ,
সেহ মোর নাহি কৃষ্ণ-পায়।
তবে যে করি ক্রন্দন, সমৌভাগ্য-প্রখ্যাপন,
করি ইহা জানিহ নিশ্চয়॥ ৪০

যাতে বংশীধ্বনি-স্থ , না দেখি সে চাঁদমুখ, যক্তপি সে নাহি আলম্বন। নিজদেহে করি প্রীতি, কেবল কামের গীতি, প্রাণকীটের করিয়ে ধারণ॥ ৪১

### গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

8০। শুদ্ধ—স্থ্য-বাসনাশূল। প্রেম্-গন্ধ —প্রেমের গন্ধ; প্রেমের লেশ মাত্র। দূরে শুদ্ধ-প্রেমণন্ধ—স্থ্যবাসনাহীন শুদ্ধপ্রেমের লেশনাত্রও আমাতে থাকা তো দূরের কথা; অর্থাৎ অকৈতব রুফ্-প্রেমের গন্ধমাত্রও আমাতে তো নাইই। এইরূপ দৈল শুদ্ধপ্রেমের স্বভাব হইতেই উদ্ভূত হয়। কপটি—নিজের স্থাবে বাসনাযুক্ত। বন্ধ—বন্ধন; বন্ধন করা যায় যদ্ধারা। সেহ—কপট-প্রেমের বন্ধনও। কৃষ্ণপায়—কুষ্ণের পায়ে; শীক্ষেরে চরণের গদ্ধের বন্ধনও আমার নাই।

দৈভোৱ সহিত প্রভু বলিতেছেন—"নিজের কোনও উদ্দেশ্যসিদ্ধির নিমিত অনেকেই শ্রীরুষ্ণের চরণ আশ্রয় করিয়া থাকে; কিন্তু এই ভাবে শ্রীরুঞ্চরণের আশ্রয় গ্রহণও আমার ভাগ্যে হইয়া উঠে নাই—কুঞ্সুবৈধকতাৎপর্য্যময় প্রোমের কথা তো বহুদ্রে।" ইহা শ্লোকস্থ প্রথম চরণের অর্থ।

আছো, যদি প্রীকৃদ্ধের চরণে ভোগার প্রেগই না থাকে, ভবে ভূমি জ্রন্দন করিভেছ কেন ? ইহার উত্তরে বলিভেছেন "তবে যে করি জ্রন্দন" ইত্যাদি। স্বাসোভাগ্য—নিজের সৌভাগ্য। প্রাসাপন—জ্ঞাপন। স্বাসোভাগ্য প্রেমাভাগ্য প্রাসাপন করি—নিজের সৌভাগ্য জ্ঞাপন করি বা জানাই। আমি যে অত্যন্ত প্রেমিক, তাই অত্যন্ত গোভাগ্যবান্—ইহা সকলকে জানাইবার জন্মই আমি ক্রন্দন করি, আমি রুক্তপ্রেমে জ্রন্দন করি না। এইরূপ ক্রন্দন করিলে লোকে আমাকে অত্যন্ত প্রেমিক বলিয়া প্রশংসা করিবে, এই আশায়ই আমি ক্রন্দন করি। আমার ক্রন্দন কপট-ক্রন্দন প্রতিষ্ঠা বা স্ব্যাতি লাভের জন্মই আমি ক্রন্দন করি।

ইহা শ্লোকস্থ বিতীয় চরণের অর্থ।

৪১। একিকে কপট-প্রেমের বন্ধনও যে নাই, তাহা কিরূপে বুঝিলেন, তাহা বলিতেছেন।

ভাষয়। যাহাতে বংশীধানিস্থ (জন্ম), সেই চাঁদমুখ দেখি নাই (বলিয়া) যছপি (আমার) সেই (চন্দ্রম্থ-শ্রীকৃষ্ণরূপ) আলম্বন নাই, (তথাপি আমি) নিজ্পদেহে প্রীতি করিতেছি; ইহা কেবলই কামের রীতি; (কামের রীতিতেই) প্রাণকীটের ধারণ করিতেছি।

ষাতে বংশীধানে সুখ—যাতে (যে মুগচন্দ্রে) বংশীধানি হিথ জন্ম; যে মুগচন্দ্রে বংশীধানিত হুথ জন্ম।
না দেখি সে চাঁদমুথ—সেই চক্রবদন না দেখিয়া; শীক্নফের সেই চক্রবদন দেখিতে না পাওয়ায়। আলম্বন—
বিষয়ালম্বন; প্রেমের বিষয়। যাহার প্রতি প্রেম করা যায়, তাহাকে প্রেমের বিষয় বলে; এইলে শীক্নফের মুগ্চক্রই (অর্গাৎ শীক্নফেই) প্রেমের বিষয়। যাত্সি সেইত্যাদি—যদিও সেই (চক্রবদনরূপ) আলম্বন নাই।

বংশীবিলাসী প্রীক্ষেরে মুগচন্দ্র যদি দর্শন করা যায়, তাহা হইলে সেই মুথের সৌন্দর্য্যে ও মাধুর্য্যে আরুষ্ঠ হইয়া সেই মুগকে (বা সেই মুগচন্দ্রে অধিকারী প্রীক্ষকে) প্রেমের বিষয়ীভূত করা যায়। যদি সেই মুথের দর্শন পাইতাম, তাহা হইলে—প্রীক্ষেয়ে অকৈতব-প্রেম না জন্মিলেও—অন্ততঃ নিজের স্থেরে উদ্দেশ্যেও হয়তো তাঁহাতে প্রেম করিতে পারিতাম; কিন্তু তাঁহার চন্দ্রবদনের দর্শন যথন আমার ভাগ্যে ঘটে নাই, তথন তাঁহার চরণে কপট-প্রেমের বন্ধনও (নিজের স্থেগর নিমিত্তও তাঁহাতে প্রেম করার ভাগ্যও) যে আমার নাই, ইহাতে আর কি সন্দেহ আছে ? (ইহা শ্লোকস্থ তৃতীয় চরণের অর্থ)। তথাপি আমি নিজদেহে করি প্রীতি—নিজ দেহের প্রতি প্রীতি প্রদর্শন করিতেছি, প্রীতির সহিত নিজদেহের লালন-পালন মার্জন-ভূষণ করিতেছি;

কৃষ্ণপ্রেম স্থানির্মাল, যেন শুদ্ধ-গঙ্গাজল, সেই প্রেমা অমৃতের সিন্ধ নির্মাল দে অনুরাগে, না লুকায় অন্য দাগে, শুক্রবস্ত্রে ঘৈছে মদীবিন্দু॥ ৪২

### গৌর-কুপা-তরজিণী-টীকা।

আমার দেহের এই প্রীতিমূলক লালন-পালনের সহিত শ্রীক্ষের কোনও সম্বন্ধই নাই; দেহের মঙ্গলাদির উদ্দেশ্যেও যদি একিফের প্রতি প্রীতি দেখাইতাম, তাহা হইলেও বরং একিফে আমার কপট প্রেম থাকিত; কিন্তু তাহাও যথন ক্রিতেছিনা, তথন ইহা আমার শুদ্ধ-কাম্ব্যতীত আর কিছুই নহে। **কেবল কামের রীতি**—এক্সাত্র কামেরই আচরণ। "আত্মেন্দ্রিয়-প্রীতি-ইচ্ছা—তারে বলি কাম। ১।৪।১৪১॥" একমাত্র নিজের ইন্দ্রিয়-ভৃপ্তির বাসনার নামই কাম ; প্রভু দৈন্তপূর্বাক বলিতেছেন—"আমি যে দেহের প্রতি প্রীতি দেখাইতেছি, তাহার সহিত শ্রীক্কঞ্চের কোনওরূপ সম্বন্ধ নাই বলিয়া, তাহা শুদ্ধ কাম মাত্র; এই কামের অন্নরোধেই আমি প্রাণকীটের করিয়ে ধারণ—প্রাণরূপ কীটের পোষণ করিতেছি, প্রাণধারণ করিতেছি।" ক্লফ্লেবার নিমিন্ত যদি প্রাণধারণ করা যায়, তাহা ২ইলেই প্রাণধারণ সার্থক হইতে পারে; কেবল নিজের স্থথের নিমিত্ত বাঁচিয়া থাকার সার্থকতা নাই, এইরূপ প্রাণধারণ নিরর্থক। ইহা শ্লোকস্থ চতুর্থ চরণের অর্থ। শ্লোকে আছে "প্রাণ-পতঙ্গকান্"—তাহারই অন্থবাদ "প্রাণকীট।" মন্তুয়াদি প্রাণীর তুলনায় কীট যেমন অতি তুচ্ছ, কুষ্ণনেধার উদ্দেশ্যে রক্ষিত প্রাণের তুলনায় আত্মদোবার উদ্দেশ্যে রক্ষিত প্রাণও তেমনি অতি তুচ্ছ—ইহাই "কীট" শব্দের ব্যঞ্জনা। প্রাণ পাঁচ রক্মের—প্রাণ, অপান, স্মান, উদান ও ব্যান; প্রাণবায়ুর স্থিতি হৃদয়ে, অপান-বায়ুর স্থিতি গুহুদ্বারে, স্মান্বায়ুর স্থিতি নাভিদেশে, উদানবায়ুর স্থিতি কণ্ঠদেশে এবং ব্যানবায়ুর স্থিতি সর্কশরীরে। প্রাণবায়ুর ক্রিয়ার অন্নপ্রবেশ, অপান বায়ুর ক্রিয়ায় মূত্রাদির বহির্গমন, সমানবায়ুর ক্রিয়ায় পরিপাক, উদানবায়ুর ক্রিয়ায় কথাবার্ত্ত এবং ব্যানবায়ুর ক্রিয়ায় নিমেয়াদি ব্যাপার সংঘটিত হয়; (প্রাণ পাঁচ রকমের বলিয়া শ্লোকে বহুবচনাস্ত প্রাণপতঙ্গকান্ শব্দ আছে); পাঁচটা প্রাণের প্রত্যেকটীর ক্রিয়ার সহিতই যদি শ্রীকৃষ্ণসম্বন্ধ থাকে, তাহা হইলেই তাহার ক্রিয়া সার্থক হইতে পারে; শ্লোকস্থ বহুবচনাস্ত "প্রাণপতস্কান্" শন্ধ-প্রয়োগের তাৎপর্য্য—"শ্রীকৃষ্ণসম্বন্ধরহিতভাবে আমার প্রাণ ধারণে পাঁচটী প্রাণই আমার ব্যর্থ হইয়া যাইতেছে, আমার আহার বিহার-শ্বাস-প্রশ্বাসাদি সমন্তই বুথা—সমস্তই কেবল আত্মেক্ত্রিয়প্রীতিরূপ কামের পুষ্টিসাধনই করিতেছে। আমার এই ম্বণিত প্রাণধারণেও ধিক।"

৪০।৪২ ত্রিপদীর যুক্তি এই:--- শ্রীক্ষেরে সহিত প্রত্যক্ষ বা পরোক্ষ— কোনওরূপ সহন্ধ না রাখিয়াও আমি যথন প্রাণধারণ করিতেছি, নিজদেহের প্রতি প্রীতি দেখাইতেছি, তখন আর সদেহ কোপায় যে, আমাতে অকৈতব-প্রেম তো দূরের কথা, কপট-প্রেমও নাই ?"

8২। শুদ্ধপ্রেমের মহিনা ব্যক্ত করিতেছেন, ৪২-৪০ ত্রিপদীতে। স্থানির্মাল—মাহাতে বিন্দুমাত্রও মলিনতা নাই; সমাক্রপে বিষয়বাসনাদিশ্ন । শুদ্ধ গঙ্গাজল—তৃণ-কর্দ্ধনাদিশ্ন গঙ্গাজল; যে গঙ্গাজলে তৃণপত্র বা কোনওরূপ কর্দ্দনাদি নাই। তৃণ-কর্দ্ধনাদিশ্ন গঙ্গাজল যেমন সংসার-নোচক এবং স্থাত্ব, বিশুদ্ধ (আত্মপ্রবাসনাশ্র) ক্ষণ-প্রেমও তদ্ধপ সংসার-মোচক এবং অতি মধুর। গঙ্গাজলের মহিত কৃষ্ণপ্রেমের তুলনা করার আরও তাৎপর্য্য এই যে, তৃণ-কর্দ্দনাদি মিশ্রিত থাকুক আর না-ই থাকুক, সর্বাবিস্থাতেই গঙ্গাজল জীবকে সংসার হইতে মুক্ত করিতে পারে; তৃণকর্দ্দনাদি মিশ্রিত থাকিলে স্থাত্ব হয় না মাত্র—ক্ষপ্রেমও তেমনি স্থাত্ববাসনাযুক্তই হুউক, আর স্থাথ্ববাসনাশ্রুই হুউক, সর্বাবিস্থাতেই জীবের সংসার-বন্ধন বিনষ্ট করিতে পারে; তবে স্থাথ্বাসনাযুক্ত হইলে তাহা মধুর হয় না, এই মাত্র প্রভেদ। যদি বল স্থাথবাসনাযুক্ত কৃষ্ণপ্রেম যে জীবের সংসার ক্ষর করিতে পারে, তাহার প্রমাণ কি ? উত্তর—
"কৃষ্ণ কছে আমায় ভজে মাগে বিষয়-স্থা। অমৃত ছাড়ি বিষ মাগে এ ত বছ মূর্য। আমি বিজ্ঞ সেই মূর্যে বিষয় কেন্দির। স্বচরণামৃত দিয়া বিষয় ভুলাইব॥, ২।২২।২৫-২৬॥"

শুদ্ধপ্রেম-স্থ্যসিন্ধু, পাই তার একবিন্দু,
সেই বিন্দু জগৎ ডুবায়।
কহিবার যোগ্য নহে, তথাপি বাউলে কহে,
কহিলে বা কেবা পাতিয়ায় ? ॥ ৪৩

এইমত দিনে দিনে, স্বরূপ-রামানন্দ-সনে,
নিজভাব করেন বিদিত।
বাহ্যে বিষজালা হয়, ভিতরে আনন্দময়,
কৃষ্ণপ্রেমার অদ্ভুতচরিত॥ ৪৪

### গৌর-কৃপা-তরঙ্গিণী টীকা।

অমৃতের সিন্ধু—অমৃতের মহাসমুদ্র। স্থানির্মাল কৃষ্ণপ্রেম অমৃতের সিন্ধুর তুল্য স্থাত্ব এবং অপরিমেয়; শুদ্ধপ্রেম অমৃতের স্থায় আস্থাদন-চমৎকারিতা আছে এবং স্থাচিরকাল পর্যান্ত বহুলোকে আস্থাদন করিলেও ইহার পরিমাণ হ্রাস প্রাপ্ত হয় না—বহুকালব্যাপী সুর্য্যোত্তাপাদি দারাও যেমন সমুদ্রের জল হ্রাসপ্রাপ্ত হয় না, তদ্ধপ।

নির্মানে সে অনুরাগে — সেই স্থিনি ক্ষাপ্রেনে। অন্যদাগে— অন্য চিহ্ন, স্বস্থবাসনা দিরূপ চিহ্ন।
মসীবিন্দু—কালির বিন্দু। পরিষ্কার শুক্রবস্ত্রের ক্ষুদ্র কালির চিহ্নটীও যেমন ধরা পড়ে, এই স্থনির্মাল ক্ষাপ্রেমের
সহিত সামান্যমাত্র অন্যবাসনা থাকিলেও তাহা আপনিই প্রকাশ হইয়া পড়ে।

80। শুদ্ধপ্রেম-সুখিসিন্ধু—এই শুদ্ধ-ক্ষণপ্রেম স্থাবের সিন্ধু (মহাসমূদ্র) তুলা; কিন্তু সমূদ্রতুলা হইলেও জগৎকে স্থাবের বল্লায় ভাসাইবার জন্ম সমূদ্রের দরকার হয় না; পাই তার এক বিন্ধু—মেই শুদ্ধপ্রেমরূপ স্থাসমূদ্রের এক বিন্ধু বিদ্ধু জগৎ পায়, তাহা হইলে, সেই বিন্ধু জগৎ পুবায়—মেই একবিন্ধুই সমস্ত জগৎকে ডুবাইয়া দিতে সমর্থ। "জগৎকে ডুবাইয়া দেওয়া"-বলিলে—স্বপ্রথবাসনাদি যাবতীয় জাগতিক বিষয়কে ডুবাইয়া দেওয়া বুঝায়। এই ত্রিপদীর তাৎপর্য্য এই যে—শুদ্ধপ্রেমে যে অপরিমিত স্থা আছে, তাহার এক বিন্ধুর—মাগান্তামাত্রের—আস্বাদনেই যাবতীয় বিষয়-বাসনা সমাক্রপে তিরোহিত হইতে পারে—শুদ্ধপ্রেমের সামান্তামাত্র আস্বাদনেই—সমগ্র বিষয়স্থাবের সমবেত আস্বাদন-মাধুর্য্যও নিতান্ত অকিঞ্চিংকর এবং স্কারজনক বলিয়া প্রতীয়মান হইবে।

কহিবার যোগ্য নহে—এই শুদ্ধ-প্রেমের স্থ্য অবর্ণনীয়, বর্ণনা করিয়া শেষ করা যায় না; কারণ "সেই প্রেমা অমৃতের সিল্প।" বাউলে কহে—বাউল অর্থ বাজ্ল, পাগল। ঐ প্রেম-স্থিসিল্পর একবিন্দু পান করিলেও লোক বাউল (পাগল) হইয়া যায়, পাগল হইয়া সেই স্থাথের বর্ণনা করিতে যায়। পাতিয়ায়—প্রত্য়ে করে, বিশ্বাস করে। ঐ স্থাথের কথা বলিলেও কেহ বিশ্বাস করে না; কারণ, যিনি ইহা অমুভব করিয়াছেন, তিনি ব্যতীত অচ্ছে ইহার মর্ম বুঝিতে পারে না।

88। কৃষ্ণপ্রেমে যে স্থাতুঃৰ যুগপৎ বিজ্ঞান, তাহাই বলিতেছেন, ৪৪-৪৫ ত্রিপদীতে।

**দিনে দিনে—**প্রতিদিন। করেন বিদিত—মহাপ্রভু জানান। বাত্যে—বাহিরে।

বিষজালা হয়—বিষের জালার জায় কষ্ট্রদায়ক। অমৃত্যয়—অমৃতের জায় স্থাদায়ক। এই প্রেমে বিষের জালার জায় বাহিরে হংখাহভব হইলেও মনে মহা আনন্দ থাকায় কোনও কষ্টই হয়না, পরন্ত স্থাই হয়। যেহেতু স্থা-হংখ মনের ধর্ম, শারীরের নহে।

হলাদিনীশক্তিরই বৃত্তিবিশেষ বলিয়া প্রেম স্বরূপতঃই স্থাস্বরূপ, বিরহ হইল এই স্থাস্বরূপ প্রেমেরই বৈচিত্রীবিশেষ, তাই ইহা বস্তুতই প্রম-আস্বাচ্চ। তপ্ত ইক্ষু তপ্ত হইলেও মিষ্ট। এবিষয়ে বৃহদ্ভাগবাম্ত বলেন— "প্রাগ্যছাপি প্রেমক্রতাং প্রিয়াণাং বিচ্ছেদ্দাবান্লাবেগতোহস্তঃ। সন্তাপজাতেন হ্রন্তশোকাবেশেন গাঢ়ং ভবতীব হৃঃথম্॥ তথাপি সন্তোগস্থাদপি স্তুতঃ স কোহপ্যনির্কাচ্যতমো ননোরমঃ প্রমোদরাশিঃ পরিণামতো ধ্বং তত্ত্ব ফুরেন্ডদ্রিকিকবেছঃ॥ ১০০১২০-৪॥—প্রেমক্রত প্রিয়জন-বিরহানলের বেগ হইতে যে সন্তাপ জন্মে, তজ্জনিত হ্রন্ত শোকের প্রবেশ হইলে প্রথমতঃ অন্তরে হৃঃথ হয় বটে, কিন্তু পরিণামে সন্তোগ-স্থথ হইতেও প্রশংসনীয় যে এক অনির্কাচনীয় রসিক-জনৈকবেছ্য, মনোরম, আননদরাশির ক্ষুর্ত্তি হয়, তাহা নিশ্চিত।"

এই প্রেমার আস্বাদন, তপ্ত-ইক্ষ্-চর্ববণ মুখ জলে, না যায় তাজন। সেই প্রেমা যার মনে, তার বিক্রম সে-ই জানে, বিধায়তে একত্র মিলন ॥ ৪৫ তথাহি বিদ্যানাধ্যে (২।৩০)—
পীড়াভির্নবকালকূট-কটুতা-গর্বস্থ নির্বাসনাে
নিঃস্তন্দেন মুদাং স্থধানধুরিমাহঙ্কার-সঙ্কোচনঃ
প্রেমা স্থদারি! নন্দনন্দনপরাে জাগ্রতি মস্তান্তরে
জারত্তে ফুটমস্থ বক্রমধুরান্তেনৈব বিক্রান্তরঃ॥ ৭

### শ্লোকের সংস্কৃত চীকা।

পীড়াভিরিতি। পীড়াভি: কৃত্বা নবকালকৃটশু সর্পশাবকবিষম্ভ কটুতায়াঃ যো গর্ব তম্ভ নির্বাস্নঃ অনাশ্রমপ্রদঃ নিঃশুলেন, প্রবণেন মুদাং হ্র্যাণান্। স্থামধুরিমাহঙ্কারসঙ্কোচনঃ স্থায়াঃ অমৃতস্থ মধুরিমা মাধুর্যোণ যোহহঙ্কার স্তং সঙ্কোচয়তি থক্ষীকরোতি ইতি তথা। স্থানির হে নান্মিমুথি! নন্দনন্দনপরঃ শ্রীরঞ্চবিষয়ঃ প্রোমা যম্ভ জনস্থ অস্তরে স্থানি জোয়ত্তে তেনৈব বুধান্তে অম্ভ প্রেয়ঃ বক্রমধুরাঃ স্থয়ংখদাঃ বিক্রান্তয়ঃ পরাক্রমাঃ। চক্রবর্তী। গ্।

### ্গোর-কুপা-তরঙ্গিণী টীকা।

8৫। তপ্ত ইক্ষু—ইক্ষুদণ্ড আগুনে ঝল্সাইয়া তপ্ত থাকিতে থাকিতে চিবাইয়া খাইলে অত্যন্ত স্বাহ্ বলিয়া মনে হয়।

তপ্ত-ইক্ষু-চর্বণ—শীতল ইক্ষু অপেকা তপ্ত ইক্ষুর স্বাদ বেশী। এজন্স চর্বেণকালে তপ্ত ইক্ষু উষ্ণতাবশতঃ
মুখে রাখা নিতান্ত কষ্টকর হইলেও অত্যধিক স্থাদবশতঃ ত্যাগ করা যায় না। প্রীর্ফ-প্রেমও তদ্ধপ—বাহিরে
বিষজ্ঞালার ন্থায় কষ্টকর হইলেও ভিতরে অনির্বিচনীয় মধুরতা-প্রযুক্ত পর্ম উপাদেয় বলিয়া মনে হয়, এজন্ম ইহা ত্যাগ
করা যায় না।

না যায় ত্যজন—ত্যাগ করা যায়না। এই প্রেমা ইত্যাদি—গাঁহার এই প্রেম আছে, তিনি ইহার বিক্রম (প্রভাব) জানেন, বাহিরে বিষের স্থায় জালাময় হইলেও ভিতরে যে অমৃতের স্থায় মধুর (স্থতরাং বিষামৃতের মিলনতুল্য), তাহা তিনিই জানেন, অস্তে জানিতে পারে না। (এই উক্তির-প্রমাণরূপে নিম্নে "পীড়াভিঃ" ইত্যাদি শ্লোক উদ্ধৃত হইরাছে)।

শ্লো ৭। অষয়। স্থানির (হে স্থানির নানীমূখি)! পীড়াভিঃ (পীড়ারাা—যন্ত্রণাদায়কস্ববিষয়ে)
নবকালকৃট-কটুতা-গর্বস্থা নির্বাসনঃ (সর্পানিকের বিষের গর্বধ্বংসকারী), মুদাং (আনন্দের) নিঃস্থানেন
(ক্রণদ্বারা—আনন্দায়কস্ববিষয়ে) স্থামধুরিমাহঙ্কারসঙ্কোচনঃ (অমৃত-মাধুর্যের অহঙ্কারসঙ্কোচনকারী) নন্দনন্দনপরঃ
(নন্দনন্দন-বিষয়ক) প্রেমা (প্রেম) যস্তু (যাহার) অন্তরে (অন্তঃকরণে) জাগন্তি (জাগ্রত হয়), তেন (তাহাদ্বারা)
এব (ই) অস্তু (ইহার—এই প্রেমের) বক্রমধুরাঃ (বক্র ও মধুর) বিক্রাস্তরঃ (বিক্রমসকল) স্টুটং (পরিষ্কাররূপে)
জ্বায়ন্তে (জ্বাত হয়)।

তার্বাদ। দেবী-পৌর্ণাসী নান্দীমুখীকে কহিয়াছিলেন, "স্থানরি! শ্রীনন্দনন্দনবিষয়ক প্রেম বাঁহার অন্তরে জাগ্রত হয়, এই প্রেমের বক্র অথচ মধুর বিক্রম, সেই ব্যক্তিই স্পষ্টরূপে জানিতে পারেন। এ প্রেমের এমনই পীড়া যে, নৃতন-কালক্ট-বিষের কটুত্বার্ককেও ইহা বিদ্রিত করিয়া দেয়; আবার যথন এ প্রেমের আনন্দধারা ক্ষরিত হইতে থাকে, তথন অমৃতের মাধুগ্রজনিত অহঙ্কারকেও ইহা সঙ্কৃচিত করিয়া থাকে।" ৭

ক্ষপ্রেমে স্থাও আছে, হৃংথও আছে— যন্ত্রণাও আছে, আনন্দও আছে; ইহার যন্ত্রণা এতই তীব্র যে, ইহা নূতন-কালক্টের কটুতা-গর্ককেও থর্ক করিয়া দেয়; নবকালকূট-কটুতা-গর্কস্ত নির্কাসনঃ— নূতন যে কালকূট (বা সর্প)— সর্পশাবক, তাহার কটুতা বা বিষের যে গর্ক বা অহঙ্কার, সেই অহঙ্কারেরও নির্কাসনদাতা এই প্রেমের হৃংখ। পরিণত বয়সের সর্প অপেক্ষা সর্প-শাবকের বিষ অধিকতর তীব্র; তীব্রতা-বিষয়ে সর্পশাবকের বিষের একটা গর্ক আছে; কিন্তু কৃষ্ণপ্রেমের যন্ত্রণার তীব্রতার তুলনায় সর্পশাবকের বিষ্কৃত্র তীব্রতাও

বেকালে দেখে জগন্নাথ, শ্রীরাম স্থভদ্রা-সাথ,
তবে জানে—আইলাঙ্ কুরুন্ধেত্র।
সফল হৈল জীবন, দেখিলুঁ পদ্মলোচন,
জুড়াইল তমু-মন-নেত্র॥ ৪৬
গরুড়ের সন্নিধানে, রহি করে দরশনে,
দে-জানন্দের কি কহিব বলে।
গরুড়স্তত্তের তলে, আছে এক নিম্নথালে
সে-খাল ভরিল অশ্রুজনে॥ ৪৭

তাহাঁ হৈতে ঘরে আসি, মাটীর উপরে বসি,
নথে করে পৃথিবী-লিখন।
হাহা কাহাঁ রন্দাবন, কাহাঁ গোপেন্দ্র-নন্দন,
কাহাঁ সেই বংশীবদন॥ ৪৮
কাহাঁ সে ত্রিভঙ্গঠাম, কাহাঁ সেই বেণুগান,
কাহাঁ সেই যমুনাপুলিন।
কাহাঁ রাসবিলাস, কাহাঁ নৃত্য-গীত-হাদ,
কাহাঁ প্রভু মদনমোহন॥ ৪৯

গৌরকুপা-তরঙ্গিণী-চীকা।

অকিঞ্চিৎকর; ইহা সর্পবিদ্ধ অপেক্ষাও অধিকতর জালাকর। আনার মুদাং নিঃস্তান্দেন—এই আনন্দধারা যখন করিত হইতে থকে, তথন ইহার মাধুর্য্যের তুলনায় স্থার মাধুর্য্যও অকিঞ্চিৎকর বলিয়া মনে হত্যু স্থামধুরিমাহস্কার-সঙ্কোচনঃ—স্থা বা অমৃতের যে মধুরিমা বা মাধুর্য্য, তাহার যে অহঙ্কার বা গর্বা, তাহারও সঙ্কোচক হয় ক্ষণপ্রেমের মাধুর্য্য। একই বস্তত্তে এই যে যুগপৎ স্থ্য ও তুঃথ—যত্ত্বণা ও আনন্দ – এবং তাহাদের তীব্রতা, ইহা কেহ কাহাকেও বলিয়া বুঝাইতে পারে না; ইহা একমাত্র অমুভবের বিষয়; যাহার অস্তঃকরণে ক্ষপ্রেম আবিভূতি হইয়াছে, একমাত্র তিনিই ইহার বিক্রমধুরাঃ—বক্র ও মধুর—তীব্রযন্ত্রণাদায়ক, অথচ অমৃতনিশি মধুর—বিক্রান্তয়ঃ—প্রভাব উপলব্ধি করিতে পারেন, অন্তে পারে না।

৪৫ ত্রিপদীর প্রমাণ এই শ্লোক।

৪৬। এক্ষণে শ্রীক্ষাবিষয়ক বিরহদশার প্রকারান্তর বর্ণন করিতেছেন। শ্রীজগন্নাথের মন্দিরে যাইয়া গরুড়-স্তন্তের পশ্চাতে দাঁড়াইয়া প্রভূ যথন শ্রীমৃতি দর্শন করিতেন, তথন তাঁহার মনে যে ভাবের উদয় হইত, তাহাই বর্ণিত হইতেছে।

থে কালে কিংক কুক ক্ষেত্র— এইটা গ্রন্থ বেরের উক্তি। শ্রীরাম—শ্রীবলরাম। শ্রীমন্ মহাপ্রভু যথন শ্রীবলদেব ও স্বভারের সহিত জগন্নাথ দেবকে দর্শন করেন, তথন শ্রীরাধার ভাবে বিভাবিত হইয়া তিনি মনে করেন, যেন কুক ক্ষেত্রে আসিয়া তিনি শ্রীকৃষ্ণ কে দর্শন করিতে ছেন। ২।১।৪৮ পয়ারের টীকা দ্রাষ্ট্রা।

সফল হইলে নেত্র—এইটী রাধাভাবে বিভাবিত মহাপ্রভুর উক্তি। পদ্মলোচন—কমলনেত্র, শ্রীকৃষ্ণ। মহাপ্রভু আপনাকে শ্রীরাধিকা বলিয়া মনে করিতেছেন, আর শ্রীজগরাথদেবকে দেখিয়া মনে করিতেছেন "কুরুক্তেত্বে আসিয়া আমি শ্রীকৃষ্ণের দর্শন পাইলাম, তাহাতে আমার জীবন সার্থক হইল, আমার দেহ, মন ও চক্ষু জুড়াইল।" তক্যু—দেহ। নেত্র—নয়ন, চক্ষু।

89। "গক্তের স্নিধানে" হইতে "পৃথিবী লিখন" পর্যন্ত গ্রন্থকারের উক্তি। গক্তির—গক্তৃন্তরে। প্রীতে শ্রীজগন্নাথদেবের মন্বিরে রন্ধবেদীর সাম্থভাগে পূর্বাদিকে একটী নাটমন্দির আছে; এই নাটমন্দিরের মধ্যে পূর্বি পার্শ্বে একটী স্তন্তের মাথায় একটা গক্তৃমূন্তি আছে; এই স্তন্তেটিকে গক্তৃস্তান্ত বলে। মহাপ্রভু এই গক্তৃস্তন্তের নিকটে দাঁডাইয়া শ্রীজগন্নাথ দুর্শন করিতেন।

সে আনন্দের—শ্রীজগরাথদেবের দর্শনে যে আনন্দ জন্মে তাহার। বল—প্রভাব, পরাক্রম, শক্তি, উচ্ছাস। জগরাথ দর্শন করিয়া মহাপ্রভু যে আনন্দ পাইতেন, তাহার প্রভাব অনির্কাচনীয়।

নিষ্মখালে—গরুড়স্তস্তের মূলদেশে একটা গর্ত্ত-বিশেষ। জগরাথ-দর্শনে মহাপ্রভুর যে প্রেমাক্র নির্গত হইত, দেই অক্রতেই ঐ গর্তটা পূর্ণ হইয়া যাইত। **অঞ্জল**—চক্ষুর জল।

৪৮-৪৯। ভাহাঁ হৈতে—জগন্নাথদেবকে দর্শন করিয়া গরুজ্গুন্তের নিকট হইতে। পৃথিবীলিখন—নথের

উঠিল নানা ভাবাবেগ, মনে হইল উদ্বেগ, কণমাত্র নারে গোঙাইতে।
প্রবল বিরহানলে, ধৈর্য্য হৈল টলমলে,
নানা শ্লোক লাগিলা পঢ়িতে॥ ৫০

তথাহি রঞ্জণাাসূতে ( ৪১')—

অমৃস্তধন্তানি দিনাস্তরাণি

হরে স্থদালোকন্মস্তরেণ।

অনাথবন্ধো করুণৈকসিন্ধো

হা হস্ত হা হস্ত কথং নয়ামি॥ ৮॥

### শ্লোকের সংস্কৃত চীকা।

অথ পুনবিরহ্ব হিজালোচ্ছলিতোদেগায়াঃ ক্ষণমগ্যহর্নগান্ত। সবৈক্লব্যং প্রলপস্ত্যা বচোহস্থবদনাহ অমৃনীতি। হে হলন হরেন দিনস্থাহোরা ব্রেমান্তরানি মধ্যগতানি ক্ষণবৃন্দানীতি শেষঃ। অমৃনি কোটিকল্ল্লাত্বোতিবাহিত্মশব্সক্লেট্টি। হা খেদে হস্ত বিষাদে তয়োরতিশয়েন বীপা। জ্বালোকনং বিনা কথং নয়ামি অতিবাহ্যামি
অস্তবে হ্নিপিদিশেত্যর্থঃ। তদ্ধেতোরেবাধ্যানি। নম্ম য্যানস্বত্থাসি তদা প্রত্যান্ত বো বিচিন্নস্তি ইতি দিশা ত্মেব
্রেস্ক্রা প্রস্তিতাদিভিরার্ভিদঃ কিমিতিবদাহ হে অনাথবন্ধো অনাথানাং ত্যক্তপতীনাং বল্লবীনাং ম স্থ্যেব

### গৌর-কুপা-তর দ্বিণী টীকা।

্রটীতে আঁক দেওয়া, মাটী খোঁটা। ইহা, অভীষ্ট-বস্তর অ্পপ্রাপ্তি এবং অনভীষ্টের প্রাপ্তিজনিত চিস্তার একটী লক্ষণ।

"হাহা কাহাঁ বুন্দাবন" হইতে "মদনমোহন" পর্যান্ত মহাপ্রাত্তর থেদোক্তি।

কাহাঁ—কোথায়। গোপেন্দ্ৰনন্ধন—নদতনয় শ্ৰীর্ঞ। ত্রিভঙ্গঠাম—তিনবাকা হইয়া দাঁড়াইবার ভঙ্গী। রাসবিলাস—বুদাবনস্থ রাসক্রীড়া। নৃত্য-গীতহাস—বুদাবনীয় রাসলীলাদিতে প্রকটিত নৃত্য-গীতহাস—হুদাবি। মদনমোহন—বুদাবনে শ্রীরাধার দক্ষিণ পার্শ্বে যখন শ্রীকৃষ্ণ অবস্থিত থাকেন, তখন তাঁহার সৌন্দর্ঘ্য-মাধুর্ঘ্য এতই বিকসিত হয় যে, তাঁহাকে দেখিয়া বিধমোহনকারী স্বয়ং সদন পর্যন্ত নোহিত হইয়া যায়। "রাধাসঙ্গে যদা ভাতি তদা মদনমোহনঃ। শ্রীগোবিদলীলামূত। ৮। ৩২॥"

কুলক্তে ঞীক্ষকে দেখিয়া শ্রীরাধার তৃথি হইতেছিল না; তাঁহার মনে কেবল বুলাবনের কথা, বুলাবনবিহারী শ্রীক্তের কথা, বুলাবনে তাঁহার বিবিধ লীলা ও লীলাস্থলীর কথা এবং সে সমস্ত লীলায় অপরিসীম আনন্দোচ্ছাসের কথা দিই পুনঃ পুনঃ জাগ্রত ইইতেছিল। কুলক্তেরে ঐশ্বর্যাত্মক ভাব ও পরিবেশ ভাব-বিকাশের অনুকূল নহে। বুলাবনের পরিবেশ গোপীদিগের স্কচ্জে ভাববিকাশের পথে বিশেষ অনুকূল বলিয়া শ্রীরাধার মন বুলাবনেই শ্রীক্তেরে সহিত মিলনের জন্ম ব্যাকুল হইয়াছিল। শ্রীরাধার সেই ভাবে আবিষ্ঠ মহাপ্রভূর মনেও শ্রীজগমাথ-দর্শনে সেই সমস্ত কথাই উদিত হইতেছিল।

৫০। নানা ভাবাবেগ—নানাবিধ ভাবের প্রাধন্য। নানাভাব—নানাবিধ সাত্ত্বিক ও ব্যভিচারিভাব ( ২৮৮১৩৫-প্রারের টীকা দ্রষ্টব্য )। উদ্বেগ—মনের কম্পকে উদ্বেগ বলে; এই উদ্বেগ প্রোধিতভর্ত্বা নায়িকার একটা অবস্থা; দীর্ঘধাস, চপলতা, শুল্ক, চিস্তা, অশ্রু, বিবর্ণতা, ঘর্ম প্রভৃতি ইহার লক্ষণ।

উদ্বেশোমনসঃ কম্প স্তত্ত নিংখাসচাপলে। স্তম্ভ চিস্তাক্র-বৈবর্ণ্য স্থেদাদয় উদীরিতাঃ॥ উজ্জলনীলমণি, পূর্ব্বরাগ। ১৩।

নারে গোঙাইতে—কাটাইতে (বা যাপন করিতে) পারে না। বিরহানলে—র্ফাবিরহরূপ অগ্নির প্রদাহে। ধৈর্যা হৈল টলমলে—ধৈর্যচ্যুতি হইল।

ক্লো। ৮। অন্ধর। হা হস্ত (হার হার) হা হস্ত (হার হার) হে অনাথবন্ধো! হে করণেক সিন্ধো! হে হরে! হালেবনং (তোমার দর্শন) অন্তরেণ (ব্যতীত) অধ্ন্তানি (অংশ্র) অমূনি (এই সমস্ত) দিনাস্তরাণি (অহোরাত্রির অন্তর্গত কণলবাদি সময়কে) কৃথং (কিরপে) ন্যানি (আমি অতিবাহিত করিব) ?

তোমার দর্শনে বিনে, অধন্য এই রাত্রি দিনে,
এই কাল না যায় কাটন।
তুমি অনাথের বন্ধু, অপার করুণাদিন্ধু,
কুপা করি দেহ দরশন॥ ৫১

উঠিল ভাব চাপল, মন হইল চঞ্চল, ভাবের গতি বুঝন না যায়। অদর্শনে পোড়ে মন, কেমনে পাব দরশন, কৃষ্ণ ঠাঞি পুছেন উপায়॥ ৫২

### স্লোকের সংস্কৃত টীকা।

বন্ধুরি তি হংখদাস্ত্যক্তা এবেতার্থ:। নম্ন ভর্ত্যু শুশ্রাষণং বোধ্যা ইদম্যোগ্যমিতাত্র চিত্তং স্থাখন ভবতাপহৃত্মিতি বদাহ হৈ হরে চিত্তেন্দ্রিহারিন্ সোহয়ং তবৈব দোষ ইত্যর্থ:। নম্ন কামিত্যো যুয়ং চপলা এব ময়া কথং ধর্মস্ত্যাজ্য শুত্র তন্ন: প্রসীদেতিবৎ সদৈল্লমাহ হে করুণৈক সিন্ধোরুপাসিন্ধুত্বাৎ ধর্মস্ত্যু জ্ঞান দীনা নোহমুগৃহাণেত্যর্থ: ১ কুনুন্ধুর্দিশায়াং অনয়া তথা ক্রীড়ত গুব দর্শনং বিনা অল্লৎ সমং বাহার্থ: স্পষ্টএব। সারঙ্গরঙ্গনা। ৮।

### গৌর-কূপা-তরক্ষিণী চীকা।

**অনুবাদ।** হায় হায়! হায় হায়! হে অনাথবন্ধো! হে কক্ষণকিসন্ধো! হে হরে! তোমার দর্শনী ব্যতীত দিনাস্তর্গত এই ক্ষণ-মুহুর্ত্তাদি অধন্য সময় আমি কিরুপে অতিবাহিত করিব ?।৮।

ক্ষাবিরহের তীব্রজালায় জীরাধার উদ্বেগ উচ্চুলিত হইয়া পড়িয়াছে; ক্ষণপরিনিত সময়ও যেন তাঁহার নিকটে ক্রপরিনিত বলিয়া মনে হইতেছে; সময় যেন আর কিছুতেই কাটিতেছে না; তিনি অস্থির হইয়া পড়িয়াছেন; জীরাধার এতাদৃশভাবে আবিষ্ট হইয়া জীমন্ মহাপ্রভু এই শ্লোকটা উচ্চারণ করিয়াছেন। পরবর্তী ত্রিপদীতে এই শ্লোকের তাৎপর্য্য বিবৃত হইয়াছে।

- হা হন্ত—খেদ ও উৰোগস্থচক বাক্য। ছুইবার "হা হন্ত" উক্তি দারা থেদ ও উদ্বেগের আধিক্য স্থচিত হইতেছে।
- ৫১। ভোমার দর্শন বিনে—হে ক্ষঃ তামাকে দর্শন না করিয়া। ইহা শ্লোকস্থ "জ্বালোকনমন্তরেণ"বাক্যের অর্থ। অধন্য এই রাত্রিদিনে—ইহা শ্লোকস্থ "অম্ন্রধান দিনাস্তরাণি"-বাক্যের অর্থ। শ্রিক্ষদর্শনের
  অভাবে দিনরাত্রির অন্তর্গত প্রত্যেক ক্ষণকেই নিতান্ত অধন্য—নিন্দার্হ—বলিয়া মনে হইতেছে। শ্রীক্ষদর্শনের
  নিমিত্ত বলবতী উৎকণ্ঠা, অথচ তাঁহার দর্শন পাওয়া যাইতেছেনা; উল্লেগাধিক্যে সময় যেন আর কাটিতেছেনা,
  দিনরাত্রির প্রতিপলই যেন পাথর হইয়া চাপিয়া বসিয়া আছে; তাই অত্যন্ত থেদের সহিত বলিতেছেন—এই কাল
  না যায় কাটন—এই অবন্ধ সময় কিছুতেই অতিবাহিত হইতেছেনা। ইহা শ্লোকস্থ "কথং নয়ামি"-অংশের অর্থ।
  তাই অতি দৈন্তের সহিত শ্রীক্ষকে লক্ষ্য করিয়া বলিতেছেন—ভূমি অনাথের বস্ধু—হে ক্ষঃ। ভূমি তো
  অনাথের বয়ু; তোমার বিহনে আমি অনাথ হইয়া পড়িয়াছি, আমায় ক্লপা কর, তোমার অনাথবন্ধু-নাম সার্থক কর।
  ভাপার-কর্মণাসিস্কু—হে হরে। ভূমি ক্রণার অপার সমুদ্রভূল্য; আমি অতি দীনা, আমার প্রতি কর্মণা কর,
  একবার দর্শন দিয়া ক্রতার্থ কর।
- ৫২। "ক্লপা করিয়া আমায় দর্শন দাও"—একথা বলিতে বলিতেই একিঞ্চদর্শনের নিমিত বলবতী উৎকণ্ঠণ জিমিল; তাহার ফলে চাপল-ভাবের উদয় হইল, মন অত্যস্ত চঞ্চল হইল, কি উপায়ে ক্ফেদর্শন পাওয়া যাইতে পারে, ক্ফেকে উদ্দেশ করিয়াই তাহা জিজ্ঞাশা করিতেছেন।

ভাবচাপল—চাপল-নামক সঞ্চারীভাব। রাগ এবং দ্বেশদি জনিত চিত্তের লঘুতা বা গাণ্ডীর্যাহীনতাকে চাপল বলে। অবিচার, পারুষ্য এবং স্বচ্ছন্দাচরণাদি ইহার লক্ষণ। রাগদ্বোদিভিশ্চিতলাঘবং চাপলং ভবেৎ। তত্রাবিচারপারুষ্যস্বচ্ছন্দাচরণাদ্যঃ॥ ভক্তিরসামৃতসিল্প ।২।৪।৮১

তথাহি তত্ত্বৈব ( ৩২ )—

স্বল্পৈবং ত্রিভ্বনাদ্ভ্তমিত্যবেহি

মচ্চাপলঞ্চ তব বা মম বাধিগম্যম্।

তৎ কিং করোমি বিরলং মুরলীবিলাসিমুগ্ধং মুথামুজমুদীক্ষিতুমীক্ষণাভ্যাম্॥ ৯॥

98

তোমার মাধুরী-বল, তাতে মোর চাপল,

এই ছুই তুমি-আমি জানি।

কাহাঁ করোঁ কাহাঁ যাঙ, কাহাঁ গেলে তোমা পাঙ,

তাহা মোরে কহ ত আপনি॥ ৫০

### শ্লোকের দংস্কৃত চীকা।

অথ তক্ষা উদ্যূণ্দিশা যাবং প্রীকৃষ্ণদর্শনং তবৈবোদেগদশাচতুভি স্তন্ত প্রথমং নমু ভবতু নাম নেত্রচাপল্যং কাপ্যন্তন্ত তাদৃগ্ বিকলা ন দৃশুতে স্বং সাধ্বীপ্রবরাসি তদ্গন্তীরা ভব স্থ্যোপ্যেবং বোধয়স্তীতি তক্ত নর্মোপল্ডং মনস্তু, বিকলা ন দৃশুতে স্বং সাধ্বীপ্রবরাসি তদ্গন্তীরা ভব স্থ্যোপ্যেবং বোধয়স্তীতি তক্ত নর্মোপল্ডং মনস্তু, বিকলা ন দৃশুতে প্রলপ্ত্যা বচোহম্বদন্নাহ স্বচ্ছেশবমিতি। তচ্ছেশবং তব কৈশোরং মাধুর্যাদিভিন্তি কি বিভিন্ন কি ক্রিভ্বনেহজুতম্বেহি জানীহি স্বরেত্যর্থঃ। মচ্চাপলঞ্চ ত্রিভ্বনাত্তম্বেহি এতদ্যং তব বা অধিগম্যং মে বা। যদা মচ্চাপলঞ্চ স্বত্বপাদিতস্বান্তব বা স্বীয়স্বাৎ মম বাধিগম্যম্। অন্যোবেদ ন চাম্বর্থমখিলম্। কি ক্রিপ্রাই স্বান্তবিধান স্বান্তবিদ্যান্ত তদিতি ক্রিপ্রাই সিম্বর্ধ কিং করোমি যংকৃতে ভদ্বইং স্বান্তব্বমেবোপদিশ ইত্যর্থঃ। নম্বন দৃষ্টং

### গৌরকুপা-তরঙ্গিণী-টীকা।

শোনি। সবার। ছাছেশবং (হে কৃষ্ণ! তোমার শৈশব অর্থাৎ কৈশোর) মচ্চাপলঞ্চ (এবং আমার চপলতা) ব্রিভ্বনাছুতং (ব্রিভ্বনে অছুত) ইতি (ইহা) অবেহি (জানিবে); [এতদ্বনং] (এই হুইটীবস্তঃ) তব বা (তোমার) মম বা (অথবা আমারই) অধিগম্যং (বোধগম্য—জানিবার যোগ্য)। তৎ (তাই) বিরলঃ (সাম্যরহিত) মুরলীবিলাসিমুরং (মুরলীবিলাসিমুরং (মুরলীবিলাসিমুরং (মুরলীবিলাসিমুরং (মুরলীবিলাসিমুরং (আমি কি করিব)?

তামুবাদ। নাথ! তোমার শৈশব (কৈশোর) ও আমার চাপল্য এই ছুইটী ত্রিভুবনমধ্যে অভুত বলিয়া জানিবে। এই ছুইটী তোমার, না হয় আমারই জানিবার যোগ্য—অন্ত কাহারও নহে। এখন, তোমার সেই সমতারহিত বংশীবিলাসসপান মনোহর মুখ-কমল, ছুইটী নয়ন ভরিয়া দেখিবার নিমিত্ত কি উপায় করি, বল দেখি?

ত্বকৈ নিংশ-তোমার শৈশন (কৈশোর)। মচাপেলং—আমার চপলতা। ত্রিভুবনাজুতং—মাধুর্য ও মাদকত্বাদিতে ত্রিভুবনের মধ্যে অতি আশ্চর্য বস্তু; এরূপ মাধুর্য ও এরূপ মাদকত্ব ত্রিভ্বনে কোথায়ও দৃষ্ট হয় না। মুরুলীবিলাসিমুক্ষং—মুরলীর বিলাসপ্রযুক্ত মুগ্ধ বা মনোহর যে মুথকমল। মধুর মুরলী তোমার মুথচজের শোভা আরও বিন্ধিত করিয়াছে। বিরলং—সমতারহিত; অসমোর্দ্ধমাধুর্যযুক্ত; ইহা মুখান্থজের বিশেষণ। অথবা বিরলং—বিরলে, নির্জ্জনে। আমরা কুলবধু; তোমার গোচারণাদির প্রকাশুস্থানে যাইয়া তোমাকে দর্শন করা আমাদের পক্ষে সম্ভব নয়; এখন আমরা নির্জ্জনে আছি, আমাদের পক্ষে ইহাই অতি উত্তম সম্য়; এই স্থ্যোগে কিরূপে স্ক্রণাভ্যাং—নয়ন্ত্র ভরিয়া তোমার মুখপল্ল দর্শন করিয়া রুতার্থ হইতে পারি, তাহা তুমিই বলিয়া দাও।

নিম্নের ত্রিপদীতে এই শ্লোকের মর্ম ব্যক্ত হইয়াছে।

৫৩। মাধুরী-বল—মাধুর্য্যের প্রভাব; কৈশোর-স্থলত মাধুর্য্যের প্রভাব (ইহা শ্লোকস্থ—"শৈশব"শব্দের অর্থ)। তুমি—শ্রীকৃষ্ণ। তোমার মাধুর্য্য এবং আমার চপলতা উভয়ই জগতে অতি অভূত; এই তুইটী
একমাত্র তুমি অথবা আমিই বুঝিতে পারি, অপর কেহ পারে না। কারণ, আমার নিজের চপলতা আমিই জানিতে
পারি; আর তুমিও জান, যেহেতু, তুমিই আমার এই চপলতা উৎপাদন করিয়াছ। তোমার দর্শনের নিমিত্ত আমি
চঞ্চল হইয়াছি; কোথায় গেলে, কি করিলে, তোমাকে পাইতে পারি—তাহা বঁধু তুমিই আমাকে বলিয়া দাও।

নানা-ভাবের প্রাবল্য, হইল সন্ধি শাবল্য, ভাবে-ভাবে হৈল মহারণ। ওৎস্থক্য চাপল্য দৈন্য, রোধামর্য-আদি সৈন্য, প্রেমোন্মাদ সভার কারণ॥ ৫৪ ্মত্যজ ভাবগণ প্রভুর দেহ ইক্ষুবন, গজযুদ্ধে বনের- দলন। প্রভুর হইল দিব্যোমাদ, তনু-মনের অবসাদ, ভাবাবেশে করে সম্বোধন॥ ৫৫

### শ্লোকের দংস্কৃত টীকা।

ততেন কিং তত্রাহ মৃধং মনোহরং তদ্দর্শনাৎ ত্রিফলস্থাপন্তেঃ অক্ষরতামিত্যাদেঃ। তথা দানকেলিকৌমুত্তাং ভবতু মাধব জল্পমশ্বতোঃ শ্রবণরোরলমশ্রবণি র্ম। তমবিলোকয়তোরবিলোকনিঃ সথি বিলোচনয়োহস্ত কিলানয়ো-রিত্যাদেশ্চ। নমু নেদানীং দৃষ্টং তেন কিং ক্ষণং স্থিয়া দ্রক্ষ্যসি তত্রাহ বিরলং কুলবধূনাং ন স্ত্রাপি তস্ত গোচারণাদিনা স্থলভং দর্শনমতোহধুনা লক্ষেহবসরেহপি যন্ন দর্শয়সি তত্ত্ব নিষ্ঠুরতেত্যর্থঃ। কিম্বা নমু তৎ সমং কিমপি পশ্য তত্রাহ বিরলং সাম্যরহিতং তত্র হেতুঃ মুরলীবিলাসি। স্বাস্তর্দশায়াং পূর্ববৎ স্বৎসম্পোচ্চলিতং কৈশোরং জ্বেয়ং তদ্ ষ্টুং মচ্চাপলঞ্চ অন্তৎ সমং স্পষ্টম্। সারঙ্গরঙ্গদা।৯।

### গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

৫৪। নানাভাবের প্রাবল্য—নানাবিধ সঞ্চারী ভাবের প্রবলতা; অর্থাৎ নানাবিধ সঞ্চারীভাব প্রবল হইয়া উঠিল। সন্ধি—এক কারণ জনিত বা বহুকারণ জনিত ছুই বা বহু ভাব একত্র নিপ্রিত হইলে তাহাকে সন্ধি বলে। স্বরূপয়োর্ভিন্নয়োর্কা সন্ধিঃ গ্রাদ্ভাবয়োর্ষ্তিঃ। ভ.র. সি. ২।৪।১১০॥

**শাবল্য—**ভাবসমূহের পরস্পর সম্বদিনকে (সম্যক্রপে মর্দিনকে ) শাবল্য বলে। ...

শবলত্বন্ত ভাবানাং সংমর্দ্ধঃ স্থাৎপরস্পারম্। ভ. র. সি ২।৪।১১৫॥

বহুভাব একত্র প্রবলবেগে উদিত হইয়া য়দি প্রত্যেকেই অপরগুলিকে পরাজিত করিয়া প্রাধান্ত লাভ করিতে । চায়, তাহা হইলে ভাবশাবল্য হয়। **মহারণ**—ভাবের সম্মদিন, **ভাবশাবল্য প্রভৃতিরূপ মহাযুদ্ধ।** 

- ওৎসুক্য—অভীষ্ট বস্তুর দর্শন ও প্রাপ্তির জন্ম উৎকণ্ঠা বশতঃ কালবিলম্ব যথন অসন্থ হইয়া উঠে, তথনই তাহাকে ওৎস্কা বলে। কালাক্ষমন্ত্রমোৎস্কামিষ্টেক্ষাপ্তিস্পৃহাদিভিঃ। ভ. র. সি. ২1৪।৭৯॥

চাপল্য-পূর্ববর্ত্তী ৫২ ত্রিপদীর টীকা দ্রষ্টব্য। রাগদ্বেষাদি-জনিত চিত্তের লাঘব।

কৈন্য—ছঃখ, ত্রাস এবং অপরাধাদিবশতঃ আপনাকে নিরুষ্ট জ্ঞান করাকে দৈন্য বলে। রোষ— উগ্রতা। অপরাধ ও কট্বুক্তি প্রভৃতিজনিত ক্রোধকে উগ্রতা বলে। বধ, বন্ধ, শিরঃকম্প, ভর্মন, তাড়নাদি ইহার কার্য্য। অপরাধত্বক্ত্যোদিজাতং চণ্ডত্মুগ্রতা। বধ্বন্ধশিরঃকম্প ভর্মনোত্তাড়নাদিক্কৎ॥ ভ. র সি. ২।৪।৭৯॥

ত্যমর্য—তিরস্কার ও অপমানাদিজনিত অসহিস্কৃতার নাম অমর্য; মর্ম, শিরংকপ্পন, বিবর্ণতা, চিস্তা, উপায়ের অন্বেয়ণ, আজোশ, বিমুখতা ও তাড়না প্রভৃতি ইহার কার্য়। অধিক্ষেপাপমানাদেঃ শুদমর্ষোহসহিষ্ণুতা। তত্র স্বেদঃ শিরংকপ্পো বিবর্ণয়ং বিচিন্তন্য। উপায়াবেষণাজোশ-বৈমুখ্যোত্তাড়নাদয়ঃ॥ ভ. র. সি. হায়া৮০॥" উয়াদ—অতিশয় আনন্দ, আপদ ও বিরহাদি-জনিত চিত্তবিভ্রমকে উন্মাদ বলে। অট্টাস, নটন, সঙ্গীত, ব্যর্থচেষ্টা, প্রলাপ, ধাবন, চীংকার ও বিপরীত-জিয়াদি ইহার কার্যা। উন্মাদোহ্যদ্ভ্রমঃ প্রোচানন্দাপদ্বিরহাদিজঃ। অত্যান্তহাসোন্টনং সঙ্গীতং ব্যর্থচেষ্টিতম্॥ প্রলাপধাবনজ্রোশ বিপরীত-জিয়াদয়ঃ॥ ভ. র. সি. হায়া৩৯॥ রোমামর্য—রোষ ও অমর্য। কৈল্য—সৈল্যাণ যেমন পরস্পর যুদ্ধ করে, উৎস্ক্র্যাদি নানাবিধ ভাবও মহাপ্রভুর টুড়ে উদিত হইয়া পরস্পরকে সম্মাদিত করিতে লাগিল।

প্রেমানাদ স্বার কারণ—প্রেমোনাদই ঔৎস্ক্যাদি ভাবসমূহের সন্ধিও শাবল্যাদির হেতু। প্রেমোনাদ বশতঃই নানাভাব সমূদিত হইয়া প্রভুর চিত্তকে মথিত করিতেছিল।

৫৫। মত্ত্রগজ ভাবগণ—ভাবসমূহ শক্তিতে মতহন্তীর তুল্য। আর প্রাভুর দেহ ইক্ষুবন—প্রভুর দেহ ইক্ষুবনের তুল্য। গজমুদ্ধে—হন্তিসমূহের মুদ্ধে। তথাহি তবৈৰ ( ৪০ )— হে দেব হে দয়িত হে ভ্ৰবৈকবন্ধো হে ক্বয়ু হে চপল হে কক্ষণকসিন্ধো

হে নাথ হে রমণ হে নয়নাভিরাম হা হা কনাত্ম ভবিতাসি পদং দৃশোর্মে॥ ১০

### শ্লোকের সংস্কৃত টীকা।

### গৌর-কূপা-তরঞ্জিণী চীকা।

ইক্ষ্বনের মধ্যে উনাত্ত হস্তিগণের যুদ্ধ আরম্ভ হইলে যেমন ইক্ষ্বন বিদলিত ও চূর্ণবিচূর্ণ হইয়া যায়, তদ্ধপ প্রবল ভাবসমূহের পরস্পর সন্মাদিনে প্রভূর দেহও বিশেষরূপে বিদলিত হইতে লাগিল। মদমত্ত হস্তীর তুলনায় ইক্ষ্বন যেরূপ হুর্বল, উৎস্ক্রক্যাদি ভাব-সমূহের তুলনায় প্রভূর দেহও তদ্ধপ হুর্বল।

দিব্যোমাদ—নহাভাব হুই রকম, রাচ ও অধিরাচ। অধিরাচ মহাভাব আবার হুই রকম, মোদন ও মাদন। মোদন হলাদিনী-শক্তির পরমাবৃত্তি—সর্বশ্রেষ্ঠ; ইহা শ্রীরাধার যুগ ভিন্ন অন্তর্তা প্রকটিত হয় না। প্রবিশ্লেষ-দশায় এই মোদনকে মোহন বলে; এই মোহনে বিরহ-বিবশতাবশতঃ সমস্ত সান্ধিক ভাব স্ক্রীপ্ত হয়। এই মোহন যথন কথনও এক অনির্বাচনীয়া বৃত্তি-বিশেষ প্রাপ্ত হয়, তথন ভ্রমসদৃশী বৈচিত্রী দশা লাভ করে, তথন ইহাকে দিব্যোমাদ বলে। এতস্তমোহনাখ্য গতিং কামপুস্পের্যঃ। জমাভা কাপি বৈচিত্রী দিব্যোমাদ ইতীর্যতে॥ উ. নী. স্থা.। ১৩৭॥ উদ্যুণ্ ও চিত্রজন্নাদি ভেদে দিব্যোমাদ বহুবিধ। দিব্যোমাদে জম্ময়-চেষ্ঠা ও প্রলাপ্যয় বাক্যাদি দৃষ্ট হয়। ২২০১৮ প্রারের টীকা দ্রষ্টব্য।

ভাবাবেশে—উপরি উল্লিখিত ওৎস্ক্যাদি ভাবাবেশে নিমোদ্ধূত "হে দেব" ইত্যাদি শ্লোকে প্রভু প্রীকৃষ্ণকে সম্বোধন করিতেছেন। ওৎস্ক্যাদি যে যে ভাবে সম্বোধন করিয়াছেন, তাহা ঐ শ্লোকের পরে লিখিত "তুমি দেব জ্রীড়া রত—" ইত্যাদি ত্রিপদীর ব্যাখ্যায় স্থচিত হইবে।

ক্ষো। ১০। **অব**য়। হে দেব! হে দয়িত! হে ভূবনৈকবন্ধো! হে কৃষণ! হে চপল! হে কক্ৰণক-সিন্ধো! হে নাথ! হে রমণ! হে নয়নাভিরাম! হা হা! মে (আমার) দুশোঃ (নয়নদ্ব্যের) পদং (গোচর) মুকদা (কখন) ভবিতাসি (তুমি হইবে) ? উন্মাদের লগণ, করায় কৃষ্ণ স্ফারণ, ভাবাবেশে উঠে প্রণয় মান।

গোল্লুগু-বচন-রীতি, মান গর্বব ব্যাজস্তুতি, কভু নিন্দা কভুত সম্মান॥ ৫৬

### শ্লোকের দংস্কৃত টীকা।

গতং প্রসীদেত্যন্তনয়ন্ত্রমিন মন্ত্রোলয়াদ্বীরমধ্যান্বন্ত্রণাশিত্র সরোধমাই হে চপল! বল্লনীর্ন্ত্রন্ধ পরস্ত্রীচোর গচ্ছ গচ্ছেত্যর্থং। তল্লকণ্ম। অধীরা পর্কেষের্বাক্য নির্ভেদ্বল্লভং ক্ষেতি। প্নর্গতিমিন মন্থা ইন্তান্ধান্দ গতোহয়ং পুন নৈর্যাতীতি লৈজ্যাদ্বাং সকাকুপ্রাই হে কর্কণেকদিন্ধো! যজপ্যহ্মপরাধিনী তথাপি স্থং কর্কণাকোমলন্ত্রাং দর্শনং দেহীতি। তৎপ্নরাগত্য—প্রিয়ে কিমিতি মধুমানেন মাং কদর্য্বাসি প্রসীদেত্যন্ত্রন্ত্রমিন মন্থামর্যান্ধাহিখোদ্বাম্থ বীরপ্রগল্ভাঞ্জনাশ্রিত্য সৌদাসীক্ষমাই হে নাথ! স্তন্ত্র ব্রজ্বাসিনাং নো রক্ষিতাসি, কা নাম হতধী স্থাং ন সংভাষতে কিন্তু ব্রাক্ষণীতি ব্রতার্থং নৌনং প্রাহিতান্ধি তৎক্তব্যোহ্যং মনাপরাধ ইতি ভাবং। তল্লকণ্ম। উদান্তে স্থ্রতে ধীরা সাবহিখাচ সাদরেতি। প্নর্গতিমিন মন্থা মূর্ভ্রিবিস্তোহ্সেনী নাগ্রাক্ষতি বৈতি চাপলোদ্যাং যদি রুগয়া পুনদর্শনং দলাতি, তথা স্বর্নের তৎক্তে প্রহীক্তানীতি সদৈক্ষমাহ হে রুলণ। সদা মাং রুময়্মীতি রুমণস্থনিদানীমপ্যাগত্য তথা ক্রিত্তার্থং। পুনরাগতিমন মন্থা তিরুষ্কতাগন্তরামর্যভাবেন প্রবল্গস্থাজনাক্ষমনন্তরা তদাশ্লেষায় প্রসারিত্রান্ত্র্যালা তমলন্ত্র্যা জাতবাক্ত্র্কুর্তিঃ সন্ধিক্ষ্বনাহ হে নয়্ত্রনাভিরাম! নয়নানন্দ! কদা হ্ল মে দৃশোঃ পদং গোচবো ভবিতানি। হাহা ইত্যতিথেদে। স্বান্তর্পনারাং শ্রীরাধা সন্ধ্যার্থনানান্ধ্রনয়ন্ত্রির তথা সন্ধ্যারাং স্তর্বাধ্য সন্ধ্যার্থনে, গতমিব মন্থা তয়া সন্ধ্যনার্যাং স্থাক্র্যান্ত্রং ব্রান্ত্র্যাগদশারাং ভক্তপ্ত সাধক-শ্রীরেহিপি তল্ভন্তাবাদ্যাং। বাহে ব্র্যাব্র্য স্থাবর্গং সন্ধ্যাধ্যের্য ক্রেয়াঃ। সারন্ধর্পনা। ১০।

### গৌর-কুপা-তরঞ্চিণী টীকা।

জারুবাদ। হে দেব! হে দয়িত। হে ভুবনৈকবন্ধো! হে রুফ্ট! হে চপল। হে কক্ষণৈক্ষিয়েলা। হে নাগ। হে রুমণ! হে নয়নাভিরাম! হা! হা! কবে তুমি আমার নয়নদ্বের গোচরীভূত হইবে। ১০।

পরবর্তী ত্রিপদীসমূহে এই শ্লোকের ব্যাখ্যা করা হইয়াছে।

প্ড। "উনাদের লক্ষণ" হইতে "কছু বা স্থান" পর্যন্ত গ্রন্থকারের উক্তি। উনাদের লক্ষণ—দিব্যোনাদের লক্ষণ। তীর শীক্ষকবিরহের আবেশে প্রভুর মধ্যে শীরাধার দিব্যোনাদের লক্ষণ প্রকাশ পাইল। দিব্যোনাদের লক্ষণ। তীর শীক্ষকবিরহের আবেশে প্রভুর মধ্যে শীরাধার দিব্যোনাদের লক্ষণ প্রকাশ পাইল। দিব্যোনাদের লক্ষণ প্রকাশ করার ক্ষেত্র —নিজেকে অপর, অপরকেও নিজ বলিয়া মনে হয়; যাহা সাক্ষাতে নাই, তাহাও সাক্ষাতে আছে বলিয়া মনে হয়; আবার যাহা আছে, তাহাও নাই বলিয়া মনে হয়। করার কৃষ্ণেক্রণ (অর্থাৎ শীক্ষ সাক্ষাতে উপস্থিত এইরূপ জান) করায় (বা জ্মায়), দিব্যোনাদ। দিব্যোনাদেরনিত আন্তিবশতঃ প্রভুমনে করিলেন,—(তিনি শীরাধা, আর) শীক্ষ যেন তাহার সাক্ষাতে উপস্থিত। ভাবাবেশে—দানাবিধ ভাবের আবেশে। উঠে প্রশাস—মান ও প্রণমাদি ভাবের উত্তব হয়। মান—প্রেমবিকাশের দিতীয় স্তরের নাম মেহ, তৃতীয় স্তরের নাম নান এবং চতুর্থ স্তরের নাম প্রণয়; প্রেম ক্রমণঃ ঘনীভূত হইতে হইতে এই সকল স্তর অতিক্রম করিয়া যায়। প্রেম পরম-উৎকর্ম লাভ করিয়া যথন এমন এক অবস্থায় উপনীত হয়, যাহাতে প্রেমবিনরের উপলব্ধি জন্ম এবং শীক্ষবিনয়ের চিত্ত দ্বীভূত হয়, তথন তাহাকে মেহ বলে। মেহ উদিত হইলে ক্লাচিৎ দর্শনাদি দারা তৃপ্তি লাভ হয় না। এই মেহ (মেহাথা রক্ষপ্রেম) আরও উৎকর্ম লাভ করিয়া যথন নৃতন নৃতন মাধুর্য্য অন্তব্য করায় এবং নিজেও কুটালতা (নিজেকে প্রেছর করার উদ্দেশ্যে বান্যভাবাদি) ধারণ করে, তথন তাহাকে মান বলে। "মেহস্তৃৎকৃষ্ঠতা বাপ্তাা মাধুর্য্যং মানয়য়বন্। যো ধারয়হাত্যদাক্ষিণ্যং স মান ইতি কীর্ত্তাতে॥ উ. নি. স্থা ৭১।"

প্রাথ্য—মান উৎকর্ষ লাভ করিয়া যদি এমন এক অবস্থায় উপনীত হয়, যাহাতে প্রিয়জনের সহিত নিজের ভেদ নাই বলিয়া মনে হয়—সম্ভ্রমশৃ্ছতাবশতঃ স্বীয় প্রাণ, মন, দেহ, বুদ্ধি ও পরিচ্ছদাদির সহিত কান্তের প্রাণ, মন,

তুমি দেব ক্রীড়ারত, ভুবনের নারী যত, তাহে কর অভীফ-ক্রীড়ন।

তুমি মোর দয়িত, মোতে বৈদে তোমার চিত, মোর ভাগ্যে কর আগমন॥ ৫৭

### গৌর-কুপা-তরঞ্চিণী টীকা।

দেহ, বৃদ্ধি ও পরিচ্ছদাদির অভেদ মনে করা হয়—তাহা হইলে ঐ উৎকর্ষ-প্রাপ্ত সানকে প্রণয় বলে। "মানো দ্ধানো বিস্তম্ভং প্রণয়ঃ প্রোচ্যতে বুরিঃ॥ উঃ নীঃ ৭৮॥"

সোলুঠ—স + উলুঠ = উলুঠের (পরিহাদের) সহিত; ঠাট্টার সহিত; পরিহাসযুক্ত। বচনরীতি—কথার রকম। সোলুঠ-বচন-রীতি—পরিহাসযুক্ত বাক্যভঙ্গী।

গর্ব—সোভাগ্য, রূপ, যৌবন, গুন, সর্ব্বোত্তমাশ্রয় এবং ইইলাভাদি-ছেতু অন্তের অবজ্ঞাকে গর্ব বলে। সোভাগ্যরূপ-তারূণ্য-গুন-সর্ব্বোত্তমাশ্রহৈঃ। ইইলাভাদিনাচান্ত-হেলনং গর্ব ইন্যাতে ॥ ৬. র. সি. ২। গা২০॥ পরিহাসোজি, লীলাবশতঃ উত্তর না দেওয়া, নিজের অঙ্গ দর্শন, নিজের অভিপ্রায় গোপন, অন্তের বাক্য না শুনা, ইত্যাদি এই গর্বের লক্ষণ।

ব্যাজস্তাতি—নিশাছেলে স্তাতি ও স্তাতিছেলে নিশাকে ব্যাজস্তাতি-অলঙ্কার বলা। প্রস্থার বলাতেছেন, "উক্ত শ্লোকে মহাপ্রভু কথনও বা গর্মা, কখনও বা মান, কখনও বা প্রথা, কখনও বা ব্যাজস্তাতি প্রকাশ করিতেছেন। কখনও স্তাতি করিতেছেন, আবার কখনওবা নিশা করিতেছেন; নানা ভাবের আবেশে এইরূপ করিতেছেন।"

৫৭। "তুমি দেব ক্রীড়ারত" হইতে "দেহ দরশন" পর্যাস্ত মহাপ্রভুর উক্তি। এই হুলে "হে দেব" ইত্যাদি শ্লোকোক্ত মহাপ্রভুর মনোগত ভাব ব্যক্ত হইয়াছে।

দেব—দিব্ধাতু হইতে দেব-শন্দ নিষ্পায় হইয়াছি। দিব্-ধাতুর অর্থ হইল ''ক্রীড়া করা"। তাহা হইলে দেব-শন্দের অর্থ হইল "ক্রীড়ারত," যিনি সর্বাদা ক্রীড়াই করেন, তাঁহাকে দেব বলে। এই অর্থে উক্ত শ্লোকে শীকৃষ্ণকে পরিহাসছলে "দেব" বলিয়া সম্বোধন করাতে, শ্রীকৃষ্ণ অক্ত-নারীতে ক্রীড়াগরায়ণ, অক্ত-রম্ণীতে আসক্ত ইহাই স্চিত হইতেছে।

মহাপ্রভু রাধাভাবে আবিষ্ঠ হইয়া মনে করিতেছেন, তিনি যেন কুজের মধ্যে প্রীরুষ্ণবিবহে মৃচ্ছিতপ্রায় হইয়া আছেন; হঠাৎ চারিদিকে দৃষ্টি করিয়া নুপুরের শব্দ শুনিতেছেন বলিয়া মনে হইল। তথন স্থিদিগকে জিজ্ঞানা করিলেন, "অয়ি সথি, কুজের মধ্যে নূপুরের শব্দ শুনা যায়, কিন্তু তাঁকে (কুফকে) ত দেখিতেছি না ? ইা বুঝিয়াছি, সেই শঠ-চূড়ামণি লম্পট অয় কোনও রমনীর সহিত জীড়া করিতেছেন।" ইহা ভাবিতেই আবার উন্মাদপ্রস্ত হইয়া মনে করিতেছেন, যেন প্রীরুষ্ণ উাহার সাক্ষাতেই দণ্ডায়মান; অয়্ম নারীর সহিত সম্ভোগের চিচ্ছ তাঁহার সর্বাঙ্গে বিরাজমান। ইহা দেথিয়াই অমর্য-ভাবের উদয় হইল; তথাই তিনি যেন সন্মুখ্য প্রীকৃষ্ণকে লক্ষ্য করিয়া বজোক্তি করিয়া বলিতেছেন, 'হে কুষ্ণ ভূমিত দেব'; অয়্ম নারীর সহিত জীড়া করিয়া থাক, অয়্ম-স্ত্রীতেই তোমার আসক্তি। তবে আর এথানে আগমন কেন? এথানে ত তোমার কোনও প্রয়োজন নাই! ভূমি অয়্মত্র যাইয়া তোমার অভীষ্ঠ জীড়া-রঙ্গ কর। 'ভূবনের নারী যত, তাহে কর অভীষ্ঠ-জীড়ন।' যাও, জগতে অয়্ম যে সব রমনী আছে, তাহাদের সঙ্গে জীড়া কর গিয়া। (এপর্যান্ত শ্লোক্ত্যা স্বাচ্ছাং দেব"—শক্ষের অর্থ।) [এম্বলে ধীরাধীরমধ্যা নায়িকার ভাব প্রকাশ পাইতেছে। "ধীরাধীরাড় বজোজ্যা স্বাচ্ছাং বদতি প্রিয়ম্। উঃ নীঃ নায়িকা।২২॥" যিনি সজল-নয়নে প্রিয়ের প্রতিত বজোক্তি প্রয়োগ করেন, তাঁহাকে ধীরাধীরমধ্যা নায়িকা বলে।]

তুমি মোর দয়িত ইত্যাদি। **দয়িত**—প্রাণ-দয়িত, প্রাণপ্রিয়—প্রাণাপেক্ষাও প্রিয়। মোতে বৈসেইত্যাদি—আমাতে তোমার চিত্ত বাস করে, আমাকে তুমি মনে কর; ইহা আমার সৌভাগ্য। মোর ভাগ্যেইত্যাদি—আমার সেই সৌভাগ্য প্রকটন করার নিমিত্ত তুমি আগমন কর, আমার নিকটে আইস।

ভুবনের নারীগণ,

সভা কর আকর্ষণ,

তুমি কৃষ্ণ চিত্ত-হর,

ঐছে কোন পামর,

তাহা কর সব সমাধান।

তোমারে বা কোন করে মান।। ৫৮

### গৌর-কৃপা-তরঙ্গিণী টীকা।

যথন মনে করিলেন, বজোজিরূপ তিরস্কারাদি শুনিয়া শ্রীকৃষ্ণ চলিয়া গিয়াছেন, তখন আবার তাঁহাকে দর্শন করিবার জন্ম উৎস্ক হইয়া বলিতেছেন—"তুমি আমার প্রাণ-অপেক্ষাও প্রিয়, তুমি কেন আমাকে ত্যাগ করিয়া আইতেছ ? দয়া করিয়া একবার আগদন কর, একবার আমাকে দর্শন দিয়া আমার ভাগ্য প্রসন্ধ কর।" এইস্থলে শ্রীকৃষ্ণের দর্শনার্থ উৎস্ক্রা-ভাবের উদয় হইয়াছে। পূর্কে শ্রীকৃষ্ণকে অন্থ-রমণীকর্তৃক সংভ্কু মনে করায় আমর্ধ-ভাবের উদয় হইয়াছিল; স্কৃতরাং এস্থলে অমর্ধ ও উৎস্ক্রা এই জুইটী ভাবের সন্ধি হইল। এপর্য্যন্ত শ্লোকস্থ "দয়িত"-শব্দের অর্থ গেল।

৫৮। "ভুবনের নারীগণ" ইত্যাদি দারা শ্লোকোক্ত "ভুবনৈকবন্ধো" শব্দের অর্থ করিতেছেন।

আবার যথন মনে করিলেন, শ্রীক্ষণ তাঁহার আহ্বানে তাঁহার নিকটে আসিয়া অন্ম রমণীর সঙ্গ-জনিত অপরাধ ক্ষা করার জন্ম তাঁহাকে অনুনয়-বিনয় করিতেছেন, তথন আবার তাঁহার অনুয়ার উদয় হইল; তাই পরিহাসপূর্ব্ধক বজোজিসহকারে বলিতে লাগিলেন—"তুমি অন্ধরণীর সঙ্গ করিয়াছ? তা বেশ করিয়াছ! তাতে তোমার দোষ কি? অন্ম রমণীর সঙ্গ করিয়া তাহাদিগকে সন্ধ্র করা ত তোমার কর্ত্তব্যই; তুমি কেবলই কি আমার সঙ্গ করিবে? তা উচিত নয়! তুমি ত একা আমার বন্ধু নও? তুমি হইলে ভ্রনৈকবন্ধু; জগতে সমস্ত রমণীগণের তুমিই একমাত্র বন্ধু! একমাত্র বন্ধু হইয়া তুমি তাদের মনস্তাটি করিবে না? নিশ্চয়ই করিবে! তা না করিলে যে তোমার অন্ধায় হইবে! তুমি তাদের সঙ্গ করিয়াছ বলিয়া এত লজ্জিত হইয়াছ কেন? বেশ করিয়াছ। আবার যাও, তাদের সন্তাই বিধান কর গিয়া। এথানে দাঁড়াইয়া রহিলে কেন ? তারা যে তোমার আশা-পথে চেয়ে আছে? যাও, যাও, শীত্র যাও! তাদের নিকট যাও।"

[ এস্থলে অমর্থের অমুগত অস্থ্যার উদয় হওয়ায় ধীরমধ্যা নায়িকার স্বভাব ব্যক্ত হইতেছে। "ধীরাতু বক্তি বক্তোক্তা দোৎপ্রাসং সাগসং প্রিয়ম্॥ উঃ নীঃ নায়িকা।২০॥" যে নায়িকা অপরাধী প্রিয়কে উপহাসসহ বক্তোক্তি প্রয়োগ করে, তাহাকে ধীরমধ্যা কহে।

পরের সৌভাগ্য, গুণ প্রভৃতি বিষয়ে উন্নতি দেখিয়া যে দ্বেষ জন্মে, তাহার নাম অস্থা। অস্থায় ঈর্ষা, অনাদ্র, আক্ষেপ, গুণে দোষারোপ, অপ্রাদ, বক্রদৃষ্টি, জাকুটীলতাদি প্রকটিত হয়। "দ্বেঃ পরোদ্যেইস্থয়া স্থাৎ সৌভাগ্য-গুণাদিভিঃ। তত্রের্ষানাদ্রাক্ষেপা দোষারোপো গুণেঘপি॥ ভ.র. সি. ২।৪।৮১॥"]

সভা কর আকর্ষণ—বংশীধ্বনি করিয়া ভ্বনের সমস্ত নারীগণকে আকর্ষণ কর। **তাঁহা কর সব** সমাধান—নিজ প্রয়োজন সিদ্ধি কর; তাঁহাদের সকলের মনস্তৃষ্ঠি বিধান কর। এই সকল কথাই পরিহাসপূর্ব্বক বজোক্তি বা সোল্লুঠ-বচন।

তুমি রুফ চিত্তহর ইত্যাদি। শ্লোকোক্ত "হে রুফ"-শব্দের মর্মা। কৃষ্ণ—রূপ-গুণ-মাধুর্য্য-দারা সকলের চিত্তকে আকর্ষণ করিয়া যিনি হরণ করেন, তাঁহার নাম রুফ। চিত্তহর—যে চিত্তকে হরণ করে। হে রুফ, তুমি আমার চিত্ত হরণ করিয়াছে, আমার চিত্ত আর আমাতে নাই। তোমারে বা কোন্ করে মান—তোমার উপরে কে মান করিতে পারে ? কেহই মান ক্রিতে পারে না। অর্থাৎ আমার আর মান করার প্রয়োজন নাই, তুমি একবার আসিয়া দেখা দাও।

আবার যথন মনে করিলেন, "এখানে কেন ? জগতের অপর রমণীগণের নিকটে যাও।"—ইত্যাদি বজোক্তি শুনিয়া শ্রীকৃষ্ণ বুঝি চলিয়া গিয়াছেন, তথন আবার তাঁহার দর্শনের জন্ম অত্যন্ত উৎক্ষিত হইয়া বলিতে লাগিলেন—"হে কুঞ্চ, তুমি তোমার রূপ-গুণ-মাধুর্যুদ্বারা আমার চিত্তকে হরণ করিয়াছ, আমার চিত্ত আর আমার তোমার চপল মতি, না হয় একত্র স্থিতি, তাতে তোমার নাহি কিছু দোষ।

তুমিত করুণানিক্ষু, আমার প্রাণের বন্ধু, তোমায় মোর নাহি কভু রোষ॥ ৫৯

### গৌর-কূপা-তরঞ্চিণী টীকা।

বশে নাই। এমতাবস্থায় আমি আর মান করিব না, আমার আর মানের প্রয়োজন নাই; একবার আসিয়া আমাকে দর্শন দাও।"

ি এন্থলে পূর্বের ভৎ সনা শুনিয়া শ্রীকৃষ্ণ চলিয়া গিয়াছেন মনে করিয়া দর্শনার্থ আবার উৎস্থক্যবশতঃ বিচার-পূর্বেক স্থির করিলেন যে, "কৃষ্ণ যথন আমার চিত্তই হরণ করিয়াছেন, তথন আর আমার মানের প্রয়োজন কি ? যাতে তাঁর দর্শন পাইতে পারি, তাহাই আমার কর্ত্ব্যা" এজন্ম এন্থলে উৎস্থক্যের অন্থগত মতি-নামক ভাবের উদয় হইরাছে। মতিবিচারোখনর্থনির্দ্ধারণম্॥ বিচারপূর্বেক অর্থ-নির্দারণকে মতি বলে।

কে। "তোমার চপল মতি" ইত্যাদি শ্লোকোক্ত "হে চপল" শব্দের মর্ম্ম। তোমার চপল মতি—তোমার মতি চঞ্চল; তোমার মনের কোনওরূপ স্থিরতা নাই। অথবা চপল—পরস্ত্রীচোর। তোমার মতি পরস্ত্রীচোরের মতির স্থার; কোনও এক রমণীতে তোমার মন স্থির হইয়া থাকিতে পারে না। নাহয় একত্র স্থিতি—তোমার মনের (অথবা তোমার) একত্র (একস্থানে) স্থিতি নাই; চপল বলিয়া তুমি একস্থানে (বা এক রমণীতে) স্থির হইয়া থাকিতে পার না।

আবার মনে করিলেন, তাঁহার আহ্বানে যেন প্রীক্তক আবার আসিয়াছেন, আসিয়া যেন অন্থনয়-বিনয় করিয়া বলিতেছেন, "হে প্রিয়ে! আমিত অন্থ কোপাও যাই নাই ? আমি কুজের বাহিরেই ত দাঁড়াইয়াছিলাম; কেন রুপা রাগ করিতেছ, আমার প্রতি প্রসন্ন হও।" ইহা শুনিয়া আবার উপ্রভাবের উদয় হইল; এই ভাবে আবিষ্ট হইয়া অত্যন্ত কোণভরে বলিলেন—"হে ক্কঃ! তোমার মন যে এক জারগায় থাকে না, তাতে তোমার ত কোনও লোবই নাই; কারণ, তুমি যে চপল (পরস্ত্রী-চৌর)! ভিন্ন ভিন্ন স্থানে তোমার গতি ত হইবেই, চঞ্চলতাহেতু বিভিন্ন ক্লের মধুর স্বাদ তুমি ত গ্রহণ করিবেই। তোমার স্বভাবই যে এক্রপ, তোমার দোঘ কি ? অত্যব হে চঞ্চল! এথানে এক জায়গায় কেন দাঁড়াইয়া রহিলে ? যাও, অন্তর্র যাও। অন্ত এক রমণীর নিকটে গিয়া কতক্ষণ থাক, তারপর তাকে ত্যাগ করিয়া অপর আর এক রমণীর নিকটে যাইও। এইরূপে এক রমণীকে ত্যাগ করিয়া অপর এক রমণীর নিকটে যাইও। এইরূপে এক রমণীকে ত্যাগ করিয়া অপর এক রমণীর নিকটে যাইও। এইরূপে এক রমণীকে ত্যাগ করিয়া অপর এক রমণীর নিকটে যাইও। এইরূপে এক রমণীকে ত্যাগ করিয়া অপর এক রমণীর নিকটে যাইও। এইনি তানে অনেকক্ষণ থাকিলে যে তোমার "চপল" নামের কলঙ্ক হইবে।"

[ এস্থলে ঔগ্র ( উগ্রতা ) ভাবের উদয় হওয়ায় অধীরমধ্যা-নায়িকার ভাব ব্যক্ত হইতেছে।

"অধীরা পর্কবৈধিক্যৈ নিরশ্রেষ্প্রভং রুষা॥ উঃ নীঃ নাষিকা। ২১॥ যে নাষিকা ক্রোব প্রকাশ পূর্কক স্বীয় বল্লভকে নিষ্ঠুরবাক্য প্রযোগ করে, তাহাকে অধীরা বলে।" অপরাধ ও ত্বরুক্ত্যাদিজনিত ক্রোধকে উগ্র বা উগ্রতা বলে। উগ্রতায় বধ, বন্ধ, শিরঃকম্প, ভর্ৎসন, তাড়ন প্রভৃতি হইয়া থাকে। "অপরাধ-ত্বরুক্ত্যাদিজাতং চওত্বমুগ্রতা। বধবন্ধশিরঃকম্প-ভর্ৎসনোভাড়নাদিল্পং॥ ভ. র.সি.। ২।৪।৭৯॥" ]

"তুমিত করুণাসিক্স" ইত্যাদি "হে করুণৈকসিন্ধো"-শব্দের মুর্ম।

আবার মনে করিলেন,—"হায় হায়, আমার কট্ ক্তি শুনিয়া রফ্ষ ত চলিয়া গেল ? এবার গেলে আর ত বুঝি আসিবে না ?" তাই অত্যস্ত দৈগুভাবে আবার বলিতে লাগিলেন—"হে রুঞ্চ, তুমিত করণার সিন্ধু, তোমার অস্তঃকরণ ত নিতান্ত কোমল, করণাধারায় গলিয়া অতি কোমল হইয়া গিয়াছে। যদিও আমি তোমার চরণে অপরাধিনী, তথাপি তুমি আমার প্রতি করণা করিয়া আমার অপরাধ ক্ষমা কর, একবার দর্শন দিয়া প্রাণ বাঁচাও। তোমার প্রতি আমার কোনও রোঘই নাই, দয়া করিয়া দর্শন দিয়া প্রাণ বাঁচাও।"

এস্থলে ঔগ্র ও দৈক্তভাবদ্বয়ের শাবল্য হইয়াছে।

তুমি নাথ ব্ৰজপ্ৰাণ, ব্ৰজের কর পরিত্রাণ, বহু-কার্য্যে নাহি অবকাশ। তুমি আমার রমণ, স্থা দিতে আগমন, এ তোমার বৈদগ্ধ্য-বিলাস ॥ ৬০

### গৌর-কূপা-তর শ্বিণী টীকা।

৬০। "তুমি নাথ ব্রজপ্রাণ" ইত্যাদি শ্লোকোক্ত "হে-নাথ" শব্দের মর্ম। শ্রীরাধা মনে করিলেন, তাঁহার দৈছোক্তি ভনিয়া শ্রীক্ষ আবার আদিয়াছেন, 'আর তিনি নিজে চুপ করিয়া বিদিয়া আছেন; শ্রিক্ষ আদিয়া যেন অমনয়-বিনয় করিয়া বলিতেছেন,—'প্রিয়ে, কথা বলনা কেন ? র্থা মান করিয়া কেন আমাকে কষ্ট দিতেছ? প্রসম হও' ইহা ভনিয়া অমর্থের অম্পত অবহিখা-ভাবের উদয় হওয়ায়, শ্রীরাধিকা যেন উদাসীছের সহিত বলিতেছেন,—"হে নাথ! এমন কথা বলিওনা। তুমি হইলে ব্রজের নাথ, ব্রজবাসীদিগের প্রাণ,—ব্রজবাসীদিগের রক্ষার জন্ত তোমাকে সর্বদা কার্য্যে ব্যাপৃত থাকিতে হয়,—স্ক্রোং আমার এখানে আসার সময়ইতো তোমার নাই! আমার নিকটে না আসার জন্ত আমি মান করিব কেন? আমি মান করি নাই। কথা বলি নাই বলিয়া মান করিয়াছি বলিয়া মনে করিয়াছ? তা নয়। তুমি হইলে আমাদের রক্ষক, তোমার সঙ্গে কথা বলিব না? একি একটা কথার কথা? তবে কি জান ? ব্রান্ধণী আমাকে মৌনব্রত গ্রহণ করাইয়াছিলেন, তাই তোমাকে স্ক্তায়ণ করিতে পারি নাই, আমার এ অপরাধ ক্ষমা কর।"

ি এইলে শ্রীকৃষ্ণ আদেন নাই বলিয়া শ্রীরাধা অন্তরে মান করিয়াছেন; তাই শ্রীকৃষ্ণের সহিত সচ্ছোগ-বিষয়ে উদাসীনতা দেখাইতেছেন; আবার স্থীয় ভাব গোপন করিয়া নিজে কথা না বলার জন্ম যেন সাদরবচনে শ্রীকৃষ্ণের ক্ষমা চাহিতেছেন ও তাঁহাকে নিরাশ করিতেছেন। এজন্ম এইলে অবহিথার উদয় হওয়ায় ধীরপ্রগল্ভা নায়িকার লক্ষণ ব্যক্ত হইতেছে। "উদান্তে স্থরতে ধীরা সাবহিথাত সাদরা॥ ধীরপ্রগল্ভা তুই রকম; এক মানিনীর অবস্থা প্রাপ্ত হইয়া সচ্ছোগ-বিষয়ে উদাসীনা; আর, অবহিথা অর্থাৎ আকার সংগোপন করিয়া স্থীয় বল্লভকে সাদরবচনে নিরাশ-কারিণী। উঃ নীঃ নায়িকা। ৩১।"

আকার-সংগোপন বা কোনও ক্ত্রিম ভাব দারা গোপনীয় ভাবের লক্ষণ সকলকে গোপন করার চেষ্ঠাকে **অবহিথা বলে।** ইহাতে ভাবপ্রকাশক অঙ্গাদির গোপন, অন্তদিকে দৃষ্টিপাত, রুথা চেষ্ঠা এবং বাগ্ভঙ্গী প্রভৃতি প্রকাশ পায়। "অবহিথাকারগুপ্তির্ভবেদ্ভাবেন কেনচিং। অ্রাঞ্গাদেঃ পরাভ্যুহস্থানশু পরিগূহন্ম্। অন্তর্কো রুথাচেষ্ঠা বাগ্ভঙ্গীত্যাদয়ঃ ক্রিয়াঃ॥ ভ. র. সি. ২।১।৫৯॥"]

ব্রজের কর পরিত্রাণ—ব্রজবাসীদিগকে রক্ষা কর। বহু-কার্ব্যে নাহি অবকাশ—ব্রজবাসীদিগের রক্ষাসম্বন্ধীয় বহু কার্য্যে ব্যস্ত থাকাবশতঃ আমার নিকটে আমার জন্ম তোমার অবকাশ (অবসর) নাই।

"ভূমি আমার রমণ" ইত্যাদি শ্লোকোক্ত "হে রমণ''-শব্দের মর্ম। বিদক্ষ—কলা-বিলাসাদিতে নিপুণ।

শ্রীরাধিকা আবার মনে করিতেছেন,—"শ্রীর্ষ্ণ বুঝি চলিয়া গিয়াছেন।" ক্ষণেক চুপ করিয়া থাকিয়া ভাবিলেন—"বুঝিবা শ্রীর্ষ্ণ আর আসিবেন না।" ইহা ভাবামাত্রই চাপলভাবের উদয় হওয়ায় মনে ভাবিতেছেন— "যদি তিনি রূপা করিয়া আবার দর্শন দেন, তবে আমি নিজেই অগ্রসর হইয়া তাঁহাকে কঠে ধারণ করিব, আর ছাড়িয়া দিব না।" ইহা ভাবিয়া তাঁহার সহিত মিলনের জন্ম অত্যন্ত উৎস্কাবশতঃ দৈছের সহিত বলিতেছেন,—"ছে আমার রমণ, তুমি ত সর্কাদাই আমাতে রমণ করিয়া থাক; আমার চিত্বিনোদন করিয়া থাক; এখনও একবার আসিয়া আমার অভিলাধ পূর্ণ কর!"

থিস্থলে চপলভাবের উদয় হইয়াছে এবং দৈগুও চাপল্যের সন্ধি হইয়াছে। "তুমি দেব ক্রীড়ারত" হইতে আরম্ভ করিয়া "এ তোমার বৈদগ্ধাবিলাস" পর্যান্ত প্রত্যেক পছেরই পূর্ব্বার্দ্ধে মান এবং দ্বিতীয়ার্দ্ধে কলহান্তরিভার ভাব ব্যক্ত হইয়াছে। যে নায়িকা স্থীজনের স্মক্ষে প্রদানত-ব্লভকে পরিত্যাগ করিয়া পশ্চাৎ অতিশয় তাপ অহুত্ব করে, তাহাকে কলহান্তরিতা বলে। প্রলাপ, সন্তাপ, গ্লানি, দীর্ঘ্যাস প্রভৃতি কলহান্তরিতা-নায়িকার লক্ষণ।

মোর বাক্য নিন্দা মানি, কৃষ্ণ ছাড়ি গেলজানি, শুন মোর এ স্তুতি বচন। নয়নের অভিরাম, তুমি মোর ধন-প্রাণ, হা হা পুন দেহ দরশন॥ ৬১

স্তম্ভ কম্প প্রম্বেদ বৈবর্ণ্য অশ্রু স্বরভেদ,
দেহ হৈল পুলকে ব্যাপিত।
হাসে কান্দে নাচে গায়, উঠি ইতি-উতি ধায়,
ক্ষণে ভূমে পড়িয়া মূর্চ্চিত ॥ ৬২

### গোর-কূপা-তরঞ্চিণী টীকা।

"যা স্থীনাং পুরঃ পাদপতিতং বল্লভং রুষ।। নিরস্থ পশ্চাত্তপতি কলহান্তরিতা হি সা। অস্থাঃ প্রলাপ-স্থাপ-গ্লানি-নিখসিতাদয়ঃ॥ উঃ নীঃ নায়িকা ৪৮॥" চাপল-ভাবের লক্ষণ পূর্ববিত্তী ৫২ ত্রিপদীর টীকায় দ্রন্থীর বু

৬১। "নোর নিলা" ইত্যাদি। তাঁহার আহ্বানে প্রীক্ষণ আবার আসিয়াছেন মনে করিয়া—"আমি তাঁহাকে কতই তিরস্কার করিয়াছি, তাই তিনি চলিয়া গিয়াছিলেন"—এইরূপ ভাবিয়া, আবার তাঁহাকে সমাগত দেখিয়া প্রবল উৎস্কেরের সহিত তুই বাহু প্রসারিত করিয়া যথন প্রীক্ষণকে আলিঙ্গন করিতে গেলেন, তথন তাঁহাকে না পাওয়াতে হঠাৎ শ্রীরাধিকার বাহুক্ষুতি হইল; তথন অত্যন্ত থেদের সহিত বলিলেন—"হে নয়নাভিরাম, হায়, হায়, আবার কথন আমি তোমার দর্শন পাইব।"

নয়নের অভিরাম—নয়নের আনন্দায়ক; যাঁহাকে দর্শন করিলে আনন্দ জ্বা। এস্থলে ঔৎস্কার প্রবলতাবশতঃ ভাব-শাবলা হইয়াছে। ইহা শ্লোকস্থ "হে নয়নাভিরাম"-শব্দের মর্ম।

৬২। স্তম্ভ, কম্পা, ইত্যাদি। এই সমস্ত সাত্ত্বিক-ভাবের লক্ষণ। **সত্ত্ব-**শ্রীকৃষ্ণ-সৃষ্দ্ধি ভাব-সমৃহ্ধারা চিত্ত আক্রান্ত হইলে তাহাকে সত্ত্ব বলা হয়। এই সত্ত্ব হইতে স্বতঃই উৎপদ্দ ভাবের নাম সাত্ত্বিকভাব। চিত্ত ভগবদ্ধাৰে আক্রান্ত হইলে যখন অধীর হইয়া প্রাণ-বায়ুতে আত্মসমর্পণ করে, তখন প্রাণ অবস্থান্তর প্রাপ্ত হইয়া দেহকে অতিশয় ক্যোভিত করে; তখনই সাত্ত্বিকভাব সকল দেখা দেয়। সাত্ত্বিকভাব আট রক্মঃ—স্তম্ভ, স্বেদ (ঘর্ম), রোমাঞ্চ, স্বরভেদ, কম্পা, বৈবর্ণা, অশ্রু ও প্রলয় (মূর্চ্ছা)।

স্তম্ভ হর্ষ, ভয়, আশ্চর্য্য, বিষাদ ও অমর্ষ হইতে স্তম্ভ উৎপন্ন হয়। ইহাতে বাক্যাদিশূছাতা, নিশ্চলতা, শ্ভাতাদি জন্মে; কর্ম্মেন্ত্রিয় ও জ্ঞানেন্ত্রিয়ের ক্রিয়া লোপ পায়।

**স্বেদ** হর্ষ, ভয় ও ক্রোধাদিবশতঃ শরীরের ক্লেদ বা আর্দ্র তা (ঘর্ম্ম)কে স্বেদ বলে।

রোমাঞ্চ — আশ্চর্য্য বপ্তর দর্শন, হর্ষ, উৎসাহ ও ভয়াদি বশতঃ রোমাঞ্চ হয়; ইহাতে রোমসকলের উদ্গম ও গাত্রসমূহের পরস্পার সংলগ্নতাদি হইয়া থাকে।

**স্বরভেদ**—বিবাদ, বিশ্বয়, ক্রোধ, আনন্দ ও ভয়াদি হইতে স্বরভেদ হয়। ইহাতে স্বরের বিক্কৃতি জন্মে; গদ্গদ্ বাক্য হয়।

ক**ম্প**—ক্রোধ, বিত্রাস ও হর্যাদি দারা যে গাত্রের চাঞ্চল্য হয়, তাহাকে কম্প বলে।

বৈবর্ণ—বিষাদ, ক্রোধ ও ভয়াদি বশতঃ বর্ণবিকারের নাম বৈবর্ণা। ইহাতে মলিনতা ও ক্লণতা হইয়া থাকে। তাশ্রে—হর্ষ, ক্রোধ ও বিষাদাদির দারা বিনা যত্নে যে চক্ষু হইতে জল বাহির হয়, তাহার নাম অশ্রঃ হর্বজনিত অশ্রু শীতল, ক্রোধাদিজনিত খ্রু উষ্ণ। কিন্তু সকল অস্থায়ই চক্ষুর ক্ষোভ, রক্তিমা ও সন্মার্জনাদি হইয়া থাকে। নাসিকাস্রাব ইহার অঙ্গবিশেষ।

প্রাম সংখ ও হঃথ বশতঃ চেষ্টাশৃছতা ও জ্ঞানশৃছতার নাম প্রলয় বামুর্চ্চা। প্রলয়ে ভূমিতে পতনাদি হইয়াথাকে।

**প্রত্যেদ**—স্থেদ, ধর্ম। পুলক—রোমাঞ্চ।

ক্ষণে ভুমে পড়িয়া মূর্চিছত—প্রলয়ের চিহ্ন।

ভাবের প্রভাবে রাধাভাবাবিষ্ট মহাপ্রভুর দেহে অষ্টসান্তিক বিকার প্রকটিত হইল।

মূর্চ্ছায় হৈল সাক্ষাৎকার, উঠিকরে হুলুস্কার,
ক্রেন্ডের মাধুরী-গুণে, নানা ভ্রম হয় মনে,
শ্লোক পঢ়ি করয়ে নিশ্চয়। ৬৩

তথাহি শ্রীকৃষ্ণকর্ণামৃতে (৬৮)—

নারঃ স্বয়ং মু মধুরত্যতিমগুলং মু

নাধুর্ব্যমেব মু মনোনয়নামৃতং মু

বেণীমৃজো মু মম জীবিতবল্লভো মু

কুষ্ণোহয়মভ্যুদয়তে মম লোচনায়॥ >>

### স্লোকের সংস্কৃত টীকা।

অথ বৃদ্ধাৰনং প্ৰবিষ্টে তিমান্ লীলাগুকে শ্ৰীকৃষ্ণস্তাসামাবিরভূদিতিবং তাসাং মধ্যে আবিভূত শুলীলাবিশিষ্ট এব তস্তাগ্রেইপ্যাবিরভূহ। স চ তং বিলোক্য স্বয়ং জাততন্ত্ৰমোহণি তস্তা শ্ৰীরাধায়াঃ অস্মাকং তদ্ধনভাগ্যং নাস্ত্যেবৈতি স্থাভিঃ সহ ক্ষত্যা অক্ষান্তং কিঞ্চিলূরে বিলোক্য অমবাহল্যেন প্রলপ্ত্যা বচোহমুবদ্ধাহ। প্রথমং দর্শনাদেব বিরহবিক্ষরণ কন্দর্পভান্তা সভয়মাহ মার ইতি। য স্তাবদৃশু এব জগনারয়তি স মারঃ স্থয়মাগতঃ কিং মূ বিতকে। পুনর্মাধুর্য্যমন্ত্রুয় সাশ্চর্য্যাহ স তাবদীদৃভ্মধুরো ন ভবতি, তদিদং মধুর্ত্যুতীনাং মওলং ম্থ কিম্। প্নর্ত্যাশ্চর্য্যাহ—ন তদেতং কিন্তু মাধুর্য্যমেব ভদ্ধর্ম এব পরিণতঃ স্বাগতঃ কিম্। প্নর্নোনয়নয়োরতিত্প্ত্যাস্পস্ত্যোব্দাহ মনোনয়নয়োর কৃত্পাস্পস্ত্যোব্দাহ মনোনয়নয়োর কৃত্পাস্পস্ত্যোব্দাহ মনোনয়নয়োর কৃত্পাস্পস্ত্যাব্দাহ মনোনয়নয়োর কৃত্পাস্কঃ প্রোয়াগতঃ কান্তঃ স এবায়ং কিম্। পুনঃ সম্যাগবলোক্য সানন্দমাহ মু ভোঃ স্থাঃ মন জীবিতবল্পভাহ্যং কৃষ্ণঃ। বাল ইতি পাঠে বালঃ নবকিশোরঃ। মন লোচনায় তদানন্দয়িত্বভূাদয়তে যুয়ং পশ্ততেতি শেষঃ। সাম্বর্দায়ান্ত তদহুগৈত্যের ব্যাপ্যায়ং বাহেইপি স এবার্থঃ; নিশ্চয়ান্তঃ সন্দেহনামায়নলক্ষারঃ। সার্স্বস্থা। ১১।

### গৌর-কুপা-তরঞ্জিণী-চীকা।

হাসে, কান্দে ইত্যাদি—এইগুলি উদ্ভাস্বর-নামক অন্থভাব। চিত্তস্থ ভাবের বছিনিকোরকে, অর্থাৎ বাহিরের যে সমস্ত লক্ষণদারা চিত্তস্থিত ভাবের পরিচয় পাওয়া যায়, তাহাদিগকে অন্থভাব বলে। এসমস্ত বহিনিকোরের মধ্যে যেগুলি স্বাভাবিক—যেগুলি ভক্তের নিজের চেষ্টা ব্যতীত আপনা-আপনিই প্রকাশ পায় এবং চেষ্টা করিয়াও যেগুলিকে গোপন করা যায় না—সেই বহিন্দিকোরগুলিকে বলে সান্ধিকভাব। যেমন অক্র-কম্প-পুলকাদি। আবার কতকগুলি বিকার আছে, ভক্ত ইচ্ছা করিলে যে গুলিকে দমন করিয়া রাখিতে পারেন; এইজাভীয় বিকারগুলিকে বলে উদ্ভাস্বর অন্থভাব; নৃত্য, গীত, ভূমিতে গড়াগড়ি, চীৎকার, গাত্রমোটন, হন্ধার, জ্ঞা, দীর্ঘাস, লোকাপেক্ষাত্যাগ, লালাম্রাব, অট্টহাস্ত, ঘূর্ণা, হিকাদি উদ্ভাস্বর অন্থভাব। (ভক্তিরসামৃতসিন্ধ, ২০০২ শ্লোকের টীকা, ২০২০-২ শ্লোক এবং শ্রীচৈতস্থচিরতামৃত হা২৩০২ প্রারের টীকা দ্রষ্টব্য)।

অন্তরস্থিত ভাবের প্রভাবে প্রভুর দেহে উদ্ভাস্বর-অন্তবগুলিও প্রকাশ পাইয়াছিল।

৬০। মূর্চ্ছার ইত্যাদি—প্রভু যথন মৃচ্ছিত হইয়া পড়িয়াছিলেন, তথনই তিনি শ্রীরুষ্ণের সাক্ষাৎকার—শ্রীরুষ্ণের দর্শন—পাইলেন। মহাশয়—মহামনা; মহাজা। শ্রীরুষ্ণ দয়া করিয়া দর্শন দিয়াছেন বলিয়া নিজেকে রুতার্থ মনে করিয়া প্রভু রুষ্ণকে "নহাশয়" বলিলেন। মাধুরী-গুণে—মাধুর্য্যের গুণে। শ্রীহুষ্ণদর্শন-সময়ে তাঁহার মাধুর্য্যের অপূর্ব বৈচিত্রীসমূহ দর্শন করিয়া প্রভুর মনে নানাবিধ শ্রমের উদয় হইল; মাধুর্য্যের এক-একটা বৈচিত্রী প্রকৃটিত হয়, আর প্রভুর মনে এক এক রকম শ্রমের উদয় হয়; জ্বমে সমস্ত শ্রমের নির্মন করিয়া প্রভু নিজেই কিরূপে নিশ্চিত তথ্যে উপনীত হইয়াছিলেন, "মারঃ স্বয়ং" ইত্যাদি শ্লোকেই তাহা ব্যক্ত আছে। বিভিন্ন বৈচিত্রী দেখিয়া প্রভুও সেই শ্লোকটীরই আবৃত্তি করিয়াছিলেন।

শো। ১১। অষয়। স্বাং মারঃ (কন্প) ছ (কি)? মধুরহাতিমঙলং (মধুর-কান্তিমঙল) হ (কি)? মাধুর্ঘাং (মাধুর্ঘা) এব (ই) ছ (কি)? মনোনয়নামৃতং (মনের ও নয়নের অমৃত) হ (কি)? বেণীমৃজঃ (প্রবাস হইতে সমাগত বেণীর উন্মোচনকারী কান্ত) ছ (কি)? মম (আমার) জীবিতবল্লভঃ (জীবনবল্লভ) অয়ং (এই) ক্বফঃ (প্রীক্রফঃ) মম (আমার) নেবিল্লভা (নয়নকে আনন্দ দিবার নিমিত্ত) অভ্যুদ্য়তে (উদিত হইয়াছেন)।

কিবা এই সাক্ষাৎ কাম, ত্যুতিবিম্ব মূর্ত্তিমান, কি নাধুর্য্য স্বয়ং মূর্ত্তিমন্ত। কিবা মনোনেত্রোৎসব, কিবা প্রাণবল্লভ, সত্য কৃষ্ণ আইলা নেত্রানন্দ॥ ৬৪ গুরু নানা ভাবগণ, শিশ্য প্রভুর তন্তু-মন,
নানা রীতে সতত নাচায়।
নির্বেদ বিষাদ দৈল্য, চাপল্য হর্ষ ধৈর্য্য মন্ত্র্য,
এই নৃত্যে প্রভুর কাল যায়॥ ৬৫

### গৌর-কৃপা-তরঙ্গিণী-টীকা।

ত্বাদ। দূর হইতে ভাবাবেশে অকশ্বাং শ্রীকৃষ্ণকে দেখিয়া শ্রীরাধিকা বলিতেছেন—"হে স্থি! ইনি কি শ্বয়ং মার ? (কন্দর্প? জগৎকে মারিবার জন্ম উপস্থিত হইরাছেন কি ?) (আবার মাধ্র্য্য অন্তব করিয়া বলিতেছেন,—না কন্দর্পের মূর্ত্তিত এত মধুর নয় ? তবে) ইনি কি মধুর-জ্যোতীরাশি ? (না, জ্যোতীরাশির এত চমৎকারিতা থাকে না, তবে) ইনি কি মূর্ত্তিমান্ মাধুর্য্য ? (না, কেবল মাধুর্য্যের দারা মন ও নয়নের এত ভৃষ্টি হয় না, তবে) কি মন ও নয়নের আনন্দ বিধান করিবার জন্ম সাক্ষাৎ অমৃত আসিয়াছেন ? (না, ঐ যে হস্ত-পদ দেখা যায়, অমৃতের ত হস্ত-পদ থাকে না। তবে) ইনি কি বেণীমূজ ? প্রবাস হইতে সমাগত কাস্ক, যিনি আমার বেণী উন্মোচিত করেন ? (আবার সমক্ রূপে দৃষ্টি করিয়া আনন্দের সহিত বলিতেছেন), কি আশ্চর্য্য ! এ-যে আমার জীবনবল্লভ শ্রীকৃষ্ণ আমার নয়নের আনন্দ বিধানার্থ সমাগত হইয়াছেন (স্থী সকল, তোমরা দর্শন কর )। >>

এই শ্লোকের মর্ম পরবর্ত্তী ত্রিপদীতে বিবৃত হইয়াছে।

৬৪। "কিবা এই সাক্ষাং কাম" হইতে "সত্য কৃষ্ণ আইলা নেত্রানন্দ" পর্যাপ্ত পত্যে উক্ত "মারঃ স্বয়ং হু". ইত্যাদি শ্লোকের অন্ধ্রাদ।

কিবা এই সাক্ষাৎ কাম— শ্রীকৃষ্ণবিরহে বিহ্নলা হইয়া শ্রীরাধিকা স্থীগণের সহিত রোদন করিতেছিলেন; এমন-সম্য়ু দূর হইতে শ্রীকৃষ্ণকে দেখিয়া ভ্রমবশতঃ এবং ক্রেন্দনাদিজনিত বাপ্পাকুলনেত্রতাবশতঃ ঠিক চিনিতে না পারায় মনে করিলেন— "বুঝি কামদেব আসিতেছেন।" তাই অত্যন্ত ভয়ের সহিত বলিলেন, "স্থি! এই কি কামদেব আইলেন ? (ভয়ের কারণ এই যে, একেত শ্রীকৃষ্ণবিরহে জর্জারিত, তার উপর যদি কামদেব পঞ্চশরে আঘাত করেন, তাহা হইলে আর বাঁচিবার আশা নাই)।"

তুর্তিবিন্ধ মূর্ত্তিমান্—আর একটু ভাল করিয়া দেখিয়া বলিলেন—"না এ কাগদেব নয়; কাগদেবের মূর্ত্তি এত মধুর ত নয় ? এ বোধ হয় মধুর-জ্যোতীরাশি মূর্ত্তি ধারণ করিয়া উপস্থিত হইয়াছে। তুর্গতি—জ্যোতি, তেজঃ।

কি মাধুর্য্য স্বয়ং মূর্ত্তিমন্ত—আর একটু ভাল করিয়া দেখিয়া বলিলেন—"না না, এ ছ্যুতিরাশি নয়; ছ্যুতিরাশি এত চমৎকার হয় না। এ বোধ হয় স্বয়ং মাধুর্য্যই মূর্ত্তি ধারণ করিয়া উপস্থিত হইয়াছে।"

কিবা মনোনেত্রোৎসব—মন গ্রন্থ নয়নের উৎসব—প্রচুর আনন্দদাতা। আরও ভালরূপে দেখিয়া বলিলেন—"না, ইহার দর্শনেত মনে ও নয়নে অনির্ক্তনীয় তৃপ্তি জন্মিতেছে; কেবল মাধুর্য্যের দ্বারাত এত বেশী তৃপ্তি জন্মিতে পারে না। এ নিশ্চয়ই আমার মন ও নয়নের আনন্দ বিধান করিবার জন্ম সাক্ষাৎ অমৃত আসিয়া উপস্থিত হইয়াছেন।"

কিবা প্রাণবল্লভ ইত্যাদি—আরও ভালরপে দৃষ্টি করিয়া দেখিলেন যে হস্ত-পদ দেখা যায়। তথন ভাবিলেন, অমৃতের ত হস্ত-পদ নাই, ইনি অমৃত নহেন। তবে ইনি কে ? সম্যক্রপে অবলোকন করিয়া দেখিলেন যে, তাঁহার প্রাণবল্লভ, তাঁহার নয়নের আনন্দস্করপ শ্রীকৃষ্ণ আসিয়াছেন।

"হে দেব"—ইত্যাদি শ্লোক-আবৃত্তির পরে প্রভূ মূর্চ্ছিত হইয়া পড়িয়াছিলেন; মূচ্ছিতাবস্থাতেই প্রীরুঞ্চর্শন পাইয়া হুঙ্কার করিয়া তিনি উঠিয়া বসিলেন এবং শ্রীরাধার ভাবে আবিষ্ট হইয়া প্রেকালিখিত "মারঃ স্বয়ং ম"—ইত্যাদি শ্লোক পড়িতে লাগিলেন।

৬৫। অস্তালীলার মধ্যে এপর্যান্ত যাহা বলা হইল, তদতিরিক্ত আরও অনেক লীলা আছে; তাহা প্রকাশ

চণ্ডীদাস বিত্যাপতি, রায়ের নাটক-গীতি, কর্ণামৃত শ্রীগীতগোবিন্দ। স্বরূপ-রামানন্দ-সনে, মহাপ্রভু রাত্রিদিনে, গায় শুনে প্রম আনন্দ। ৬৬ পুরীর বাৎসল্য মুখ্য, রামানন্দের শুদ্ধ-সখ্য,
গোবিন্দান্তের শুদ্ধ দাস্থ-রস।
গদাধর জগদানন্দ, স্বরূপের মুখ্য রসানন্দ,
এই চারি-ভাবে প্রভু বশ॥ ৬৭

### গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

করিবার উদ্দেশ্যে বলিতেছেন—পূর্ব্বোল্লিথিত ভাষসমূহের ছায় আরও অনেক ভাবের বশীভূত হইয়াই প্রভু আরও অনেক লীলা করিয়াছিলেন।

গুরু নানা ভাবগণ ইত্যাদি—নানাবিধ ভাব গুরুস্বরূপ; আর প্রভুর শরীর ও মন তাহাদের শিয়স্বরূপ।
গুরু যাহা করান, শিয়া যেমন তাহাই করে, ভাবগণ যাহা করায়, প্রভুর শরীর এবং মনও তাহাই করে। অর্থাৎ
ভাবের বশীভূত হইয়াই মহাপ্রভু প্রলাপাদি করিয়া থাকেন। যথন ভাবের উদয় হয়, তথন প্রভুর আর স্বাতস্ত্র্য থাকে না, তিনি সুর্বোতোভাবে ভাবের অধীন হইয়া ভাবের অন্ধর্মপ ক্রিয়া পাকেন। ভকু—দেহ, শরীর।
নানা রীতে—নানা-ভাবের বশে, নানার্মপে।

যে সমস্ত ভাবের বশে প্রভুর দেহ-মন বিচলিত হইরাছিল, তাহাদের কয়েকটীর উল্লেখ করিতেছেন—"নির্বেদ বিযাদ"—ইত্যাদিবারা।

নির্কেদ—মহাত্রুখ, বিরহ, ঈর্য্যা ও সদ্বিবেকাদিজনিত নিজের অব্যাননা-জ্ঞানকে নির্কেদ বলে। মহার্ত্তিবিপ্রয়োগের্য্যাসন্থিকোদিকল্লিতন্। স্থাব্যানন্মেবাত্র নির্কেদ ইতি কণ্যতে। ভ. র. সি ২।৪।৪॥

বিষাদ—ইষ্টবস্তুর অপ্রাপ্তি, প্রারন্ধ-কার্য্যের অসিদ্ধি, বিপত্তি ও অপরাধাদি হইতে যে অন্তাপ, তাহার নাম বিষাদ। ভ. ব. সি. ২181৮॥

হ্ব—অভীষ্টবস্থার দর্শন ও লাভাদিজনিত চিত্তোর প্রাফুলতাকে হর্ষ বলে। রোমাঞ্চ, ঘর্মা, অঞ্চ, মুখের প্রাফুলতা, আবেগ, উন্মাদ, জড়তা, মোহ প্রভৃতি ইহার চেষ্টা। ভ. র. সি. ২।৪।৭৮॥

ধৈৰ্য্য—ধৃতি। জ্ঞান, হুঃখের অভাব, উত্তমনস্তপ্ৰাপ্তি অৰ্থাৎ ভগবৎ-সৃদ্ধীয়ে প্ৰেমলাভ দারা মনের যে পূৰ্ণতা (চাঞ্চল্যাভাব), তাহার নাম ধৃতি। ইহাতে অপ্ৰাপ্তবস্ত বা বিনষ্টবস্তুর জন্ম হয় না।

ধৃতিঃস্থাৎপূর্ণতাজ্ঞানত্বংখাভাবোজনাগুভিঃ। অপ্রাপ্তাতীতনষ্টার্থানভিসংশোচনাদিয়ৎ।ভ. র. সি. ২।৪।৭৫॥

মক্যু—প্রণয়রোষ। দৈছা ও চাপল্যের লক্ষণ পূর্ববর্তী ৫৪ ত্রিপদীর টীকায় দ্রষ্টব্য। এই নৃত্যে—এই সকল ভাবের অধীন হইয়া ভাবোচিত বিকারাদি প্রকাশ করিতে করিতে।

৬৬। চণ্ডীদাস বিজ্ঞাপতি—চণ্ডীদাস ও বিজ্ঞাপতির রচিত গীত। রায়ের নাঁটকগীতি—রায় রামানন্দের রচিত জগন্নাথবল্লভ-নাটক। কর্ণামূত—শ্রীকৃঞ্চকর্ণামূত-নানক গ্রন্থ; ইহা শ্রীবিল্পমঙ্গল-ঠাকুরের রচিত। শ্রীগীতগোবিন্দ—শ্রীজয়দেব-রচিত গ্রন্থ।

নানাবিধ ভাবে আবিষ্ট হইয়া শ্রীমন্মহাপ্রভু—চণ্ডীদাস ও বিছাপতির পদাবলী হইতে, রায়রামানন্দের জগন্নাথ-বল্লভনাটক হইতে, শ্রীবিল্পস্থলের শ্রীকৃষ্ণকর্ণায়ত হইতে এবং শ্রীজয়দেবের শ্রীগীতগোবিদ্দ হইতে—স্বীয় ভাবের অমুকূল পদ ও শ্লোকাদি কখনও বা নিজে কীর্ত্তন করিতেন, আবার কখনও বা স্বরূপ-দামোদের বা রায়রামানদ্দ কীর্ত্তন করিতেন, আবার প্রভু শুনিয়া যাইতেন। গায় শুনে—প্রভু গাহিতেন এবং কখনও বা শুনিতেন।

৬৭। পুরীর—শ্রীপরমান-দপ্রীর। ইনি শ্রীমাধবেন্দপ্রীর শিঘ্য, মহাপ্রস্থর দীক্ষাগুরু-শ্রীঈশ্বর্থরীর সতীর্থ (গুরুভাই); এই সম্বর্ধতঃ মহাপ্রভুর প্রতি তাঁহার বাৎসল্য-ভাব। মুখ্য—প্রধান। পুরীগোস্বামীর অচ্চান্ত ভাব থাকিলেও বাৎসল্যভাবই তাঁহাতে প্রধানরূপে বিরাজমান। শুদ্ধ সখ্য— এপ্রাজ্ঞানাদিশ্চ্য বিশুদ্ধ-স্থ্য। মুখ্য

লীলাশুক মৰ্ত্ত্যজন, তার হয় ভাবোদগম,
ঈশরে সে কি ইহা বিস্ময়।
তাহে মুখ্যরসাশ্রয়, হইয়াছেন মহাশয়,
তাতে হয় সর্বতভাবোদয়॥ ৬৮
পূর্বেব ব্রজবিলাসে, যেই তিন অভিলামে,
যত্তেহ আস্থাদ না হইল।

শ্রীরাধার ভাবসার, আপনে করি অঙ্গীকার,
দেই তিন বস্তু আসাদিল ॥ ৬৯
আপনে করি আসাদনে, শিখাইল ভক্তগণে,
শ্রেমিন্ডিশমনির প্রভূ ধনী।
নাহি জানে স্থানাস্থান, যারে তারে কৈল দান,
মহাপ্রভূ দাতা-শিরোমনি॥ ৭০

### গোর-কুপা-তর ক্লিণী টীকা।

রসানন্দ—মধুরভাব। শ্রীমন্ মহাপ্রভুর সম্বন্ধে প্রমানন্দপুরী-গোস্থামীর বাৎসল্যভাব, রামানন্দ-রায়ের স্থাভাব, গোবিন্দি প্রভৃতির দাস্ভভাব এবং গদাধর, জগদানন্দ ও স্বরূপ-দামোদর প্রভৃতির মধুরভাব। শ্রীগোরাঙ্গলীলা ভাবময়ী, স্থতরাং এই সকল তাঁহাদের মনোগতভাব, বাহিরে প্রায় সকলেরই দাস্ভভাব।

এই চারিভাবে প্রভু বশ—দাশু, স্থ্য, বাৎসল্য ও মধুর এই চারিটী ভাবেই প্রীক্লফের প্রতি ভক্তের মমতা (নিতাস্ত নিজজন বলিয়া একটা ভাব) জন্মে; এই ভাবগুলি মমতাময় বলিয়া প্রভু এই কয় ভাবেরই বশীভূত হয়েন।

৬৮। নির্বেদাদি-ভাব সকল খ্রীমন্ মহাপ্রভূতে প্রকটিত হওয়া যে অস্তুব নয়, তাহার যুক্তি দেখাইতেছেন। লীলাশুক—খ্রীবিল্বমঙ্গল-ঠাকুরকে লীলাশুক বলে। মর্ত্তাজন—মর্ত্তোর লোক, মার্য। তার—বিল্বমঙ্গলের। তার হয় ভাবোদ্গম—বিল্বমঙ্গলে যে নানাবিধ ভাবের বিকাশ হইয়াছিল, তাহা তাঁহার রচিত খ্রীর্ফাকর্ণামৃত পাঠ করিলেই যুবা যায়। ভাবোদ্গম—ভাবের উদয়।

ঈশবে—মহাপ্রভৃতে। কি ইহা বিসায়—ইহা আর আশ্চর্য্যের বিষয় কি ? ভাতে মুখ্য রসাশ্রেয়—
তাহাতে আবার তিনি (মহাপ্রভূ) সর্বশ্রেষ্ঠ শ্রীরাধার ভাব অঙ্গীকার করিয়াছেন। মহাভাবস্বরূপিণী শ্রীরাধাতে
সমস্তভাবই বর্ত্তমান; শ্রীমন্ মহাপ্রভূ শ্রীরাধার ভাব গ্রহণ করিয়া মহাভাবের আশ্রয় হইয়াছেন বলিয়া তাঁহাতেও
সমস্ত ভাবের উদ্গমই সম্ভব।

শ্রীবিস্তাসল মর্ত্রালোকবাসী মানুষ; তাঁহার মধ্যেই যথন নির্কেদাদি বিবিধ ভাবের উদয় হইতে পারে, তথন অবিচিন্তাশক্তিসম্পান স্বয়ং ভগবান্ মহাপ্রভূতে যে এ সকল ভাবের উদ্গম হইবে, তাহা আর আশ্চর্য্যের বিষয় কি পূ বিশেষতঃ তিনি (মহাপ্রভূ) যথন সর্বশ্রেষ্ঠ শ্রীরাধিকার মধুরভাব অঙ্গীকার করিয়াছেন, তথন তাঁহাতে যে সকল ভাবেরই বিকাশ হইবে, ইহাত নিতান্তই সম্ভব।

৬৯। প্রীমন্মহাপ্রভু কেন এবং কিরূপে মুখ্যরসাশ্রয় হইলেন, তাহা বলিতেছেন।

পূর্বে—পূর্বলীলায়; দাপরে। **ত্রজবিলাসে**—ত্রজলীলায়।

ষেই তিন অভিলাষে—শ্রীরাধিকার প্রেমের মহিমা, নিজের মাধুর্য্য এবং নিজের মাধুর্য্য আস্বাদন করিয়া শ্রীরাধিকা কিরূপ আনন্দ পান, আশ্রয়রূপে এই তিনটা বস্তু আস্বাদন করিবার জন্ম তিনটা অভিলাম। ্যজেই আস্বাদ না হইল—শ্রীরুষ্ণ প্রেমের বিষয় মাত্র; তাঁহাতে আশ্রয়-জাতীয় ভাব না থাকায় শত চেষ্ঠা করিয়াও ব্রজলীলায় ঐ তিনটা অভিলাম পূর্ণ করিতে প্রেম নাই।

ভাবসার—ভাবের সার; শ্রেইভাব; মাদনাখ্যমহাভাব। বর্ত্তিগান কলিতে প্রীর্কাণ শ্রীরাধার ভাবসার অঙ্গীকার-পূর্বাকে প্রীচৈতিয়া হইলেন এবং পূর্বােজি তিনটী বস্তুর আস্থাদন করিলেনে।

৭০। প্রভু সেই তিন বস্ত নিজে আস্বাদন করিয়া ভক্তগণকে আস্বাদনের উপায় শিক্ষা দিলেন। প্রেম-চিন্তামণির প্রভু ধনী—প্রভু প্রেমচিস্তামণিধনে ধনী। প্রেমচিন্তামণি—প্রেমরূপ চিন্তামণি। চিন্তামণির নিকট যেমন যাহা চাওয়া যায়, তাহাই পাওয়া যায়, প্রেমের নিকটও যে যাহা চায়, তাহাই পায়। এই গুপ্তভাব-সিন্ধু, ব্রহ্মা না পায় যার বিন্দু,

হেন ধন বিলাইল সংসারে।

ঐছে দয়ালু অবতার, ঐছে দাতা নাহি আর,

গুণ কেহো নারে বর্ণিবারে॥ ৭১

কহিবার কথা নহে, কহিলে কেহো না বুঝয়ে,

ঐছে চিত্র চৈতন্মের রঙ্গ।

সে-ই সে বুঝিতে পারে, চৈতন্তের কুপা যারে,
হয় তাঁর দাসামুদাস-সঙ্গ ॥ ৭২
চৈতন্ত-লীলা-রত্নসার, স্বরূপের ভাণ্ডার,
তেঁহো থুইলা রঘুনাথের কঠে।
তাহা কিছু যে শুনিল, তাহা ইহা বিবরিল,
ভক্তগণে দিল এই ভেটে॥ ৭৩

### গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

**নাহি জানে** ইত্যাদি—পাত্রাপাত্র বিচার না করিয়া প্রভু যাহাকে-তাহাকে প্রেমদান করিয়াছেন। ১৮৮২৭ প্রারের টীকা দ্রষ্টব্য।

- 95। গুপ্তভাবসিন্ধু—ভাবরূপসিন্ধু (সমুদ্র), যাহা সত্য, ব্রেতা, দ্বাপর এই তিন যুগেই শুপ্ত ছিল। কেবল কলিযুগে পরমদয়াল মহাপ্রভু কুপা করিয়' জীবের মঙ্গলের জন্ম ব্যক্ত করিয়াছেন। ভাব—ব্রজভাব, ব্রজপ্রেম। ব্রহ্মা না পায়—শ্রীকৃষ্ণের প্রতি ব্রহ্মাসীদিগের যে জাতীয় প্রীতি, ব্রহ্মার পক্ষে তাহা একান্ত হুর্লভ ছিল। তাই ব্রহ্মানার পরে প্রীকৃষ্ণের স্তব-স্তৃতি করিয়া ব্রহ্মা প্রার্থনা করিয়াছিলেন—"অনাদিকাল হইতে অয়েয়ণ করিয়াও শ্রুতি বাহার পদরেগুর সন্ধান পান নাই, সেই স্বয়ংভগবান্ প্রীকৃষ্ণচন্দ্রকে যে গোকুলবাসিগণ প্রেমপ্রভাবে নিতান্ত আপন-জন করিয়া রাথিয়াছেন, তাঁহাদের কোনও একজনের চরণরেগুলাভ করিতে পারিলেই আমি ধন্ম হইতে পারি; তাই আমি প্রার্থনা করিতেছি যে বুলাবনন্থ তুণাদির মধ্যে, অথবা গোকুলে বৎসাদির মধ্যে জন্মলাভের সোভাগ্য আমার বেন হয়; তাহা হইলে হয়তো ব্রজবাসীদের চরণরেগুলাভের ভ্রিভাগ্য আমার হইতে পারে। তদ্ভুরিভাগ্যমিহ জন্ম কিমপ্টবাাং যদ্গোকুলেহিল কত্মাজিবুরজোইভিষেকম্। যজ্জীবিতুং তু নিথিলং ভগবান্ মুকুন্দস্বতাপি যৎপদরজঃ শ্রেতিমৃগ্যনের ॥ প্রীভা ১০০১৪॥"
- **৭২। খ্রী**টেতভালীলা কথায় ব্যক্ত করার বিষয় নহে; এই লীলা এমনি অছুত যে **তাঁ**হার রূপা না হইলে অন্তের নিকটে শুনিলেও কেহ বুঝিতে পারে না।
- হয় তার দাসাকুদাস-সঙ্গ—শ্রীচৈতভার রূপা ব্যতীত যথন তাঁহার লীলা বুঝিবার শক্তিই হয় না, তথন তাঁহার দাসাকুদাসের সঙ্গই প্রাথনীয়; কারণ, তাঁহার দাসের রূপা হইলেই তাঁহার রূপা হইতে পারে।
- ৭৩। রক্সার—শ্রেষ্ঠ রক্ত্রয়ন্ধ। প্রীতৈতের শেষলীলাগুলি বহুমূল্য রক্তর্মন্ধ; তাহা স্কর্প-দামোদরের ভাগুরে জমা ছিল। স্বর্ধণ-দামোদর-গোস্বামী তাঁহার ভাগুরে হইতে কতকগুলি লীলারদ্ধ লইয়া তদ্ধারা মালা গাথিয়া রযুনাথ-দাস-গোস্বামীর কণ্ঠে পরাইয়া দিলেন। অর্থাৎ প্রীতৈচতন্তের শেষলীলা সমস্ত স্বরূপ-দামোদরগোস্বামী স্বয়ং প্রত্যক্ষ করিয়াছিলেন; তিনি কুপা করিয়া রযুনাথ-দাস-গোস্বামীকে ঐ সমস্ত লীলা জানাইয়াছিলেন। আমি (গ্রন্থকার) সেই সকল লীলার মধ্যে ঘাহা কিছু শুনিয়াছি, তাহাই এই প্রন্থে বর্ণনা করিয়া ভক্তগণকে উপহার দিলাম। (ইহা দারা গ্রন্থকার কবিরাজ-গোস্বামী বলিতেছেন যে, তিনি যে অস্ত্যলীলা বর্ণন করিতেছেন, তাহা কল্পিত নহে, ইহা প্রত্যক্ষদর্শীর উক্তি)। প্রীমন্মহাপ্রভুর নীলাচল-লীলা রযুনাথদাস-গোস্বামীরও প্রত্যক্ষ দৃষ্ট। স্বর্ধণ-দামোদর তাঁহার কড়চায় প্রভুর শেষলীলা স্ব্রাকারে লিপিবদ্ধ করিয়াছিলেন। তাঁহার অস্তর্ধান-কালে স্বর্ধপানাদর এই কড়চা যে তাঁহার প্রিয় শিশ্য রযুনাথের হস্তে অর্পণ করিয়া গিয়াছিলেন এবং বৃদ্ধানে আসার সময়ে রযুনাথ যে দেই কড়চা সঙ্গে করিয়া আনিয়াছিলেন, তাহার্রই ইন্সিত যেন এই ত্রিপদীতে পাওয়া যায়।

যদি কেহ হেন কহে, গ্রান্থ হৈল শ্লোকময়ে, ইতর জন নারিবে বুঝিতে। প্রভূর যেই আচরণ, স্বেরি করি বর্ণন, সর্ববিভিত্ত নারি আরাধিতে॥ ৭৪

নাহি কাঁহাসো বিরোধ, নাহি কাঁহা অনুরোধ,
সহজ বস্তু করি বিবেচন।
যদি হয় রাগদ্বেষ,
তাহাঁ হয় আবেশ,
সহজ বস্তু না যায় লিখন॥ ৭৫

### গৌর-কূপা-তরক্সিণী টীকা।

98। গ্রন্থ-শ্রীটেতগ্রুচরিতামৃত। ক্লোকময়—যাহাতে অধিক-সংখ্যক সংস্কৃতশ্লোক উদ্ধৃত করা হইয়াছে। ইতর জন—যাহারা সংস্কৃত জানে না।

এই গ্রন্থে বহুসংখ্যক সংশ্বত শ্লোক সন্নিবেশিত করা হইয়াছে; এজন্ম যদি কেহ বলে,—গ্রন্থে এত সংশ্বতশ্লোক দেওয়া হইয়াছে যে, যাহারা সংশ্বত জানেনা, তাহারা কিছুই বুঝিতে পারিবে না। ইহার উত্তরে গ্রন্থকার বলিতেছেন —প্রভুর যেই আচরণ ইত্যাদি—প্রভু যেরূপ যেরূপ আচরণ করিয়াছেন, আমি ঠিক সেইরূপই বর্ণনা করিলাম। তাহাতে যেথানে শ্লোক দেওয়ার দরকার সেখানে তাহাই দিয়াছি; প্রভু নিজে যে সকল শ্লোক বলিয়াছেন, তাহাত দিতেই হইয়াছে। ইহাতে যদি সকলে বুঝিতে না পারেন, তাহা হইলেই বা আমি কি করিব ? আমিত সকলকে সন্তুষ্ট করিতে পারি না ? সকল পাঠকের মনস্তুষ্টির জন্ম সংশ্বত-শ্লোকাদি কম দিতে হইলে, মহাপ্রভুর লীলা স্কুচারুরূপে বর্ণিত হয় না। সর্ব্বহিত্ত নারি আরাধিতে—সকলের মন সন্তুষ্ট করিতে পারি না।

৭৫। কাঁহাসো—কাহারও সহিত। বিরোধ—শক্রতা। কাঁহা অনুরোধ—কাহারও অনুরোধ। সহজবস্ত—প্রকৃত তত্ত্ব; কোনও স্থানে অতিরঞ্জিত করিয়া কিছু বাড়াইয়াও লেখা হয় নাই, কোনও স্থানে বিরুত করার ইচ্ছায় কিছু বাদ দেওয়াও হয় নাই। ঠিক যাহা আছে, বা যাহা হইয়াছে, তাহাই লিখিত হইল।

যাহারা সংস্কৃত জানে না, তাহারা বুঝিতে না পারুক—এই উদ্দেশ্যেই যে এই গ্রন্থে বেশী বেশী সংস্কৃত শ্লোক দেওয়া হইয়াছে, তাহা নহে; কারণ, তাহাদের সহিত আমার কোনও বিরোধও নাই, আর বেশী বেশী শ্লোক দেওয়ার জন্ম আমাকে কেহ অনুরোধও করেন নাই। তবে আমি কেবল সহজ-বস্তুই বর্ণনা করিয়াছি; অর্থাৎ যাহা যেমন যেমন হইয়াছে, তাহা ঠিক তেমন তেমন ভাবেই বিবৃত করিয়াছি, কোনওরূপে অতিরঞ্জিত বা বিরুত করি নাই।

রাগদেষ—রাগ এবং দেষ। রাগ—অন্ধরাগ অর্থাৎ চিত্তরঞ্জনের ইচ্ছা, অপরকে সম্ভুষ্ট করার ইচ্ছা। দেষ— অপরের প্রতি হিংসা বা ঈর্ষ্যা; বিদেষ। কোন কোন প্রান্থে "রাগোদেশ" পাঠ আছে; সেই স্থলে, রাগোদেশ— "রাগরূপ উদ্দেশ্য, অর্থাৎ অন্তকে সন্তুষ্ট করাই যদি উদ্দেশ্য হয়," এইরূপ অর্থ হইবে।

তাহাঁ হয় আবেশ— ঐ রাগে বা ধেষেতে চিত্তের আবেশ হয়, অর্থাৎ অপরের চিত্তরঞ্জনের ইচ্ছা বা অপরের প্রতি বিদ্বেষের ভাবেই মন পূর্ণ থাকে; স্থতরাং মনের স্বাভাবিক নিরপেক্ষ ভাব থাকিতে পারে না। এরূপ অবস্থায়, 'সহজ বস্তু না যায় লিখন'— অর্থাৎ যথায়থ তত্ত্ব ঠিকমত লিখিতে পারা যায় না—তথ্য সত্যের অপলাপ হয়।

যাহারা সংস্কৃত জানে না, তাহারা যেন বুঝিতে পারে, এরূপ ভাবে গ্রন্থ লিখিতে গেলে যে প্রভুর লীলা স্কার্র্র্রেপ লিখিত হইত না, ইহা দেখাইবার জন্ম বলিতেছেন, "যদি হয় রাগদ্বেন" ইত্যাদি, অর্থাৎ যদি কাহারও প্রতি বিদ্যে বশতঃ অথবা কাহারও মনস্কৃত্তির জন্ম কিছু লিখিতে আরম্ভ করা যায়, তাহা হইলে মনের স্বাভাবিক অবস্থা থাকে না; মন যদি বিদ্বেষে পূর্ব থাকে, তবে যার প্রতি বিদ্বেষ থাকে, সে যাহাতে বুঝিতে না পারে, অথবা তার যাহাতে গ্রানি হয়, এরূপ কথাই লিখিত হয়, প্রন্থত তত্ত্ব লেখা যায় না। অথবা, যদি কাহারও মনস্কৃত্তির ইচ্ছাই প্রবল থাকে, তাহা হইলেও লেখকের মনের স্বাভাবিক অবহা থাকে না। যথাযথ ঘটনার একটু এদিক্ ওদিক করিয়া লিখিলে যদি সে সহজে বুঝিতে পারিবে বলিয়া মনে হয়, তবে তথন ঐ ঘটনা একটু এদিক ওদিক করিয়াই লিখিত হয়। এমতাবস্থায়ও হথাযথ তত্ত্ব লিখিতে পারা যায় না অর্থাৎ "সহজ্ব বস্তু না যায় লিখন।"

যেবা নাহি বুঝে কেহো, শুনিতে শুনিতে সেহো,
কি অদুত চৈতগ্যচরিত।
কুষ্ণে উপজিবে প্রীতি, জানিবে রসের রীতি,
শুনিলেই হৈবে বড় হিত ॥৭৬
ভাগবত শ্লোকময়, টীকা তার সংস্কৃত হয়,
তভু কৈছে বুঝে ত্রিভূবন ?
ইহাঁ শ্লোক ছই-চারি, তার ব্যাখ্যা ভাষা করি,
কেনে না বুঝিবে সর্বজন ?॥ ৭৭
শেষলীলার সূত্রগণ, কৈল কিছু বিবরণ,
ইহা বিস্তারিতে চিত্ত হয়।

থাকে যদি আয়ুংশেষ, বিস্তারিব লীলাশেষ,

যদি মহাপ্রভুর কুপা হয়॥ ৭৮

আমি বৃদ্ধ জরাতুর, লিখিতে কাঁপয়ে কর,

মনে কিছু স্মরণ না হয়।

না দেখিয়ে নয়নে, না শুনিয়ে শ্রবণে,

তভু লিখি, এ বড় বিস্ময়॥ ৭৯
এই অন্তালীলা সার, সূত্রমধ্যে বিস্তার,

করি কিছু করিল বর্ণন।

ইহা মধ্যে মরি যবে, বর্ণিতে না পারি তবে,

এই লীলা ভক্তগণ ধন॥৮০

### গৌর-কুপা-তরক্সিণী চীকা।

৭৬। যে বা নাহি বুঝে কৈছ ইত্যাদি—সংস্কৃত জানে না, কিম্বা ভাল লেখাপড়া জানে না, এই গ্রাই যে তাহারা একেবারেই বুঝিতে পারিষে না, এমন নহে। প্রীচৈতভাচরিত্রের এমনই এক অভুত শক্তি আছে যে, যদিও কেছ প্রথমে না বুঝুক, সেও এই গ্রান্থ পড়িতে পড়িতে বা শুনিতে শুনিতে ইহার মর্ম হাদয়সম করিতে পারিষে, রমের রীতি জানিতে পারিষে এবং ক্রমশঃ শীক্তমেও তাঁহার প্রীতি জানিবে। বুঝিবার শক্তি থাকুক আর নাই থাকুক, এই গ্রাহ শুনিলে তাহাতেই তাহার উপকার হইবে। ইহা এই গ্রাহের বস্তুগত-শক্তি। বস্তুশক্তি বুদ্ধিশক্তির অপেকা রাখেনা।

৭৭। এই প্রন্থে বহুদংখ্যক সংশ্বত শ্লোক আছে বলিয়াই যে কেহ বুঝিতে পারিবে না, এমন কথা হইতে পারে না, ইহাই বলিতেছেন—"ভাগবত শ্লোকেময়" ইত্যাদি দ্বারা। শ্রীমদ্ভাগবত সমস্তই সংশ্বত শ্লোকে পরিপূর্ণ, সংশ্বত ব্যতীত তাহাতে দাধারণের বোধগম্য বাঙ্গালা-ভাষা মোটেই নাই। যদি বল টীকার সাহাযু্যু ভাগবত বুঝিবে, তাহাও নয়; কারণ, তাহার টীকাও সংশ্বত-ভাষায় লিখিত, বাঙ্গালা-ভাষায় নহে। তথাপি লোকে ভাগষত বুঝিয়া থাকে। আর এই শ্রীতৈত্যুচরিতামূত ত সম্পূর্ণ সংশ্বত-ভাষায় লিখিত নহে, বাঙ্গালা-ভাষায়ই লিখিত; মধ্যে মধ্যে প্রয়োজনবশতঃ ত্রারিটী সংশ্বত-শ্লোক বসান হইয়াছে মাত্র। আবার যে কয়টী শ্লোক দিয়াছি, আমি (গ্রন্থকার) ত বাঙ্গালা-ভাষায় তাহার অনুবাদও দিয়াছি; তথাপি লোকে ইহা বুঝিতে পারিবে না কেন ?

ভার ব্যাখ্যা ভাষা করি—যে ত্চারিটী শ্লোক দিয়াছি, বাঙ্গালা-ভাষায় তাহার ব্যাখ্যাও দিয়াছি; অর্থাৎ সংষ্কৃত-শ্লোক না বুঝিলেও চলিবে, কারণ বাঙ্গালা-প্যাদিতেই তাহার মর্ম্ম লিখিত হইয়াছে।

৭৮। **ইহা বিস্তারিতে চিত্ত হয়**—শেষ-লীলার যে যে বিষয় এফলে স্ত্রেরপে উল্লেখমাত্র করা হইল, তাহা বিস্তারিতরূপে বর্ণনা করিতে ইচ্ছা হয়।

আয়ুঃশেষ—আয়ুর শেষ (বা অবশেষ); আয়ুর কিছু অবশিষ্ট। থাকে যদি ইত্যাদি—যদি বাঁচিয়া থাকি এবং যদি মহাপ্রভুর রূপা হয়, তাহা হইলে প্রভুর শেষ-লীলা বিস্তৃতরূপে বর্ণনা করিব।

৭৯। বার্দ্ধকারশতঃ কবিরাজ-গোস্বামী যে প্রহু-লিখনে প্রায় অসমর্থই হইয়া পড়িয়াছেন, তাইছি বলিতেছেন। জরাতুর—জরা (বা বার্দ্ধকারশতঃ) আতুর—(কাতর)। মনে কিছু ইত্যাদি—শ্বন-শক্তিও কিছু নষ্ট হইয়াছে। না দেখিয়ে ইত্যাদি—চোখেও দেখি না, কানেও শুনি না। তভু লিখি ইত্যাদি—আমার পক্ষে প্রহু লিখা অসপ্তব; তথাপি যে লিখিতেছি, ইহা বড়ই আশ্চর্যের বিষয়। একমাত্র মহাপ্রভুর রূপা এবং বৈষ্কববর্ণের রূপাতেই এই প্রহু লিখিত হইতেছে—ইহাই ধানি।

৮০। এই অন্তঃলীলা সার েভক গণধন—মহাপ্রভুর অন্তঃলীলা ভক্ত গণের অতি প্রিয় বস্তু; প্রান্থ শেষ

সংক্ষেপে এই সূত্র কৈল, যেই ইহঁ। না লিখিল,
আগে তাহা করিব বিস্তার।

যদি ততদিন জীয়ে, মহাপ্রভুর কুপা হয়ে,
ইচ্ছা ভরি করিব বিচার॥৮১
ছোট বড় ভক্তগণ, বন্দো সভার শ্রীচরণ,
সভে মোর করহ সন্তোষ।

স্বরূপগোসাঞ্রির মত, রূপ রঘুনাথ জানে ঘত,
তাহা লিখি নাহি মোর দোষ॥৮২
শ্রীচৈতগ্য নিত্যানন্দ, অদ্বৈতাদি ভক্তবৃন্দ,
শিরে ধরি সভার চরণ।

স্বরূপ রূপ সনাতন, রযুনাথের প্রীচরণ,

গ্রিল করি মস্তক ভূষণ ॥ ৮৩

পাঞা যার আজ্ঞাধন, বন্দো তার মুখ্য হরিদাস ॥

চৈতভাবিলাস-সিন্ধু- কল্লোলের একবিন্দু,
তার কণা কহে কৃষ্ণদাস ॥ ৮৪

ইতি শ্রীচৈতভাচরিতামতে মধ্যথণ্ডে অন্তালীলাস্ত্র-বর্ণনে প্রেমোন্মাদ-প্রলাপবর্ণনং নাম দ্বিতীয়পরিচ্ছেদঃ ॥

### গৌর-কুপা-তরঙ্গিণী-টীকা।

শা হইতে আমার মৃত্যু হইলে আর বর্ণনা করা হইবে না, এই জন্ম এন্থলেই অস্তালীলার হত্ত করিলাম এবং তন্মধ্যে কিছু কিছু বিস্তার করিয়াও লিখিলাম।

মধ্যলীলার বর্ণন করিতে আরম্ভ করিয়া কেন অস্তালীলার হত্ত বর্ণন করিলেন, এন্থলে তাহার হেতৃ বলা হইল। ৮২। স্বরূপ-গোসাঞির মত ইত্যাদি—এই গ্রন্থে কবিরাজ-গোস্বামী যে নিজের কল্লিত কোনও কথা লেখেন নাই, স্বরূপ-দামোদর যাহা জানিতেন এবং তাঁহার নিকট হইতে শ্রীরূপ-গোস্বামী ও শ্রির্ঘুনাখ-দাস গোস্বামী যাহা জানিয়াহেন, অথবা শ্রীরূপগোস্বামী এবং শ্রীর্ঘুনাথদাস গোস্বামী নিজেরা যাহা যাহা জানেন, মাত্র তাহাই যে এই গ্রন্থে লিখিত হইয়াছে—একথাই গ্রন্থকার বলিতেছেন।

৮৪৭ চৈত্র-বিলাস-সিক্ষু ইত্যাদি—শ্রীচৈতত্ত্বের লীলাকথা একটা বিশাল-সমুদ্র-বিশেষ। এই সমুদ্রে যে তর্ম (চেউ) উথিত হয়, তাহার একবিন্দু লইয়া সেই বিন্দুরও আবার কুদ্র একটী কণিকা মাত্র কৃষ্ণাস-কৰিরাজ-গোস্বামী এই গ্রন্থে বর্ণনা করিয়াত্ত্ব।

**সিস্কু**—সমুদ্র। ক**লোল**—তরঙ্গ, চেউ।